GPTINFRA/CS/SE/2021-22

July 26, 2021

**The Department of Corporate Services,**
BSE Limited,
Phiroze Jeejeebhoy Towers,
Dalal Street
Mumbai – 400001

**National Stock Exchange of India Ltd.,**
Exchange Plaza,
Plot no. C/1, G Block,
Bandra-Kurla Complex, Bandra (E),
Mumbai - 400 051

Dear Sir/Madam,

**Sub. : CLIPPINGS OF NEWSPAPER PUBLICATION - NOTICE OF 41st ANNUAL GENERAL MEETING & E-VOTING AND OTHER RELATED INFORMATION**

**Ref.: Scrip Code – 533761, Scrip ID – GPTINFRA**

We enclose herewith copies of public notice of the 41st Annual General Meeting and E – Voting and other related information, published on 26th July, 2021 in Business Standard all India editions in English language and EKDIN in Bengali language.

Kindly take the aforesaid information on record and oblige.

Thanking you,

Yours faithfully,
For **GPT Infraprojects Limited,**

ANATHA BANDHABA CHAKRABARTTY
Digitally signed by ANATHA BANDHABA CHAKRABARTTY
Date: 2021.07.26 11:41:20 +05'30'

**A B Chakrabartty**
**(Company Secretary)**
Membership No.-F-7184

यूको बैंक UCO BANK

(A Govt. of India Undertaking)
Head Office-II, Department of Information Technology
3 & 4, DD Block, Sector-1, Salt Lake, Kolkata-700 064

**NOTICE INVITING TENDER**

UCO Bank invites Request for Proposal (RFP) and Expression of Interest (EOI) for the following:

1. **Expression for interest (EOI) for Empanelment of FinTech Companies.**
2. **Request for Proposal (RFP) for Engagement of Training Partner for Mobile Application Development.**

For any details, please refer to **https://www.ucobank.com**.

**Date : 26.07.2021** **Deputy General Manager (DIT, BPR & BTD)**

**Honours your Trust**



**Before Debts Recovery Tribunal-II, Delhi**
**4th Floor, Jeevan Tara Building, Parliament Street, New Delhi-110001**

**O.A. No. 247/19** **Dt. 25-06-2021**
**Bank of Baroda** **Applicant**
**Versus**
**M/s Good Luck Carbon Pvt. Ltd. & ORS.** **Respondent**

**To,**
**Defendant**

1. **M/s Goodluck Carbon Pvt. Ltd.,** 303, Rohit House Tolstoy Marg Connaught Place New Delhi – 01 Through Its Directors
C. Sh. S.K. Palta S/o Sh. Ramji Das Palta
D. Sh. Tejinder Singh Cheema S/o Late Sh. Prof. M.S. Cheema
2. **Sh. S.K. Palta S/o Sh. Ramji Das Palta,** R/o House No. 1219 Sect.-15B Chandigarh
3. **Sh. Tejinder Singh Cheema S/o Late Sh. Prof. M.S. Cheema,** R/o 178-R, Model Town Ludhiana
4. **Sh. Rajender Kumar Pahwa S/o Sh. Dant Parkash Pahwa,** R/o 45, Chadha Farm Khasra No. 1888 & 1890 Bandh Road Chattarpur New Delhi
5. **M/s Professional People Pvt. Ltd.,** 1307/1, Shree Annapurna Bhawan Old Court Road, Civil Lines Ludhiana
6. **M/s Plus One Planners Pvt. Ltd.,** 476, Urban Estate Phase -I, Dugri Ludhiana
7. **Ms. Andaj Johar D/o Sh. Ajay Johar,** 16-R Model Town Ludhiana
8. **Mrs. Radhika Kirpal W/o Sh. Aman Kirpal,** R/o 1-F, Shaeed Bhaght Singh Nagar, Ludhiana
9. **Punjab National Bank,** Chandigarh Road, Ludhiana
10 **Canara Bank,** H-54, Connaught Circus New Delhi-01
11. **Vijaya Bank,** Chandni Chowk, Delhi

Whereas the above named applicant(s) has / have instituted a case for recovery of **Rs. 21,63,88,143/- (Rs Twenty One Crore Sixty Three Lakh Eighty Eight Thousand One Hundred Forty Three Only)** against you and where as it has been shown to the satisfaction of the Tribunal that it is not possible to serve you in the ordinary way therefore, this notice is given by advertisement directing you to make appearance in the Tribunal on **12-08-2021 at 10.30 A.M.**

Take notice that in default of your appearance on the day before the mentioned, the case will be heard and determined in your absence.

**By order of the Tribunal**
**Assistant Registrar**
**DRT-II, Delhi**



**Public Notice**

Plot No K-3/24 DLF Phase 2, DLF City Gurgoan was registered in the names of Late Mrs. Kamini G Ahluwalia W/O Late Mr. Surinder Singh Ahluwalia who expired on 02.09.2016 & Ms. Jessica Ahluwalia D/O Late Surinder Singh Ahluwalia R/o_K-3/24 DLF Phase 2, DLF City Gurgoan. The said captioned plot was gifted to my mother Late Mrs Kamini G Ahluwalia via giftdeed dated 04.07.2000. Mrs Jessica Dick (Married name) is the only legal heir and her name therefore is being noted in DLF's record in respect of the captioned plot. If anybody has any objection to this he or she may approach Ms/ DLF Ltd or the undersigned within 21 days of publication of this notice.

Sd/-
Jessica Dick
K-3/24 DLF Phase 2, DLF City Gurgaon



**FORM NO. NCLT-3A**
**ADVERTISEMENT DETAILING PETITION (PURSUANT TO RULE 35 OF NATIONAL COMPANY LAW TRIBUNAL RULES, 2016)**
**BEFORE THE NATIONAL COMPANY LAW TRIBUNAL, NEW DELHI**
**Company Petition No.** (CAA)/71/2021
Connected with
**Company Application No.** CA(CAA)-57/ND/2021

In the matter of Section 230 to 232 and other applicable provisions of the Companies Act, 2013 read with Companies (Compromises, Arrangements and Amalgamations) Rules, 2016

And

In the matter of the Scheme of Amalgamation between

**MKG INDUSTRIES PRIVATE LIMITED**
CIN: U74899DL1988PTC034293
Company registered under the Companies Act, 1956 and having its registered office at A-4, 4th Floor, Swasthya Vihar, Vikas Marg, Opp. Metro Pillar No. 77 Delhi East, New Delhi-110092
**Petitioner Company No. 1/ Transferor Company**

**AND**

**SUPREME POLYPROPOLENE PRIVATE LIMITED**
CIN: U74899DL1993PTC056706
Company registered under the Companies Act, 1956 and having its registered office at 5-A/12, Ansari Road, Darya Ganj, New Delhi-110002
**Petitioner Company No. 2/ Transferee Company**

**AND**

**Their respective shareholders and creditors**

**NOTICE OF PETITION**

A petition under section 230 to 232 of the Companies Act, 2013, for obtaining sanction of the scheme of Amalgamation was presented by the petitioner companies on the 2nd day of July, 2021 and the said petition is fixed for hearing before New Delhi bench of National Company Law Tribunal on 09th September 2021.

Any person desirous of supporting or opposing the said petition should send to the petitioner's advocate, petitioner's authorised representative, notice of his intention, signed by him or his advocate, with his name and address, so as to reach the petitioner's authorised representative not later than two days before the date fixed for the hearing of the Petition. Where he/she seeks to oppose the petition, the grounds of opposition or a copy of his affidavit shall be furnished with such notice. A copy of the petition will be furnished by the undersigned to any person requiring the same on payment of the prescribed charges for the same.

Sd/-
Dated : 26.07.2021 (Abhishek Nahta)
Practising Chartered Accountant
Authorised Representative for the Petitioners
Address: R-46, Lower Ground Floor, Greater Kailash-1, New Delhi-110048



**SBI STATE BANK OF INDIA, Stressed Assets Management Branch-II,**
11th Floor, Jawahar Vyapar Bhawan, 1 - Tolstoy Marg, New Delhi -110001, E mail id : sbi.50950@sbi.co.in, Ph. : 01123701208,1209

**E-Auction Sale Notice**

APPENDIX- IV-A"[See proviso to rule 8(6) Sale Notice for sale of Immovable Properties

E-Auction Sale notice for sale of immovable Assets under the Securitization and Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002 read with proviso to Rule 8(6) of Security Interest(Enforcement) Rules, 2002

Notice is hereby given to public in general and in particular to the Borrower(s) and Guarantor(s) that below mentioned immovable properties mortgaged/charged to Secured Creditors the **Symbolic** possession mentioned below of which has been taken by Authorised Officer of SBI , will be sold on "as is where is basis" and "as is what is basis" , and "Whatever there is" basis on **04.09.2021,** for recovery of amount as mentioned below, due to the Secured Creditor from Borrowers, Guarantors and Mortgagors. The reserve price is mentioned below and the earnest money to be deposited is mentioned respectively.

| Name of Borrower (B) /Guarantor/s (G) / Corporate Guarantor/s (CG) with address/es | Address of Security charged covered under Auction | Reserve Price(RP) / EMD Amount 10% of The Reserve Price / Incremental Amount | Outstanding Dues for recovery of which properties are being sold | Date / Time of on - site Inspection of Property with name of Authorized Officer | Date & Time of E-Auction with auto extensions of 10 minutes each |
|---|---|---|---|---|---|
| **M/s Alupan Composite Panels Pvt Ltd** (Under Liquidation), 7D, Hansalya Bulding, 15, Barakhamba Road, New Delhi-110001. **Guarantors: Mr. Vinod Kumar Garg, Mr Vijay Kumar Garg, Mr Nitin Garg, Late Mr. Lokesh Kumar Garg, Mr Mayank Garg, Mr. Mukesh Garg, Ms. Sonal Garg & Ms. Rekha Garg** all residing at ND 27, Pitampura, Delhi 110034 and also at A-295, Sushant Lok, Phase –I, Gurgaon – 122009. **Corporate Guarantor: M/s Veekay Polycoats Ltd (under CIRP),** 7D, Hansalya Building, 15, Barakhamba Road, New Delhi-110001. | Half Share of built up Shop No. 10685, Now Numbered 10685/1, situated at Ward No. XV, Chowk Singhara, Nabi Karim, Jhandewalan Road, Pahar Ganj, New Delhi- 110055 admeasuring 46 sq. Yards in the name of Late Mr. Lokesh Kumar Garg, Guarantor (Legal Heirs*- Ms. Sonal Garg & Mr. Hardik Garg).<br>*As per our record, this notice is served to these legal heirs. In case there is any other legal heir, this notice is served to him/her also and is requested to inform the Authorised Officer regarding his/ her status of legal heir. | ₹ 303.00 Lakh<br>₹ 30.30 Lakh<br>₹ 1.00 Lakh | Rs. 26,34,40,260.24 as on 05/07/2017 (SBI) & 31/03/2017 (Bank of Baroda) with future interest at the contractual rates on the aforesaid amount together with all incidental expenses, costs, charges, etc | 27-08-2021<br>11.30 AM to 2.00 PM<br>Authorised Officer : Sh. Vikash Kumar<br>Mob.: 9560383344 | 04-09-2021<br>From 11.00 AM to 12.00 Noon with unlimited extensions of 10 Minutes each. |

**LAST DATE & TIME OF SUBMISSION OF EMD & DOCUMENTS (ON-LINE) IS 02.09.2021 UPTO 4 P.M.**
**LAST DATE & TIME OF SUBMISSION DOCUMENTS (HARD COPY) IS 02.09.2021 UPTO 4 P.M.**

The intending purchasers / bidders are required to deposit EMD amount either through NEFT / RTGS in the Account No. 65156762491, in name of the beneficiary the Authorised Officer, State Bank of India, SAM Branch-II, New Delhi, IFSC Code: SBIN0017891 or by way of demand draft drawn in favor of State Bank of India, SAM Branch-II, New Delhi drawn on any Nationalized or Scheduled Bank.

**TERMS AND CONDITIONS OF THE E-AUCTION ARE AS UNDER:**

1. E-Auction is being held on "AS **IS WHERE IS"** and **"AS IS WHAT IS BASIS"** and **"Whatever there is"** will be conducted "On Line". The auction will be conducted through the Bank's approved service provider **M/S C1India Pvt. Ltd.,** Helpline numbers 0124-4302020 to24 **Sh. Vinod Kumar 9813887931** at web portal **https://www.bankeauctions.com and https://www.sbi.co.in.**
2. To the best of knowledge and information of the Authorised Officer, there is no encumbrance on the property/ies. However, the intending bidders should make their own independent inquiries regarding the encumbrances, title of property/ies put on auction and claims/ rights/ dues/ affecting the property, prior to submitting their bid. The e-Auction advertisement does not constitute and will not be deemed to constitute any commitment or any representation of the bank. The property is being sold with all the existing and future encumbrances whether known or unknown to the bank. The Authorised Officer/ Secured Creditor shall not be responsible in any way for any third party claims/ rights/ dues.
3. The Earnest Money Deposit (EMD) of the successful bidder shall be retained towards part sale consideration and the EMD of unsuccessful bidders shall be refunded. The Earnest Money Deposit shall not bear any interest. The successful bidder shall have to deposit 25% of the sale price, immediately on acceptance of bid price by the Authorised Officer and the balance of the sale price on or before 15th day of sale. Default in deposit of amount by the successful bidder would entail forfeiture of the whole money, already deposited and property shall be put to re-auction and the defaulting bidder shall have no claim/ right in respect of property/ amount.
4. The sale shall be subject to rules/conditions prescribed under the Securitization and Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002
5. **It shall be the responsibility of the interested bidders to inspect and satisfy themselves about the property before submission of the bid. Bank wants to invite bids from genuine bidders only. In case any bidder submits EMD money and subsequently does'nt participate in e-Auction, such EMD shall be forfeited by the bank.**
6. For detailed terms and conditions of the sale, please refer to the link at the web portal **https://www.sbi.co.in/portal/web/home and https://www.bankeauctions.com**

**Date : 26-07-2021, Place : New Delhi** **Sd/- Authorised Officer, State Bank of India**



यूनियन बैंक Union Bank of India

(**Branch: Asset Recovery Management Branch**, 101-110, First Floor, Anukampa Tower, Church Road, Jaipur-302001(Raj) Website Address: - HTTP://WWW.UNIONBANKOFINDIA.CO.IN E-MAIL:- arbjaipur@unionbankofindia.com )

**Sale Notice For Sale Of Immovable Property [see Proviso To Rule 8(6)]**

**E Auction Sale Notice for Sale of Immovable Assets under the Securitisation and Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act 2002 read with provision to Rule 8 (6) of Security Interest (Enforcement) Rules, 2002.**

Notice is hereby given to the public in general and in particular to the Borrower/s and Guarantor/s, that the below described immovable property mortgaged to Secured Creditor, the possession of which has been taken by the Authorised Officer of Union Bank of India, Secured Creditor, will be sold on **"AS IS WHERE IS", "AS IS WHAT IS", "WHATEVER THERE IS"** basis on **10.08.2021** between 11.00 AM to 04.00 PM for recovery of **Rs.6,48,59,922/-** (Rupees Six Crore fourty eight lakh fifty nine thousand nine hundred twenty two Only) as on 01.10.2018 and future interest, charges and other expenses due to the **Union Bank of India, ARMB Branch Jaipur,** Secured Creditor from **Borrower- (a) M/s Sonal Filling Station (through properietor Mrs. Anchal Dutt Sharma)** Gangapur Karauli Road, Jat Baroda Gangapur City Distt. Sawaimadhopur (Raj.) 322201, **(b) M/s BDS Petro Service (through properietor Mrs. Deepti Sharma)** Gangapur City By Pass Udai Kalan, Karauli, Jat Baroda Gangapur City, Distt. Sawaimadhopur (Raj.) 322201, **Guarantor- (a) Mrs. Anchal Dutt Sharma W/o Mr. Sunil Dutt Sharma, (b) Mrs. Deepti Sharma W/o Mr. Saurav Dutt Sharma, (c) Mrs. Pramila Sharma W/o Mr. Shriniwasan Sharma, (d) Mr. Sunil Dutt Sharma S/o Mr. Shriniwasan Sharma, All at:** At: House Sunil Niwas. Kachhari Road (Court Road) Gangapur City. District Sawaimadhopur Rajasthan 322201**, (e) Mr. Saurav Dutt Sharma S/o Mr. Sunil Dutt Sharma,** At: First Floor, 90 Patel Nagar Mansarovar Jaipur Rajasthan 302020. Last Date & Time of **Bid Submission: On or before 09.08.2021 before 04:00 PM. Bid Increment Value- Rs. 20,000/- (Twenty Thousand Only).**
**Date & Time of Inspection of Property: 06.08.2021** Time: 11:00 AM to 4:00 PM

**(SHORT DESCRIPTION OF PROPERTIES)**

**Property No. 1:** Industrial Property Situated at Khasra No. 684, Revenue Village Jat Baroda Gram Panchayat Khanpur Baroda, Tehsil- Gangapur City, Distt. Sawai Madhopur, Rajasthan (admeasuring 3500.00 Sq Mtr). bounded as under: On the North: Other Land, On the South: Govt Road Karauli Road, On the East: Nala, On the West: Stopped Petrol Pump Land. **Date & Time of E-Auctlon: 10/08/2021, from 11 AM to 04.00 PM**
**Reserve Price Rs. 1,09,80,000/- , Earnest money to be deposited Rs. 10,98,000/-.**
**Property No. 2:** Commercial Property M/s Sonal Filling Station, Situated at Khasra No. 684, Revenue Village Jat Baroda Gram Panchayat Khanpur Baroda, Tehsil- Gangapur City, Distt. Sawai Madhopur, Rajasthan (admeasuring 1600.00 Sq Mtr). bounded as under: On the North: Self Owned Land, On the South: Govt Road, On the East: Self Owned Land, On the West: Self Owned Land. **Date & Time of E-Auctlon: 10/08/2021, from 11 AM to 04.00 PM**
**Reserve Price Rs. 1,07,10,000/-, Earnest money to be deposited Rs.10,71,000/-.**

**Encumbrances known to the Secured Creditor, if any : Not Known to the Bank**

E Auction Agent Details: The Online E-Auction will be held through web portal/website **www.mstcecommerce.com** on the date and time mentioned above with unlimited extension of 10 minutes. The intending bidders / purchasers required to register through **https://www.mstcecommerce.com/auctionhome/ibapi/index.jsp** by using their mobile number and valid email-id. They are further required to upload KYC documents and Bank Details. For Registration related queries e-mail to **ibapiop@mstcecommerce.com**. For EMD payment/refund related queries e-mail to **ibapifin@mstcecommerce.com**.
Bidders are advised to go through the website **https://www.ibapi.in**, and www.unionbankofindia.co.in tenders for detailed terms and conditions of E-Auction.
This notice also is treated as notice U/R 8(6) & proviso to R 9(1) of Security Interest (Enforcement) Rules, 2002 to the borrower/s and guarantor/s of the said loan about the holding of E-Auction Sale of the above said properties on the above mentioned date.

**Date: 24.07.2021 Place: Jaipur** **Authorised Officer, For Union Bank of India**



**EICHER**

**EICHER MOTORS LIMITED**

**CIN :** L34102DL1982PLC129877
**Registered Office:** 3rd Floor-Select Citywalk, A-3 District Centre, Saket, New Delhi - 110017
**Corporate Office:** #96, Sector 32, Gurugram - 122001, Haryana
**Telephone**: +91 124 4415600
**Email:** investors@eichermotors.com
**Website:** www.eichermotors.com

**NOTICE OF 39TH ANNUAL GENERAL MEETING**

Notice is hereby given that 39th Annual General Meeting (AGM) of members of Eicher Motors Limited (the Company) is scheduled to be held on Tuesday, August 17, 2021 at 1.00 P.M. IST through Video Conferencing (VC) facility in view of the continuing COVID-19 pandemic and in compliance with applicable provisions of the Companies Act, 2013, rules framed thereunder, SEBI (LODR) Regulations, 2015, read with circulars issued by MCA and SEBI in this regard, to transact the business items as set out in the notice of the AGM.

The Company has on Saturday, July 24, 2021, completed sending emails through National Securities Depository Limited (NSDL) containing notice of 39th AGM along with Integrated Annual Report for financial year ended March 31, 2021 to members whose email IDs are registered with the Company or Depositories.

The Company is pleased to provide its members the facility to exercise their right to vote on the business items as set out in the notice of the AGM from any place ("remote e-voting"), through electronic voting system of NSDL. Members of the Company, holding shares either in physical form or in dematerialized form, as on the cut-off date of August 10, 2021, may cast their vote by remote e-voting/e-voting at the AGM. Instructions & manner of casting vote through remote e-voting/e-voting at AGM including by members who are holding shares in physical form or have not registered their email ids, is provided in notice of the AGM. The remote e-voting period commences on August 14, 2021 (9:00 A.M. IST) and ends on August 16, 2021 (5:00 P.M. IST). The remote e-voting module shall be disabled by NSDL for voting thereafter and remote e-voting shall not be allowed beyond said date and time. The facility for e-voting at AGM shall also be made available on the day of e-AGM i.e. on August 17, 2021. The members who have not cast their votes through remote e-voting can cast their vote at e-AGM. A member may participate in the e-AGM even after exercising his right to vote through remote e-voting but shall not be allowed to vote again at the AGM.

Any person, who acquires shares of the Company and becomes member of the Company after sending of the notice and holding shares as of the cut-off date i.e. August 10, 2021, may obtain the login ID and password by sending a request at **evoting@nsdl.co.in** and **investors@eichermotors.com**. However, if a member is already registered with NSDL e-services i.e. IDEAS, he can log-in at **https://eservices.nsdl.com**/ with his existing IDEAS login. If the member forgets his password, he can reset his password by using instructions for remote e-voting contained in the AGM notice.

Members who have not registered their email ids/bank account details, are requested to visit **https://linkintime.co.in/emailreg/email_register.html** portal of Link Intime India Pvt. Ltd., Registrar & Share Transfer Agent of the Company and update their details and those holding shares in demat form are requested to contact their respective Depository Participant (DP) and follow the process advised by DP.

In case of any queries relating to voting by electronic means, please refer the Frequently Asked Questions (FAQs) for members and e-voting user manual for members available at the download section of **https://www.evoting.nsdl.com** or contact NSDL at the toll free no.: 1800 102 0990 or send a request at **evoting@nsdl.co.in**. For any grievances relating to voting by electronic means, members may contact Ms. Soni Singh, Assistant Manager, NSDL Trade World, A wing, 4th Floor, Kamala Mills Compound, Lower Parel, Mumbai – 400013 at **evoting@nsdl.co.in** or at telephonic number 1800 22 4430.

The aforesaid Notice of 39th AGM and Integrated Annual Report for the financial year 2020-21 are also available on the website of the Company i.e. at **www.eichermotors.com**, website of stock exchanges i.e. BSE and NSE at **www.bseindia.com** and **www.nseindia.com** respectively and Notice is also available on the website of NSDL at **www.evoting.nsdl.com**. The above information is also available on Company's website and website of stock exchanges.

For **Eicher Motors Limited**
Sd/-
**Manhar Kapoor**
**General Counsel &**
**Company Secretary**

**Date** : July 25, 2021
**Place** : Gurugram, Haryana



GPT group

**GPT INFRAPROJECTS LIMITED**
(CIN - L20103WB1980PLC032872)
Regd. Office: GPT Centre, JC-25, Sector - III, Salt Lake, Kolkata -700106; West Bengal (India); Tel : +91-33-4050-7000; Fax : +91-33-4050-7999
Visit us: www.gptinfra.in; Email: gil.cosec@gptgroup.co.in

**NOTICE OF 41st ANNUAL GENERAL MEETING AND E-VOTING INFORMATION**

Notice is hereby given that the 41st Annual General Meeting (AGM) of Members of the Company will be held on **Thursday, the 19th Day of August, 2021** at 03.00 P.M. through Video Conferencing ("VC"), to transact the business as set forth in the Notice calling the AGM.

The Notice of AGM and Annual Report for the financial year 2020-21 have been sent only in electronic mode on July, 24, 2021, to members whose e-mail ids are registered with the Company or the Depository Participant(s).

The Annual Report and Notice of AGM are available on the Company's website at www.gptinfra.in and on the website of the Stock Exchanges and on the website of RTA at https://instavote.linkintime.co.in. The documents pertaining to the items of business to be transacted in the AGM shall be available for inspection electronically up to the date of AGM.

**Instructions for Remote e-voting and e – Voting during AGM**

The Company is providing remote e-voting facility to all its Members to cast their votes on all resolutions set out in the Notice of the AGM. Additionally, the Company is providing the facility of voting through e-voting system during the AGM. Detailed procedure for remote e-voting/ e-voting is provided in the Notice of the AGM as well as in the email sent to the Members by RTA .

The remote e-voting period will commence at 9.00 a.m on Monday, 16th August, 2021 and will end at 5.00 p.m. on Wednesday, 18th August, 2021. The remote e-voting module shall be disabled thereafter.

A person whose name is recorded in the Register of Members or in the Register of Beneficial Owners maintained by the Depositories as on Thursday, 12th August, 2021 (cut-off date) only shall be entitled to cast their vote through e-voting at https://instavote.linkintime.co.in or participation and voting at the AGM.

All the members are hereby informed that the Ordinary and Special business, as set out in Notice of 41st AGM will be transacted through voting by electronic means only.

Members, who have acquired shares of the company after dispatch of the Notice and holding shares as of the cut-off date, may obtain the login ID and password in the manner provided in the Notice of AGM or by sending a request at enotices@linkintime.co.in or gil.cosec@gptgroup.co.in.

Members participating the AGM who have not casted their vote by remote e-voting shall be eligible to cast their vote during the AGM. Members who have voted by remote e-voting shall be eligible to participate the AGM but shall not be entitled to cast their vote again.

In case shareholders have any queries regarding login/ e-voting, they may send an email to enotices@linkintime.co.in or contact on: - Tel: 022-4918 6000. Alternatively, members may also write to the Company Secretary at the email ID, gil.cosec@gptgroup.co.in or Tel. 033 4050 7000.

**For GPT Infraprojects Limited**
**Sd/-**
**A.B.Chakrabartty**
**(Company Secretary)**
**Membership No. F-7184**

Place : Kolkata
Date : 24.07.2021



# ITC Limited

**Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the Quarter ended 30th June, 2021**

(₹ in Crores)

| Sl. No. | Particulars | Standalone: 3 Months ended 30.06.2021 | Standalone: Twelve Months ended 31.03.2021 | Standalone: Corresponding 3 Months ended 30.06.2020 | Consolidated: 3 Months ended 30.06.2021 | Consolidated: Twelve Months ended 31.03.2021 | Consolidated: Corresponding 3 Months ended 30.06.2020 |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 13388.14 | 51775.53 | 10398.57 | 14687.80 | 55787.68 | 11403.59 |
| 2 | Net Profit / (Loss) for the period (before tax and Exceptional items) | 4015.35 | 17164.15 | 3128.43 | 4467.31 | 17945.09 | 3435.88 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional items) | 4015.35 | 17164.15 | 3128.43 | 4467.31 | 17945.09 | 3435.88 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional items) | 3013.49 | 13031.64 | 2342.76 | 3344.15 | 13382.88 | 2562.73 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 3190.12 | 13277.89 | 2337.03 | 3577.97 | 13589.79 | 2576.16 |
| 6 | Equity Share Capital | 1230.88 | 1230.88 | 1229.22 | 1230.88 | 1230.88 | 1229.22 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) | | 57773.70 | | | 59116.46 | |
| 8 | Earnings Per Share (of ₹ 1/- each) (not annualised): | | | | | | |
| | 1. Basic (₹): | 2.45 | 10.59 | 1.91 | 2.66 | 10.70 | 2.04 |
| | 2. Diluted (₹): | 2.45 | 10.59 | 1.91 | 2.66 | 10.70 | 2.04 |

Note:

a) The above is an extract of the detailed format of the Statements of Unaudited Standalone and Consolidated Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The Unaudited Financial Results and this extract were reviewed by the Audit Committee and approved by the Board of Directors of the Company at the meeting held on 24th July, 2021. The full format of the Statements of Unaudited Standalone and Consolidated Financial Results are available on the Company's website (www.itcportal.com) and on the websites of the National Stock Exchange of India Limited (www.nseindia.com), BSE Limited (www.bseindia.com) and The Calcutta Stock Exchange Limited (www.cse-india.com).

b) The Limited Review, as required under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, has been completed and the related Reports have been forwarded to the Stock Exchanges. These Reports do not have any impact on the above 'Results and Notes' for the Quarter ended 30th June, 2021 which needs to be explained.

Registered Office:
Virginia House, 37 J.L. Nehru Road,
Kolkata 700 071, India
Dated: 24th July, 2021
Place: Kolkata, India

For and on behalf of the Board

Sd/- Director

Sd/- Chairman & Managing Director

Website: www.itcportal.com | E-mail: enduringvalue@itc.in
Phone: +91-33-2288 9371 | Fax: +91-33-2288 0655 | CIN: L16005WB1910PLC001985

Enduring Value

FMCG | Hotels | Paperboards & Packaging | Agri Business | Information Technology

4070.2021

NARSINGHA

# একদিন

এগিয়ে চলার সঙ্গী





৮ ২৮ মিনিটেই দ্বিতীয় রাউন্ডে সিন্ধু

ধোনি-রোহিতের যুদ্ধ দিয়েই শুরু আইপিএল! ৮

ই-পেপার www.ekdin-epaper.com | কলকাতা ২৬ জুলাই ২০২১ ৯ শ্রাবণ ১৪২৮ সোমবার পঞ্চদশ বর্ষ ৪৬ সংখ্যা ৮ পাতা ৩ টাকা | Ekdin 26.07.2021, Vol. 15, Issue No. 46, 8 pages, Kolkata

# ‘আজাদি কা অমৃত মহোৎসব’ পালনের ডাক প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ২৫ জুলাই:** ভারতের স্বাধীনতার ৭৫-তম বছরে পা রাখার আগে ‘রাষ্ট্রগান’ পোর্টাল চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ১৫ অগস্টের আগে দেশবাসীর কাছে জাতীয় সংগীত গাওয়ার ক্ষেত্রে রেকর্ড গড়ারও আবেদন করেছেন তিনি।

রবিবার নিজের রেডিও অনুষ্ঠান ‘মন কি বাত’-এ এই কথা জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, ‘স্বাধীনতার ৭৫ তম বছরে পা রাখতে চলেছি আমরা। সেই উপলক্ষে ‘আজাদি কা অমৃত মহোৎসব’ পালন করবে কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক। এই উৎসবের মধ্যেই রাষ্ট্রগানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তার জন্য ‘রাষ্ট্রগান ডট ইন’ নামের একটি পোর্টাল চালু করা হয়েছে। এখানে সবাই জাতীয় সংগীত গাওয়ার ভিডিও রেকর্ড করে পাঠাতে পারবেন। আসুন আমরা ৭৫ লক্ষের বেশি ভিডিওর লক্ষমাত্রা নিই।’

মোদি আরও বলেন, ‘এই ওয়েবসাইটের মাধ্যমে এই প্রচারের সঙ্গে আমরা যুক্ত হতে পারি। আমরা ভাগ্যবান যে দেশের ৭৫ তম স্বাধীনতা দিবসের সাক্ষী থাকতে পারব। আমরা সবাই এই দিনটি উদ্যাপন করব। আগামী বছর ১২ মার্চ থেকে আমদাবাদের সবরমতী আশ্রমে এই উৎসবের সূচনা হবে।’

এ দিনের অনুষ্ঠানের শুরুতেই তিনি টোকিও অলিম্পিকে ভারতের দুর্দান্ত সূচনার কথা উল্লেখ করে সকলের কাছে ভারতীয় দলকে সমর্থন করার অনুরোধ জানান। অনুষ্ঠানের সূচনাতেই প্রধানমন্ত্রী ‘ভিকট্রি পাঞ্চ’ কর্মসূচির ঘোষণা করেন, যেখানে ভারতীয় অলিম্পিক দলকে সোশ্যাল মিডিয়ায় সমর্থন জানানোর কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, ‘আমাদের অলিম্পিক দলকে সোশ্যাল মিডিয়ায় সমর্থন জানানোর জন্য ইতিমধ্যেই ভিকট্রি পাঞ্চ ক্যাম্পেন শুরু হয়েছে। আপনারাও নিজেদের দলের সঙ্গে ভিকট্রি পাঞ্চ শেয়ার করুন ও ভারতকে সমর্থন করুন।’



## চারদিনের কাশ্মীর সফরে রাষ্ট্রপতি



**শ্রীনগর, ২৫ জুলাই:** চার দিনের জম্মু ও কাশ্মীর এবং লাদাখ সফরে রবিবার সেখানে গিয়ে পৌঁছলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। সূত্রের খবর, এদিন সকাল ১১টা ১৫ মিনিট নাগাদ শ্রীনগর বিমানবন্দরে পৌঁছন কোবিন্দ। সেখানে তাঁকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিন্‌হা, পুলিশ ও প্রশাসনিক আধিকারিকরা।

২৫ থেকে ২৮ জুলাইয়ের মধ্যেকার এই সফরে কোবিন্দ লাদাখের দ্রাসে গিয়ে ১৯৯৯ সালে কার্গিলে শহিদ ভারতীয় জওয়ানদের প্রতি শ্রদ্ধা জানাবেন। এদিন সেখানে কার্গিল বিজয় দিবসের ২২ বছর পূর্তি পালন করা হবে। এর আগে ২০১৯ সালে খারাপ আবহাওয়া থাকার কারণে রাষ্ট্রপতি দ্রাসে যেতে পারেননি। পরিবর্তে বাদামিবাগে সেনার ১৫ কর্পসের প্রধান কার্যালয়ে শহিদ বেদিতে মাল্যদান করেছিলেন। মঙ্গলবার কাশ্মীর বিশ্ববিদ্যালয়ের ১৯তম সমাবর্তনে অংশগ্রহণ করে ভাষণ দেবেন।

## খতম জঙ্গি

**শ্রীনগর, ২৫ জুলাই:** জঙ্গিদের লুকিয়ে থাকার খবর পেয়ে রবিবার সকালে একটি অপারেশন শুরু করে যৌথবাহিনী। কুলগামের মুন্নাদ এলাকায় জেহাদিদের আত্মগোপন করে থাকার খবর পেয়ে এলাকা ঘিরে ফেলে বাহিনী। বেশ কয়েক ঘণ্টা গুলির লড়াইয়ের পর এক জঙ্গির মৃত্যুর খবর মিলেছে। এলাকা ঘিরে রেখে চলে তল্লাশি অভিযান। মৃত জঙ্গির নাম, পরিচয় এখনও জানা যায়নি। সবমিলিয়ে গত ২৪ ঘণ্টায় ফের বড় সাফল্য পেল কাশ্মীরের যৌথবাহিনী।



# হিমাচলে ধস নেমে ভাঙল সেতু, মৃত্যু ৯ পর্যটকের

**ধরমশালা, ২৫ জুলাই:** হিমাচল প্রদেশের কিন্নরে ভয়াবহ ভূমিধস। মৃত্যু হয়েছে অন্তত ন’জন পর্যটকের। আহত হয়েছেন আরও তিন জন। আহতদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কিন্নরের পুলিশ সুপার রাজু রাম রানা জানিয়েছেন, ‘মৃত ও আহতরা প্রত্যেকেই পর্যটক। ভূমিধসের সময় তাঁরা সেতুর কাছে গাড়ির মধ্যে ছিলেন। সেখানেই ধাক্কা মারে বোল্ডারগুলি। আহতদের সঙ্গে সঙ্গে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। বোল্ডারের ধাক্কায় বাতসেরি সেতু সম্পূর্ণ ভেঙে গিয়েছে।’


এই ঘটনার একটি ভিডিও প্রকাশ হয়েছে সোশ্যাল মিডিয়ায়। সেখানে দেখা যাচ্ছে, পাহাড়ের উপর থেকে গড়িয়ে পড়ছে অসংখ্য বড় বড় পাথর। সেগুলি এসে নীচে একটি সেতুতে ধাক্কা মারে। এ ছাড়া সেতুর পাশে থাকা গাড়িগুলিতেও ধাক্কা মারে পাথরগুলো। আশপাশে থাকা অনেককেই ভয় পেয়ে পালাতে দেখা যায় ভিডিওতে।

ভূমিধসের পরে ঘটনাস্থলে যায় চিকিৎসকদের একটি দল। সঙ্গে ছিল পুলিশও। আগামী কয়েক দিন হিমাচল প্রদেশে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে মৌসম ভবন। সেই পূর্বাভাস মেনে সতর্কতাও জারি করে প্রশাসন। যদিও তার মধ্যেই এই দুর্ঘটনা ঘটল সেখানে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ঘটনায় শোকপ্রকাশ করেছেন। তিনি আরও জানিয়েছেন, মৃতদের ২ লক্ষ টাকা করে ও আহতদের ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্য করবে কেন্দ্রীয় সরকার।

# দিল্লি রওনার আগে আজ মন্ত্রিসভার বৈঠক মমতার

**নিজস্ব প্রতিবেদন:** বেশ কিছু রাজনৈতিক কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস প্রধান মমতা বন্দ্যোপাধ্যায় সোমবার চার দিনের সফরে দিল্লি যাচ্ছেন। এই দিন দুপুরে কলকাতা থেকে রওনা হওয়ার আগে তিনি নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে অংশ নেবেন বলে জানা গিয়েছে। দিল্লি পৌঁছে আগামী লোকসভা নির্বাচনের আগে সন্ধ্যায় বঙ্গভবনে তিনি বিজেপি বিরোধী বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে বৈঠক করবেন। তার এই সফরে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গেও দেখা করবেন বলে জানিয়েছেন। এ ছাড়াও দলের সংসদীয় কমিটির চেয়ারম্যান হিসেবে চলতি বাদল অধিবেশনে দলের ভূমিকা কী হবে তা নিয়ে দলীয় সাংসদদের সঙ্গেও তার বৈঠকের কর্মসূচি রয়েছে। বৃহস্পতিবার মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার কথা।

সূত্রের খবর, এই নয়াদিল্লি সফরে আগামী বুধবার জোট গঠনের প্রক্রিয়ার সূচনা হবে তৃণমূলনেত্রীর উপস্থিতিতেই। আর মুখ্যমন্ত্রী অনুপস্থিত থাকার সময় মন্ত্রিসভার সদস্যদের দায়িত্ব বোঝাতেই এই বৈঠকের ডাক দিয়েছেন। এবার নয়াদিল্লি সফরে একগুচ্ছ কর্মসূচি রয়েছে মুখ্যমন্ত্রীর। কংগ্রেস, সমাজবাদী পার্টি, এনসিপি, শিবসেনা, ডিএমকে, ন্যাশনাল কনফারেন্স, আম আদমি পার্টি, রাষ্ট্রীয় জনতা দল, ঝাড়খণ্ড মুক্তি মোর্চা, তেলুগু দেশম পার্টিও এই জোটে থাকছে। সংসদে সেন্ট্রাল হলে বিভিন্ন দলের সাংসদদের সঙ্গে দেখা করার পর সংসদের বাইরে একটি সর্বদলীয় বৈঠক করতে পারেন বাংলার মুখ্যমন্ত্রী। তৃণমূল সুপ্রিমোর এবারের সফরে সোনিয়া গান্ধির সঙ্গে সাক্ষাৎ একপ্রকার নিশ্চিত। এছাড়া রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গেও তাঁর দেখা করার কথা রযেছে। বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, নেত্রীদের সঙ্গে দেখা করার পর চূড়ান্ত হবে রূপরেখা। হ্যাট্রিক করার পর মমতার এই নয়াদিল্লি সফর যথেষ্ট গুরুত্বপূর্ণ বলেই মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকরা। আগামী ২৮ জুলাই বিজেপি, বিরোধী রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকের কর্মসূচি থাকতে পারে তাঁর। তারপর সব গুছিয়ে নিয়ে কলকাতার ব্রিগেড থেকে জোটের যাত্রা শুরু হওয়ার সম্ভাবনা।




*অলিম্পিক্সে ভারতের খাতায় এখনও কোনও সোনা আসেনি ঠিকই। কিন্তু হাঙ্গেরির বুদাপেস্টে বিশ্ব ক্যাডেট কুস্তি চ্যাম্পিয়নশিপে সোনা জিতলেন প্রিয়া মালিক। বিশ্ব ক্যাডেটে ৭৩ কেজি বিভাগে খেলতে নেমেছিলেন প্রিয়া। ফাইনালে বেলারুসের সেনিয়া পাটাপোভিচকে ৫-০ পয়েন্টে হারিয়ে দেন।*

# মুম্বইয়ে বহুতল ভেঙে মৃত মুর্শিদাবাদের ৩ বাসিন্দা

**মুম্বই, ২৫ জুলাই:** ফের ভিনরাজ্যে বাংলার শ্রমিকদের মর্মান্তিক মৃত্যু। মুম্বইয়ে নির্মীয়মাণ বহুতলে কাজ করার সময় দুর্ঘটনায় শনিবার মৃত্যু হয়েছে এ রাজ্যের ৩ শ্রমিকের। আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে আরও ৪ জন। তাঁরা সকলেই মুর্শিদাবাদের কান্দি মহকুমার বাসিন্দা। পরিবারের একমাত্র রোজগেরে সদস্যের মৃত্যুর খবর আসতেই কান্নায় ভেঙে পড়েছে পরিজনেরা।


পেটের টানে পরিবার ছেড়ে ভিন রাজ্যে পাড়ি দিয়েছিলেন মুর্শিদাবাদের ৪ পরিযায়ী শ্রমিক। পরিবার সূত্রে খবর, লকডাউনের কড়াকড়ি একটু শিথিল হতেই মাস ছয়েক আগে আরব সাগরের পাড়ের রাজ্যে ছুটেছিলেন ওঁরা। সেখানেই নির্মাণ শ্রমিকের কাজ করতেন। কিন্তু সেই কাজই যে তাঁদের মর্মান্তিক পরিণতি ডেকে আনবে তা কে ভেবেছিল!

মুম্বইয়ের লোয়ার প্যারেল এলাকার হনুমান গলিতে থাকতেন তাঁরা। ওই এলাকাতেই একটি বহুতল নির্মাণের কাজ চলছিল। সেখানে কাজ করছিলেন ৯ শ্রমিক। প্রবল বৃষ্টিতে শনিবার হঠাৎই ধসে পড়ে বহুতলের একাংশ। ওই শ্রমিকরা



ছিটকে পড়েন। ঘটনাস্থলেই মৃত্যু হয় পাঁচজনের। তাঁদের মধ্যে তিনজন এ রাজ্যের বাসিন্দা। বাকি দু’জন কর্নাটকের বাসিন্দা। বাকি ৪ জন হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। জখম শ্রমিকদের মধ্যে এক জন মুর্শিদাবাদের বাসিন্দা।

স্থানীয় সূত্রে খবর, মৃত তিন শ্রমিকই মুর্শিদাবাদের ভরতপুর থানা এলাকার গড্ডা গ্রামের বাসিন্দা। গড্ডা গ্রাম পঞ্চায়েতের প্রধান ভুলি বেগম জানিয়েছেন, ‘রাত ন’টা নাগাদ পুলিশ সূত্রে খবর আসে গড্ডা গ্রামের তারক মণ্ডল (৩৫), অভিনাথ দাস (৩২), চিন্ময় কোনাই (৩০) নামে তিন পরিযায়ী শ্রমিকের মৃত্যু হয়েছে। লক্ষ্মণ মণ্ডল নামে অপর এক পরিযায়ী শ্রমিক গুরুতর আহত। মুম্বইয়ে পরিযায়ী শ্রমিক হিসেবে কাজ করতেন। ওখানেই দুর্ঘটনা ঘটে।’



## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Recruitment**

Walk-in-Interview will be held shortly for recruitment of Asst. Prof, Sanskrit, Arabic and Education at the Dhali Institute of Teacher Education, Basirhat- Nazat Road, Dist-24 Pgs (N), Chaltaberia. Willing candidates may apply with full details. Send CV to mail-info@diteindia.org. Mob-9735762521.

### নাম-পদবী

আমি Sankar Pramanik, S/o. Sudhir Pramanik, আমার DL No. WB-5119860033800 -এ ভুল বশত Sankar Kr. Pramanick S/o. Ajit Kr. Pramanick হইয়াছে। গত 30-06-2021 তারিখে Ld. Judicial Magistrate 1st Class metropoliton আদালতে এফিডেভিট বলে Sankar Pramanik S/o. Sudhir Pramanik ও Sankar Kr. Pramanick S/o. Ajit Kr. Pramanick প্রত্যেকেই এক ও অভিন্ন ব্যক্তি বলিয়া পরিচিত হইলাম।

### নাম-পদবী

আমি Sri Suman Halder S/o Jogender Nath Halder, আমার DL No. JK 0220070020057 পিতার নাম ভুল বশত, Joginder Nath Halder হইয়াছে। আমার আধার কার্ড অনুযায়ী (0183 0020 4920) আমার পিতা Gogendra Nath Haldel ও Joginder Nath Halder প্রত্যেকে এক ও অভিন্ন ব্যক্তি বলিয়া পরিচিত হইল।

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**হুগলি**

**মা লক্ষ্মী জেরক্স সেন্টার,** সর্বাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।

**নদিয়া**

**টাইপ কর্ণার**, নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮

**রাজ টেলিকম**, অমিতাভ বিশ্বাস, ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, মোঃ ৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।

**সুজয়া উদ্যোগ সমূহ**, শ্রীধর অঙ্গন, বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩২, মোঃ ৯৩৩৩২২০৬৫৯।

**অবসর**, ডি. বালা, চাকদহ, নদিয়া। মোঃ ৭৪০৭৪৮০১০৮।

**পূর্ব মেদিনীপুর**

**আইনক্স অ্যাড এজেন্সি**

সুরজিৎ মাইতি, পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, মোঃ ৯৭৩২৬৬৬০৫২

**শ্যাম কমিউনিকেশন,** দেবব্রত পাঁজা, দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৫৪, মোঃ ৯৪৭৪৪৪৬৮৯৬/ ৭০৭৪৪৯৩৭৯৬

**লোকনাথ কমিউনিকেশন,** সৌগত বর্মণ, গ্রাম : পোঃ- উঃ মেচগ্রাম, পাঁশকুড়া, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৩৯, মোঃ ৯৬০৯২৫৪৭৭৮/ ৮৩৪৬০২৭৯৫০

**প্রেক্ষাপট,** সুব্রত চক্রবর্তী, মহিষাদল, পূর্ব মেদিনীপুর- ৭২১৬২৮, মোঃ- ৯৪৩৪৯৫৯৪৫২/ ৭৭৯৭৩৩১৪১০,

**মানসী অ্যাড এজেন্সি, শশধর মান্না, মেচেদা ও তমলুক,** ঠিকানা: কাকডিহি, মেচেদা, কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন ৭২১১৩৭, মোঃ ৯৮৩২৭০৯৮০৯/ ৯৯৩২৭৭০৭৬৭

**পশ্চিম মেদিনীপুর**

**মহালক্ষ্মী অ্যাডভার্টাইজিং এজেন্সি**

দুর্গেশ চন্দ্র শুক্লা, ঠিকানা: হোল্ডিং নং. ১৬৮/১৪২, ওয়ার্ড নং-১৬, ভগবানপুর কালী মন্দিরের কাছে, খড়্গপুর টাউন, পশ্চিম মেদিনীপুর-৭২১৩০১ মোঃ ৮৯১৮০৬৩৪৪৬

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।


# নিষেধাজ্ঞা উড়িয়ে হরিদ্বারে ঢল নামল কানোয়ার যাত্রীদের



**লখনউ, ২৫ জুলাই:** সম্প্রতি কোভিড আবহে কানোয়ার যাত্রা নিয়ে প্রবল বিতর্ক হয়েছিল। উত্তরাখণ্ড সরকার গতবারের মতো এবারও বাতিল করে দিয়েছিল যাত্রা। উত্তরপ্রদেশের যোগী সরকার প্রাথমিক অনুমতি দিলেও পরে সুপ্রিম কোর্টের তিরস্কারে সিদ্ধান্ত বদলায়। কিন্তু সরকারি তরফে কানোয়ার যাত্রা বাতিল করার পরও রবিবার হরিদ্বারে পৌঁছে গেলেন বহু কানোয়ার যাত্রী। করোনা বিধিকে রীতিমতো অগ্রাহ্য করে সংগ্রহ করলেন গঙ্গাজলও।

গঙ্গাজল নিতে আসা তীর্থযাত্রীদের মধ্যে দেখা গিয়েছে বেপরোয়া মনোভাব। দীপক নামের জনৈক ব্যক্তি এক সর্বভারতীয় সংবাদমাধ্যমকে জানান, 'আমরা করোনাকেও ভয় পাই না। কোয়ারেন্টাইন থাকাকেও নয়।' তাঁদের এই বেপরোয়া মনোভাবে শঙ্কিত ওয়াকিবহাল মহল। এর আগে উত্তরাখণ্ড, হিমাচল প্রদেশের বহু শৈল শহরে ভিড় জমানো পর্যটকদেরও এমনই বেপরোয়া মনোভাব পোষণ করতে দেখা গিয়েছে। স্বয়ং প্রধানমন্ত্রী তৃতীয় ঢেউকে রুখে দিতে সকলকে সতর্ক থাকার আহ্বান জানালেও সাধারণ মানুষের মধ্যে অনেক ক্ষেত্রেই সচেতনতা দেখতে পাওয়া যাচ্ছে না বলেই অভিযোগ উঠছে।

প্রসঙ্গত, প্রতি বছর শ্রাবণ মাসে সারা দেশের হাজার হাজার ভক্ত উত্তরাখণ্ডে আসেন। হরিদ্বার, গোমুখ, গঙ্গোত্রী থেকে গঙ্গাজল নেওয়াই কানোয়ার যাত্রার উদ্দেশ্য। এরপর সেই জল ভগবান শিবের মাথায় ঢালা হয়। কিন্তু করোনার প্রকোপে গত বছর বাতিল করা হয়েছিল যাত্রা। এবছর পরিস্থিতি আরও খারাপ হয়ে গিয়েছিল। দ্বিতীয় ঢেউ খানিক স্তিমিত হলেও দেশে ক্রমশই মাথাচাড়া দিচ্ছে ডেল্টা প্লাস স্ট্রেন। এই পরিস্থিতিতে কানোয়ার যাত্রা ঝুঁকিপূর্ণ হতে পারে। তাই পরিস্থিতির দিকে নজর রেখে উত্তরাখণ্ড সরকার বাতিল করে দেয় যাত্রা।

উত্তরাখণ্ড পুলিশ হুঁশিয়ারি দিয়ে রেখেছিল, কোনও তীর্থযাত্রী হরিদ্বারে এলে তাঁকে ১৪ দিনের জন্য কোয়ারেন্টাইনে রেখে দেওয়া হবে। কিন্তু সেই হুঁশিয়ারি সত্ত্বেও রবিবার কানোয়ার যাত্রা শুরু হওয়ার পর থেকেই শুরু হয়ে গেল তীর্থযাত্রীদের ভিড়। কী করে প্রশাসনিক বন্দোবস্তকে এড়িয়ে এত মানুষ এভাবে হরিদ্বারে পৌঁছলেন উঠছে

# হলদি নদীর পাড়ে বিস্তীর্ণ এলাকায় চলছে বালি পাচার

## ধুঁকছে বৈধ খাদান মালিকের ব্যবসা



**নিজস্ব প্রতিবেদন, পূর্ব মেদিনীপুর:** প্রাকৃতিক সম্পদ নিয়ে কোনও রকমের অনিয়ম বরদাস্ত করা হবে না বলেই বৃহস্পতিবার হুঁশিয়ারি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার পর শুক্রবারই প্রকাশ্যে এল পূর্ব মেদিনীপুরে অবৈধভাবে বালি পাচারের কারবার। হলদি নদীর পাড়ে বিস্তীর্ণ এলাকাজুড়ে রমরমিয়ে সেই ব্যবসা চালাচ্ছেন বালি মাফিয়ারা। অথচ, বিপুল টাকার বিনিময়ে প্রশাসনের থেকে জমি লিজ নিয়ে ওই ব্যবসায় ধুঁকছেন বৈধ খাদান মালিকেরা।

বালি মাফিয়াদের দৌরাত্ম্যে অতিষ্ঠ হলদি নদী তীরবর্তী এলাকার বাসিন্দারাও। বালি বোঝাই ডাম্পার, মেশিনভ্যানের যাতায়াত করায় দিনে দিনে বেহাল হয়ে যাচ্ছে রাস্তা। প্রশাসনেরও কোটি কোটি টাকা লোকসান হচ্ছে। বালুঘাটা থেকে নরঘাট পর্যন্ত ভবানীপুর, মহিষাদল ও নন্দকুমার থানা এলাকায় এমন বহু বালি খাদানের হদিশ মিলেছে। বৈধ কাগজ দেখতে চাইলে বিষয়টিকে গুরুত্বই দিচ্ছে না বালি মাফিয়ারা, এমনটাই অভিযোগ। মহিষাদলের কেশবপুর জালপাই এলাকার বৈধ বালি খাদানের মালিক মোক্তার আলির দাবি, 'বৈধ বালি খাদান কিনে মহা ফাঁপরে পড়েছি আমরা। বালুঘাটা থেকে নরঘাট পর্যন্ত প্রায় ১২টি অবৈধ খাদান থেকে অনেক কম টাকায় বালি পাচার হয়ে যাচ্ছে। অথচ সরকারকে বিপুল টাকা দেওয়া সত্ত্বেও এই প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছি আমরা। মাথায় অনেক টাকার দেনা। বার বার প্রশাসনকে জানিয়েও লাভ হচ্ছে না।'

পূর্ব মেদিনীপুরের অতিরিক্ত জেলা শাসক এবং জেলার ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সুদীপ্ত পোড়েলের দাবি, 'এই এলাকাগুলোতে ৯টির মতো বৈধ বালি খাদান রয়েছে। তার বাইরে কোনও ব্যক্তি চোরাই পথে বালি তোলার চেষ্টা করলেই আমরা তাদের পাকড়াও করে জরিমানা করি। এরপরও নদীর বিভিন্ন জায়গায় অবৈধ খাদান গজিয়ে উঠছে। অভিযোগ পেলেই ব্যবস্থা নিচ্ছি।'



রবিবার তেলেঙ্গাবাগান সর্বজনীন দুর্গাপুজোর খুঁটিপুজো অনুষ্ঠিত হল। ছবি: অদিতি সাহা

# ফের ঊর্ধ্বমুখী রাজ্যের কোভিড গ্রাফ, দৈনিক মৃত্যুতে শীর্ষে হুগলি

**নিজস্ব প্রতিবেদন:** যেন বাগে এসেও আসছে না করোনা! কোনওদিন এক ধাক্কায় অনেকটা কমছে রাজ্যের সংক্রমণ। ফের বাড়ছে। গত ২৪ ঘণ্টায় বাড়ল রাজ্যের সংক্রমণ। একদিনে রাজ্যে নতুন করে করোনা আক্রান্ত হয়েছেন ৮০৬ জন। করোনা প্রাণ কেড়েছে ৯ জনের। সুস্থতার হার ৯৮.০৪ শতাংশ।

স্বাস্থ্যদপ্তরের পরিসংখ্যান অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় রাজ্যে নতুন করে করোনা আক্রান্তদের মধ্যে ৮৯ জন দার্জিলিংয়ের। অর্থাৎ দৈনিক সংক্রমণের নিরিখে ফের প্রথম স্থানে ওই জেলা। দ্বিতীয় স্থানে উত্তর ২৪ পরগনা। একদিনে সংক্রমিত সেখানকার ৮৭ জন। তৃতীয় স্থানে ফের জলপাইগুড়ি। একদিনে সেখানকার ৬১ জনের শরীরে থাবা বসিয়েছে মারণ ভাইরাস। পূর্ব মেদিনীপুর চতুর্থ



স্থানে। সেখানে একদিনে সংক্রমিত ৬০ জন। এছাড়াও গত ২৪ ঘণ্টায় কম বেশি রাজ্যের বাকি সব জেলা থেকেই নতুন আক্রান্তের হদিশ মিলেছে। ফলে রাজ্যে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে হয়েছে ১৫,২৩,৬৩৯।

একদিনে করোনা প্রাণ কেড়েছে রাজ্যের ৯ জনের। মৃত্যুর নিরিখে প্রথম স্থানে হুগলি। একদিনে করোনার বলি সেখানকার ৩ জন। দ্বিতীয় স্থানে নদিয়া। একদিনে সেখানে মৃত্যু হয়েছে ২ জনের। এখনও পর্যন্ত রাজ্যে করোনায় মোট মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১৮,০৭৩ জন। একদিনে করোনাকে পরাস্ত করে ঘরে ফিরেছেন ৮৯২ জন। এখনও পর্যন্ত রাজ্যে মোট করোনাজয়ীর সংখ্যা ১৪,৯৩,৭৭০। গত ২৪ ঘণ্টায় সুস্থতার হার ৯৮.০৪ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা পরীক্ষা হয়েছে ৫০ হাজার ০৫৩ জনের। এখনও পর্যন্ত মোট করোনা পরীক্ষা হয়েছে ১,৫৪,৭৮,৬০২ জনের। বর্তমানে রাজ্যে সেফ হোমের সংখ্যা ২০০। উল্লেখ্য, করোনা মোকাবিলায় টিকাকরণের উপর জোর দিচ্ছে রাজ্য। তবে পর্যাপ্ত টিকা সরবরাহ না হওয়ায় মাঝেমধ্যে বন্ধ রাখতে হচ্ছে টিকাদান কেন্দ্রগুলি। সুষ্ঠুভাবে টিকাদানের জন্য কলকাতা পুরসভা নয়া নিয়ম চালু করেছে।

# তমলুকে শুরু মায়েদের জন্য টিকাকরণ শিবির

**নিজস্ব প্রতিবেদন, তমলুক:** প্রসূতি-সহ ১২ বছরের কম বয়সী শিশুর মায়েদের করোনার প্রথম ডোজের টিকাকরণে জোর দিয়েছে জেলা স্বাস্থ্য দফতর। সে জন্য জেলার বিভিন্ন এলাকায় গিয়ে শিবির করে টিকা দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছিল। শনিবার থেকে পূর্ব মেদিনীপুরের পুরসভা এলাকাগুলিতে ওই টিকাকরণ শিবির শুরু হয়েছে।



এ দিন তমলুক, হলদিয়া, কাঁথি, এগরা, পাঁশকুড়া পুরসভা এলাকায় ওই কর্মসূচি হয়েছে। পঞ্চায়েত এলাকাগুলিতেও শীঘ্রই শিবির করা হবে। এছাড়া, শহরের বস্তি এলাকার বাসিন্দাদের টিকাকরণেও জোর দিয়েছে স্বাস্থ্য দফতর। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক বিভাস রায় জানাচ্ছেন, জেলায় এখনও পর্যন্ত সাড়ে ৯ লক্ষ ডোজ টিকা দেওয়া হয়েছে। আগের চেয়ে টিকার জোগান বৃদ্ধি পাওয়ায় ১২ বছর পর্যন্ত শিশুদের মায়েদের এবং সুপার স্প্রেডারদের প্রথম ডোজের টিকা দেওয়া হচ্ছে।

জেলা স্বাস্থ্য দফতর সূত্রে খবর, ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের তালিকা স্বাস্থ্য দফতরের কাছে রয়েছে। তবে ১২ বছরের কম বয়সি শিশুর সব মায়েদের তালিকা তৈরি করা হচ্ছে। এ জন্য স্বাস্থ্যকর্মীরা সমীক্ষা করছেন। ওই তালিকা ধরে পুর এলাকায় স্বাস্থ্যকেন্দ্রগুলিতে টিকাকরণ শিবির হচ্ছে। পঞ্চায়েত এলাকায় ব্লক স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে শিবির করা হবে। বিভাস রায় বলেন, ''১২ বছরের কম বয়সী শিশুর মায়েদের তথ্য জোগাড় করা হচ্ছে। তাঁদের জন্য শনিবার থেকে পুর এলাকায় শিবির হয়। গ্রামীণ এলাকায় শীঘ্র শিবিরের প্রস্তুতি নেওয়া হয়েছে।

# গলফগ্রিনের ফ্ল্যাট থেকে মহিলার দেহ উদ্ধার, চাঞ্চল্য

**নিজস্ব প্রতিবেদন:** বিবাহবিচ্ছেদের মামলা চলাকালীন গলফগ্রিনে বন্ধ ফ্ল্যাট থেকে উদ্ধার গৃহবধূর দেহ। প্রাথমিক তদন্তে মনে করা হচ্ছে, আত্মঘাতী হয়েছেন ওই মহিলা। স্বামীর দাবি, আত্মঘাতীই হয়েছেন তাঁর স্ত্রী। তবে কি কারণে আত্মহত্যার সিদ্ধান্ত, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। মায়ের মৃত্যুতে শোকে পাথর বছর এগারোর ছেলে। দক্ষিণ কলকাতার গলফগ্রিনের বিক্রমগড়ে আবাসনের তিনতলায় আত্মীয়ার ফ্ল্যাটে থাকতেন রিনা সাহা নামে বছর চল্লিশের ওই মহিলা। তাঁর স্বামী এবং এগারো বছর বয়সি সন্তান থাকত অন্যত্র। ওই বহুতলেরই নিচের তলায় থাকেন মহিলার মা ও বাবা। দিনকয়েক ধরে মহিলার কোনও খোঁজ পাওয়া যাচ্ছিল না। তাঁর স্বামী এবং ছেলে ফ্ল্যাটে এসে ডাকাডাকি করলেও খুলে দেননি দরজা। তাই সন্দেহ হয়। আবার প্রতিবেশীরা শনিবার দেখেন মহিলার ফ্ল্যাটের বাতানুকূল যন্ত্র থেকে ক্রমাগত জল পড়তে দেখেন। তা পরিবারের অন্যান্য সদস্যদের জানান ওই প্রতিবেশী। এরপরই গলফগ্রিন থানার পুলিশকে খবর দেওয়া। পুলিশ তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছয়। দরজা ভেঙে ভিতর ঢুকতেই অবাক হয়ে যান। দুর্গন্ধের উৎস খুঁজতে গিয়ে মহিলার দেহ দেখতে পান পুলিশকর্মীরা। মহিলার দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠানো হয়েছে। নিহত মহিলার স্বামীর দাবি, তাঁর স্ত্রী মানসিকভাবে অসুস্থ। বিবাহ বিচ্ছেদের মামলাও করেছিলেন মহিলা। তিনি আত্মঘাতী হয়েছেন বলেই দাবি মহিলার স্বামীর। যদিও বিবাহবিচ্ছেদের কারণ নিয়ে খোলসা করে কিছুই জানাননি ওই ব্যক্তি। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, আত্মঘাতী হয়েছেন মহিলা। তবে প্রকৃত সত্যি জানার জন্য ময়নাতদন্ত রিপোর্টের অপেক্ষায় পুলিশকর্মীরা। একই আবাসনে থাকা সত্ত্বেও কেন পাঁচদিন ধরে কেন মেয়ের খোঁজ নিলেন না বাবা-মা? মহিলার স্বামী ডাকাডাকি করে সাড়াশব্দ না পাওয়ার পরেও কেন কোনও ব্যবস্থা নিলেন না? এই সব প্রশ্নের জট খুললেই আসল সত্যি সামনে আসবে বলেই মনে করছে পুলিশ।



কুমোরটুলিতে প্রতিমা বানাতে ব্যস্ত এক শিল্পী। ছবি: অদিতি সাহা

# প্রেমে ব্যর্থ, প্রেমিকাকে ভিডিও কল করে আত্মঘাতী পরীক্ষার্থী

**নিজস্ব প্রতিবেদন, রায়দিঘি:** প্রেমে ব্যর্থ। তাই প্রেমিকাকে করা ভিডিয়ো কল চলাকালীন আত্মঘাতী হলেন উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘির গিরিপাড়া গ্রামে। মৃতের নাম সৌভিক পাল (১৮)। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গিরিপাড়ার বাসিন্দা জহর পাল মৎস্যজীবী। তাঁর এক ছেলে ও দুই মেয়ে। সৌভিক ছিলেন বড়। বেশ কিছুদিন ধরে প্রতিবেশী এক



নাবালিকার সঙ্গে তাঁর প্রেমের সম্পর্ক গড়ে উঠেছিল। কিন্তু ইদানীং সম্পর্ক ছেড়ে বেরিয়ে যেতে চেয়েছিল প্রেমিকা। আর তাতেই অভিমান হয় সৌভিকের। রবিবার ফাঁকা বাড়িতে প্রেমিকাকে ভিডিয়ো কল করে গলায় দড়ির ফাঁস লাগিয়ে আত্মঘাতী হন সৌভিক। পুলিশ দেহ উদ্ধার করে রায়দিঘি গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা সৌভিককে মৃত ঘোষণা করেন। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, মানসিক অবসাদের জেরেই আত্মঘাতী হয়েছেন সৌভিক। এই ঘটনায় পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে।

# অভিষেকের ছবি দিয়ে কংগ্রেসের টুইট! জল্পনা

**নয়াদিল্লি, ২৫ জুলাই:** সোমবার দিল্লি যাচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়। তার আগের দিনই কংগ্রেসের টুইটার হ্যান্ডলে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি দিয়ে মোদী সরকারের বিরুদ্ধে তোপ। পেগাসাস-কাণ্ড নিয়ে করা এই টুইট ঘিরে শুরু হয়েছে জল্পনা। কংগ্রেস হাইকমান্ডের দিক থেকে এটি মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্দেশে সুস্পষ্ট বার্তা বলেই মনে করছেন অনেকে।

কংগ্রেসের ওই পোস্টে লেখা হয়েছে, 'নিজের শত্রুদের চোখে চোখে রাখতে হয়। এই প্রবাদ ধরে কাজ করতে গিয়ে মোদী একটু বেশি বাড়াবাড়ি করে ফেলেছেন।' তার নীচে হ্যাশট্যাগ 'পেগাসাসস্নুপগেট'।

টুইটটির সঙ্গে দেওয়া হয়েছে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি। ছবির পাশে লেখা হয়েছে, 'আপনি ক্রোনোলজিটা বুঝুন। পেগাসাসে গুপ্তচরবৃত্তির লক্ষ্য।

কে? অভিষেক বন্দ্যোপাধ্যায়; মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাইপো।

কখন? ২০২১।

কেন? পশ্চিমবঙ্গের ভোটের সময়।'

তার নীচে মন্তব্য, 'মোদী সরকারের নিরাপত্তাহীনতার শেষ নেই।'

ইতিপূর্বে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী ভবানীপুর উপনির্বাচনে মমতা দাঁড়ালে তাঁর বিরুদ্ধে প্রার্থী না দেওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন। যদিও বিধানসভা ভোটের আগে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে লাগাতার তোপ দেগে গিয়েছেন অধীর। প্রচারে বিজেপি এবং তৃণমূলকে একই সুরে সমালোচনা করে যাওয়াকে দলের শীর্ষনেতৃত্ব ভাল ভাবে নেয়নি বলেই কংগ্রেসের একটা সূত্রের খবর। সোমবার দিল্লি যাচ্ছেন মমতা। চার দিনের দিল্লি সফরে বিজেপি বিরোধী রাজনৈতিক দলগুলির সঙ্গে ২০২৪ সালের ভোট নিয়ে আলোচনাও হতে পারে তাঁর। তার আগেই অভিষেকের ফোনে আড়িপাতার ঘটনা নিয়ে সরব হয়ে কংগ্রেস শীর্ষ নেতৃত্ব তাঁকে বার্তা পাঠিয়ে রাখলেন কি?

একদিন
আমার শহর
কলকাতা ২৬ জুলাই ২০২১, ১০ শ্রাবণ ১৪২৮ সোমবার

# আন্তঃরাজ্য এটিএম জালিয়াতি চক্রের পরদা ফাঁস, ধৃত এক

**নিজস্ব প্রতিবেদন:** আন্তঃরাজ্য এটিএম জালিয়াতির পর্দাফাঁস করল বিধাননগর সাইবার ক্রাইম থানার পুলিশ। আসানসোল থেকে অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃত ব্যক্তি প্রতারণা চক্রের মূল পাণ্ডা ছিল বলেই জানিয়েছে পুলিশ।



বাগুইআটির বাসিন্দা বাহাত্তর বছর বয়সি রমাপ্রসাদ চক্রবর্তীর অভিযোগের ভিত্তিতে এটিএম জালিয়াতি চক্রের পরদা ফাঁস হল। গত ২৩ মে সকালে কুণাল সরকার নামে জনৈক এক ব্যক্তি তাঁকে ফোন করে। কুণাল সরকার নিজেকে একটি রাষ্ট্রীয় ব্যাংকের ম্যানেজার হিসাবে পরিচয় দেয়। কেওয়াইসি আপডেট করতে বলে। তবে জালিয়াতির বিষয়ে তৎপর থাকার জন্যে ওই বৃদ্ধ প্রথমে ফোনটি কেটে দেন। তার কিছুক্ষণ পর একটি এসএমএশ পান। তাতেই বুঝতে পারেন তাঁর অ্যাকাউন্ট থেকে ৫ হাজার ২৫ টাকা ডেবিট হয়ে গিয়েছে। টাকা ডেবিট হওয়ার কারণ জানতে ব্যাংক ম্যানেজার হিসেবে পরিচয় দেওয়া কুণাল সরকারকে ফোন করেন বৃদ্ধ। সেই সময় তাকে নিজের ডেবিট কার্ড নম্বর এবং একটি ওটিপি বলে দেন। পর মুহূর্তেই ব্যাংক থেকে ৩ লক্ষ ৪৯ হাজার ৫০০ টাকা উধাও হয়ে যায়। ইতিমধ্যেই মোবাইল সুইচড অফ করে দেয় কুণাল সরকার। প্রতারিত হয়েছেন বুঝতে পারেন বৃদ্ধ। ২৪ মে বিধাননগর সাইবার ক্রাইমের দারস্থ হন।

ঘটনার তদন্ত শুরু করে বিধাননগর সাইবার ক্রাইম শাখা। গোপন সূত্রে খবর পেয়ে শনিবার রাতে আসানসোলে হানা দেয় পুলিশ। সেখান থেকে ঝাড়খণ্ডের বাসিন্দা রাজেশ কুমার মণ্ডলকে গ্রেপ্তার করে পুলিশ। এই ব্যক্তি নিজেই নাম পরিবর্তন করে বৃদ্ধকে প্রতারিত করেছে বলে সাইবার ক্রাইম আধিকারিকদের প্রাথমিক অনুমান। শুধু রাষ্ট্রায়ত্ত নয় বিভিন্ন বেসরকারি ব্যাংকের ম্যানেজার পরিচয় দিয়েও এই চক্র প্রতারণা করত বলে পুলিশ সূত্রে খবর। অভিযুক্তের কাছ থেকে একটি ডেবিট কার্ড, একটি এলইডি টিভি উদ্ধার করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, বৃদ্ধের থেকে হাতানো টাকা দিয়েই আসানসোলের একটি দোকান থেকে টিভিটি কেনে অভিযুক্ত। রবিবার অভিযুক্তকে বিধাননগর আদালতে তোলা হবে। তাকে নিজেদের হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করবে বলে পুলিশ সূত্রে খবর। এই চক্রের সঙ্গে আর কাদের যোগ রয়েছে সেই বিষয়েও তদন্ত করে দেখছে বিধাননগর সাইবার ক্রাইম থানার পুলিশ।

# শ্লীলতাহানির শিকার তৃতীয় শ্রেণীর ছাত্রী জগদ্দলে, ধৃত অভিযুক্ত



**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** খুড়তুতো ভাইকে গৃহশিক্ষিকার বাড়ি থেকে আনতে গিয়ে শ্লীলতাহানির শিকার তৃতীয় শ্রেণীর এক ছাত্রী। শ্লীলতাহানি করার অভিযোগে গ্রেপ্তার গৃহশিক্ষিকার স্বামী। ন্যক্কারজনক ঘটনাটি ঘটেছে ভাটপাড়া থানার ৩৫ নম্বর ওয়ার্ডের স্থিরপাড়া বুড়ি বটতলায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, তৃতীয় শ্রেণীর ছাত্রী ওই কিশোরী কাকার ছেলে শিশু শ্রেণীর ছাত্র। ওই খুদে পড়ুয়া স্থানীয় গৃহ শিক্ষিকা মাম্পি মন্ডলের কাছে গত ১৯ জুলাই বিকেলে পড়তে গিয়েছিল। টিউশন শেষে রাতে ভাইকে আনতে গিয়েছিল ওই তৃতীয় শ্রেণীর ছাত্রী। কিশোরীর ঠাকুরদার অভিযোগ, শিক্ষিকার স্বামী সুব্রত মন্ডল ওই কিশোরীকে বলে ছুটি হতে একটু দেরি আছে। ছাদে চল মোবাইল ফোনে ফ্লিম দেখাবো। এরপর ওকে ছাদে নিয়ে গিয়ে শ্লীলতাহানি করে সুব্রত। কিশোরীর ঠাকুরদা আরও জানান, বাড়ি ফিরে নাতনি কাউকে কিছুই জানায় নি। পরদিন সকালে শরীরের স্পটের কামড়ের দাগের কারন জিজ্ঞেস করতে কিশোরী সব ঘটনা জানায়। লজ্জায় ওই কিশোরীর পরিবার মুখে কুলুপ এঁটেছিল। কিন্তু ঘটনাটি চাউর হওয়ায় শনিবার রাতে ওই কিশোরীর ঠাকুরদা ভাটপাড়া থানায় অভিযোগ দায়ের করে। অভিযোগের ভিত্তিতে ওইদিন রাতেই পুলিশ অভিযুক্ত সুব্রত মন্ডলকে গ্রেপ্তার করেছে। অভিযুক্তের কঠোর শাস্তির দাবিতে সরব কিশোরীর পরিবার ও এলাকাবাসী। জানা গিয়েছে, অভিযুক্ত যুবকের বাড়ির সামনে চায়ের দোকান ছিল। আপাতত সেটি বন্ধ। ইদানিং অভিযুক্ত যুবক দিনমজুরি করতো।

# নতুন পায়ুদ্বার তৈরি করে ছ'মাসের শিশুকে স্বাভাবিক জীবন দিল এসএসকেএম

**নিজস্ব প্রতিবেদন:** পেটের উপরে ফুটো করে তৈরি পায়ুদ্বার দিয়েই বেরিয়ে এসেছিল খাদ্যনালির কিছুটা অংশ। সেখান দিয়েই শুরু হয় রক্তপাত। কিছু খেলেই তীব্র যন্ত্রণা হত। এই ভাবেই দিন কাটছিল জলপাইগুড়ির বাসিন্দা ছ'মাস বয়সি শিশুর। অবশেষে পেট কেটে খাদ্যনালির বেরিয়ে আসা অংশকে যথাস্থানে বসিয়ে, নতুন পায়ুদ্বার তৈরি করে শিশুটিকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে দিল এসএসকেএম হাসপাতাল।



পিজি-র শিশু শল্য চিকিৎসকেরা জানাচ্ছেন, জন্মের পরে দেখা গিয়েছিল যে ওই শিশুটির 'অ্যানোরেক্টাল ম্যালফর্মেশন' (এআরএম) রয়েছে। সূত্রের খবর, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে অরবিন্দ প্রধান নামে ওই শিশুর জন্মের পরে দেখা যায়, তার পায়ুদ্বার যথাস্থানে নেই। তার বদলে সেটি রয়েছে টেল বোনের অনেকটা উপরে। সেই পরিস্থিতিতে দু'-তিন দিন বয়সি অরবিন্দের পেটের উপরে ফুটো করে অস্থায়ী পায়ুদ্বার তৈরি করেন উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজের চিকিৎসকেরা। এসএসকেএম হাসপাতাল সূত্রের খবর, এর পরে দেখা যায়, ওই ফুটো দিয়ে ক্রমশ বেরিয়ে আসছে শিশুটির খাদ্যনালি। সন্তানের এমন অবস্থা দেখে রীতিমতো আতঙ্কিত হয়ে পড়েন তার বাবা-মা। শেষে তাঁদের পাঠানো হয় পিজিতে। প্রথম যখন অরবিন্দ কলকাতার ওই হাসপাতালে আসে, তখন তার বয়স ছিল পাঁচ মাস ১৫ দিন। শিশু শল্য চিকিৎসা বিভাগের প্রধান চিকিৎসক রুচিরেন্দু সরকার জানান, শিশুটিকে পরীক্ষা করে বোঝা যায়, অবিলম্বে অস্ত্রোপচারের প্রয়োজন। কারণ তার পেটে কোনও ভাবে চাপ পড়লেই খাদ্যনালি ওই ফুটো দিয়ে বাইরে বেরিয়ে আসছিল। রক্তপাতের পরিমাণও বাড়ছিল। তিনি বলেন, 'এমন চলতে থাকলে এক সময়ে শিশুটির প্রাণ সংশয় দেখা দিত। তাই অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেওয়া হয়।' এর পরে গত ৫ জুলাই পিজিতে ভর্তি করা হয় অরবিন্দকে। তার অস্ত্রোপচারের জন্য রুচিরেন্দুবাবু-সহ শিশু শল্য চিকিৎসক শিবশঙ্কর বর্মণ, পূর্ণেন্দু দত্ত, অনির্বাণ দাস, অ্যানাস্থেশিয়া বিভাগের চিকিৎসক মোহনচন্দ্র মণ্ডল এবং অন্যদের নিয়ে একটি দল গঠন করা হয়। সম্প্রতি প্রায় তিন ঘণ্টা ধরে চলে শিশুটির অস্ত্রোপচার। চিকিৎসকেরা জানাচ্ছেন, শিশুটির পেট কেটে খাদ্যনালিটি যথাস্থানে বসানো হয়। এর পরে সাধারণ মানুষের পায়ুদ্বার যেখানে থাকে, সেই পর্যন্ত খাদ্যনালির একটি অংশকে নিয়ে গিয়ে নতুন পায়ুদ্বার তৈরি করা হয়। রুচিরেন্দুবাবু বলছেন, 'সাধারণত জন্মগত ভাবে পায়ুদ্বার তৈরি না হলে সেটি প্রস্রাবের জায়গার সঙ্গে যুক্ত থাকে। কিন্তু এ ক্ষেত্রে তা অনেক উপরে ছিল এবং মূত্রথলির সঙ্গে যুক্ত ছিল। তাই পেটে কেটেই নতুন পায়ুদ্বার তৈরি করতে হয়েছে। এটিকে বিরল ঘটনা বলা যায়।' পাশাপাশি অরবিন্দের পেটের ডান দিকে একটি ফুটো করে অস্থায়ী একটি পায়ুদ্বার তৈরি করা হয়েছে। চিকিৎসকেরা জানাচ্ছেন, এখনই নতুন পায়ুদ্বার দিয়ে মল ত্যাগ করলে, জায়গাটিতে সংক্রমণ হওয়ার আশঙ্কা থেকে যাচ্ছে। তাই অস্থায়ী পায়ুদ্বার করা হয়েছে। মাস ছয়েক পরে পুনরায় আর একটি অস্ত্রোপচার করে ওই অস্থায়ী পায়ুদ্বার বন্ধ করা হবে। রুচিরেন্দুবাবু বলেন, 'শিশুটি স্বাভাবিক ভাবেই খাওয়াদাওয়া করছে। তাতে আগামী ছ'মাসে ওর ওজন বাড়বে। শারীরিক অবস্থা স্বাভাবিক হলে ওই অস্থায়ী ফুটোটি বন্ধ করে দেওয়া হবে।'

# চাহিদার শীর্ষে মুখ্যমন্ত্রীর 'স্টুডেন্টস ক্রেডিট কার্ড' প্রকল্প

**নিজস্ব প্রতিবেদন:** ফের বাংলার সীমানা ছাড়িয়ে জাতীয় স্তরে জনপ্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রকল্প। খুব অল্প সময়ের মধ্যেই চাহিদার শীর্ষে তাঁর নবতম প্রকল্প , স্টুডেন্টস ক্রেডিট কার্ড। দরিদ্র, মেধাবী ছাত্রছাত্রীদের পড়াশোনা, জ্ঞানার্জনের পথ আরও মসৃণ করে মুখ্যমন্ত্রী এই স্টুডেন্টস ক্রেডিট কার্ডের কথা ভেবেছেন এবং তা ইতিমধ্যেই চালু হয়ে গিয়েছে। আর তার পরপরই দেখা গেল, শুধু পশ্চিমবঙ্গেই নয়। বাংলার বাইরে একাধিক রাজ্য থেকে স্টুডেন্ট ক্রেডিট কার্ডের আবেদন জানিয়েছে প্রচুর পড়ুয়া। আবেদন যাচাইয়ের পরই তাঁরা ঋণ পাবেন, এমনই খবর সরকারি সূত্রে। উচ্চশিক্ষায় কোনওভাবেই আর বাধা হবে না দারিদ্র। ছাত্রসমাজকে এগিয়ে দিতে এমনই সংকল্প নিয়েছিলেন মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায়। তাই তাঁর ভাবনায় এসেছে স্টুডেন্টস ক্রেডিট কার্ডের সুবিধা। এই কার্ডে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা ঋণ পাবে পড়ুয়ারা। পরে উপার্জনক্ষম হলে সেই ঋণ শোধ করে দেওয়া যাবে। মাধ্যমিক থেকে পোস্ট ডক্টরেট সর্বত্র পর্যন্ত পড়াশোনার বিভিন্ন ধাপে এই আর্থিক সুবিধা পাবে পড়ুয়ারা। উচ্চশিক্ষা দপ্তর নির্দেশিকায় এও জানিয়েছে, শুধু প্রথাগত পড়াশোনাই নয়, বড় কোনও প্রতিষ্ঠানে ভর্তির জন্য কোচিং নিতে গেলেও স্টুডেন্ট ক্রেডিট কার্ড থেকে ঋণ পাওয়া যাবে।

এই প্রকল্প চালু হওয়ার পর পর জনপ্রিয়তা রাজ্যের গণ্ডি ছাড়িয়ে দেশজুড়ে ক্রমশ বাড়ছে। উচ্চশিক্ষা দপ্তর সূত্রে খবর, এখনও পর্যন্ত বিভিন্ন রাজ্য থেকে স্টুডেন্টস ক্রেডিট কার্ড নেওয়ার জন্য ১২ হাজারের বেশি আবেদন জমা পড়েছে। তার মধ্যে শুধু কর্ণাটক থেকে এসেছে ৭৫০০-র বেশি আবেদন। এছাড়া ওড়িশা থেকে ৯০০, তেলেঙ্গানা থেকে ৩০০, অন্ধ্রপ্রদেশ থেকে ৬০০, মহারাষ্ট্র থেকে ৩৫০, উত্তরপ্রদেশ থেকে ৩৩০, দিল্লি থেকে ২০০ ও তামিলনাড়ু থেকে ২৮০ জনেরও বেশি পড়ুয়া আবেদন করেছেন বাংলার এই সুবিধা পেতে। এছাড়া জম্মু-কাশ্মীর, অরুণাচল, উত্তর-পূর্বাঞ্চলের প্রায় সব রাজ্য, এমনকী গুজরাত থেকেও আবেদন এসেছে বলে জানা গিয়েছে।

# ভ্যাকসিনের জন্য তিনদিন ধরে রাতজেগে লাইনে বহু মানুষ

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** ভ্যাকসিনের আশায় টানা তিনদিন ধরে রাতজেগে লাইনে দাঁড়িয়ে বহু মানুষ। রবিবার ছুটির দিন হওয়া সত্ত্বেও বরানগর স্টেট জেনারেল হাসপাতালে সামনে লম্বা লাইন চোখে পড়ল। হাসপাতালের সামনে ভ্যাকসিন নেবার লাইনে কেউ বসে, আবার কেউ দাঁড়িয়ে রয়েছেন। কখন রৌদ্রের জন্য মাথায় ছাতা, আবার কখনও বৃষ্টির জন্য তাদের মাথায় ছাতা। বৃষ্টি নামলে লাইনে ভাজা দিয়ে তারা আশ্রয় নিচ্ছেন রাস্তার ধারে দোকানের শেডের তলায়। স্বভাবতই

## বরানগর



ভ্যাকসিন নিতে গিয়ে চরম ভোগান্তির শিকার হচ্ছেন বরানগরের বাসিন্দারা। লাইনে দাঁড়িয়ে থাকা মানুষজনের জন্য কথা বলে জানা গেল, বরানগর স্টেট জেনারেল হাসপাতাল থেকে আজ, সোমবার ভ্যাকসিন দেবার কথা। কিন্তু শুক্রবার সকাল থেকে লাইনে দাঁড়িয়ে বহু মানুষ। যদিও শুক্রবার লাইনে দাঁড়িয়ে কিছু মানুষ শনিবার ভ্যাকসিন পেয়েছেন। কিন্তু যারা সেদিন ভ্যাকসিন পাননি, তারাও ঠাই দাঁড়িয়ে সোমবার ভ্যাকসিন পাবার আশায়। বরানগরের এক গৃহবধূ মৌমিতা নিয়োগী জানান, শুক্রবার সকাল থেকেই তিনি লাইনে দাঁড়িয়ে। সেদিন তার ভ্যাকসিন মেলেনি। সোমবার তার ভ্যাকসিন পাবার চান্স রয়েছে। মৌমিতা দেবীর অভিযোগ, অনেকেই লাইনে না দাঁড়িয়ে কারও সহযোগিতায় অনায়াসে ভ্যাকসিন পেয়ে যাচ্ছেন। অথচ তারা তিনদিন ধরে ভ্যাকসিনের জন্য লাইনে দাঁড়িয়ে। মাঝবয়সী মহিলা রীনা সাঁতরা বলেন, তিনদিন ধরে তিনি লাইনে দাঁড়িয়ে রয়েছেন। কিন্তু ভেতর থেকে অন্যদের ভ্যাকসিন দেওয়া হচ্ছে। এটা ঠিক নয়।অভিযোগ উঠেছে, ভ্যাকসিনের ক্ষেত্রে বরানগরেও স্বজন-পোষন চলছে। স্থানীয় দাদারের অতি পরিচিত মানুষজনকে কষ্ট করে লাইনে দাঁড়াতে হচ্ছে না। অনায়াসে মিলে যাচ্ছে ভ্যাকসিন। যদিও ভ্যাকসিনের ক্ষেত্রে স্বজন-পোষন রুখতে বরানগরের বিধায়ক তাপস পাল প্রশাসন ও দলীয় কর্মীদের নির্দেশ দিয়েছেন। এদিন তাপস বাবু বলেন, ভ্যাকসিনের অভাব রয়েছে। তিনি প্রতিনিয়ত যোগাযোগ রেখে চলেছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী থেকে শুরু করে স্বাস্থ্য দপ্তরের প্রিন্সিপাল সচিব ও জেলার সি এম ও এইচের সঙ্গে।

# অভিনয়ে সুযোগ দেওয়ার নামে প্রতারণা, অশালীন ছবি ফাঁস করার অভিযোগ

## গ্রেপ্তার মহিলা-সহ ২

**নিজস্ব প্রতিবেদন:** সিরিয়ালে কাজ দেওয়ার নামে প্রতারণার অভিযোগ। এছাড়া, মডেলের বেশ কিছু ছবি ফাঁস করার অভিযোগ উঠল। মডেলের অনুমতি না নিয়েই একাধিক সোশ্যাল প্ল্যাটফর্মে ফাঁস করে দেওয়া হয় যুবতীর অর্ধনগ্ন ছবি। মডেলের এমন অভিযোগের ভিত্তিতে রবিবার এক মহিলা-সহ দু'জনকে গ্রেপ্তার করল বিধাননগর সাইবার ক্রাইম থানার পুলিশ। এদিনই দুই অভিযুক্ত জয়শ্রী মিত্র ও প্রতাপ ঘোষকে আদালতে পেশ করার কথা। পুলিশ সূত্রে খবর, সোদপুরের বাসিন্দা পেশায় মডেল এক যুবতী গত ১৭ জুলাই বিধাননগর সাইবার ক্রাইম থানায় এই নিয়ে একটি অভিযোগ জানিয়েছিলেন। তাঁর দাবি, সোশ্যাল নেটওয়ার্কিং সাইটের মাধ্যমে জয়শ্রী মিত্র নামে এক মহিলার সঙ্গে তাঁর পরিচয় হয়। যিনি নিজেকে মডেল হিসাবে পরিচয় দিয়েছিলেন। জয়শ্রী ওই যুবতীকে প্রতিশ্রুতি দেন টেলিভিশন জগতে সুযোগ করে দেবেন। তার জন্য তাঁকে একটি ফটোশুট করাতে হবে।

সেই ফটোশুটের জন্যই প্রতাপ ঘোষ নামে এক ব্যক্তির সঙ্গে ওই যুবতীর পরিচয় করায় জয়শ্রী। এরপরই সল্টলেক অঞ্চলে একটি স্টুডিওতে ওই যুবতীর অশালীন ও অর্ধনগ্ন কিছু ছবি ও ভিডিও তোলেন ওই দুই অভিযুক্ত। যদিও জয়শ্রী ওই যুবতীকে আশ্বস্ত করেছিলেন, সেই ছবি বা ভিডিও বাইরে কোথাও প্রকাশ পাবে না। কিন্তু তার কিছুদিনের মধ্যেই ওই মডেল দেখতে পান বিভিন্ন ওয়েবসাইট এবং সোশ্যাল মিডিয়ায় তাঁর অশালীন বেশ কিছু ছবি ছড়িয়ে পড়েছে। তখনই পুরো বিষয়টা আঁচ করতে পারেন তিনি। সময় নষ্ট না করে বিধাননগর সাইবার ক্রাইম থানায় অভিযোগ জানান। সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। গতকাল রাতে রানাঘাটের বাসিন্দা প্রতাপ ঘোষ এবং দমদমের বাসিন্দা জয়শ্রী মিত্রকে গ্রেপ্তার করা হয়। রবিবার অভিযুক্তদের বিধাননগর মহকুমা আদালতে তোলা হবে। পুলিশ তাদের নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানাবে বলে পুলিশ সূত্রে খবর।



রাজ্য যুবমোর্চা কার্যকারিণী বৈঠক অনুষ্ঠিত হল। বৈঠকের উপস্থিত ছিলেন রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ, রাজ্য সাধারণ সম্পাদক (সংগঠন) অমিতাভ চক্রবর্তী, রাজ্য যুব মোর্চার সভাপতি সৌমিত্র খাঁ।

# আতপুর সূর পাড়ায় ক্যাটারিং ব্যবসায়ীর বাড়িতে বোমাবাজি

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** জগদ্দলের আতপুর সূর পাড়ায় শনিবার গভীর রাতে ক্যাটারিং ব্যবসায়ীর বাড়ির পিছনে দেওয়ালে পরপর দুটো বোমা মারে দুষ্কৃতীরা।

## জগদ্দল



ঘটনাস্থল ভাটপাড়া পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের অন্তর্গত। বোমাবাজির জেরে আতঙ্কে ক্যাটারিং ব্যবসায়ী গোবিন্দ সাউ ও তার পরিবার। ক্যাটারিং ব্যবসায়ীর বৃদ্ধ পিতা কেশর লাল সাউ জানান, শনিবার রাতে ১১ টা নাগাদ বাড়ির সন্নিকটে শনি মন্দিরের কাছে কয়েকজনের সঙ্গে ক্যাটারিং সংক্রান্ত বিষয়ে কথা কাটাকাটি হয়। তারপর উভয় পক্ষের মধ্যে ধাক্কাধাক্কি শুরু হয়ে যায়। ঝামেলা দেখা মাত্রই ছেলেকে বাড়িতে টেনে অনি। রাত একটা নাগাদ বাড়ির পিছন দিকে পরপর দুটি বোমা মারা হয়। কেশর বাবু আরও জানান, বোমার শব্দে বাড়ি কেঁপে ওঠে এবং সকলের ঘুম ভেঙে যায়। ঘর থেকে বেরিয়ে কাউকে দেখতে পাইনি। তবে চারিদিক ধোঁয়ায় পূর্ণ ছিল। কেশর বাবুর অনুমান, ছেলের সঙ্গে বিবাদের জেরেই বাড়িতে বোমা মারা হয়েছে। ঘটনায় জড়িতদের খোঁজ চালাচ্ছে জগদ্দল থানার পুলিশ।

# ডিভিশনাল ফরেন্সিক টিম তৈরি করছে কলকাতা পুলিশ

**নিজস্ব প্রতিবেদন:** ফরেন্সিক তদন্তে আরও গতি আনতে, সুষ্ঠু পথে তদন্ত এগিয়ে নিয়ে যেতে কলকাতা পুলিশের এই বিশেষ দলের ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ হতে চলেছে। কোথাও কোনও ঘটনা ঘটলে, কিংবা দুর্ঘটনা ঘটলে সঙ্গে সঙ্গে সেই টিম ঘটনাস্থলে পৌঁছবে। দ্রুততার সঙ্গে প্রমাণ সংগ্রহ করবে। ৯টি ডিভিশনের প্রতিটিতে ২ জন প্রশিক্ষণ প্রাপ্ত অফিসার থাকবেন। তাঁদের কাজ হবে, আওতাধীন এলাকায় ঘটনা কিংবা দুর্ঘটনা যাই ঘটুক না কেন দ্রুত পৌঁছে যাওয়া। এমনকী এলাকায় কোনও রকম অপরাধ ঘটলেও দ্রুত পৌঁছে যাবেন তাঁরা। ঘটনাস্থল ঘিরে নমুনা নষ্টের আগেই প্রমাণ সংগ্রহ নিশ্চিত করবেন তাঁরা। পরে ফরেন্সিক টিম গিয়ে যাতে আরও নমুনা জোগাড় করতে পারে তাও নিশ্চিত করাই এই বিশেষ টিমের কাজ হবে বলে লালবাজার সূত্রে খবর। ডিভিশনাল ফরেন্সিক টিমের জন্য ইন্সপেক্টর ও সাব ইন্সপেক্টর পদের ৩২ জন অফিসারকে বাছাই করা হয়েছে। ইতিমধ্যেই হাতে কলমে প্রশিক্ষণের কাজও শুরু হয়ে গিয়েছে তাঁদের। এরপর বিভিন্ন অফিসে তাঁদের মোতায়েন করা হবে। দেওয়া হবে জরুরি কিট। থাকবে দ্রুত ঘটনাস্থলে পৌঁছনোর সমস্ত রকম ব্যবস্থা। এই উদ্যোগে কোনও ঘটনার ফরেন্সিক রিপোর্ট আরও নিখুঁত হবে বলে মনে করছেন প্রাক্তন পুলিশ কর্তারা।

## সম্পাদকীয়

## আরও কাছে এসো...

তৃণমূলের পাশে কংগ্রেস। চিন্তায় সিপিএম। এ যেন স্বামীর গোপন প্রেমের খবরে স্ত্রীর অস্থিরতা। সান্ত্বনা অনুব্রতর। স্বস্তি লাল শিবিরে। এখন তো কাছাকাছি আসার সময়। টুইটারে অভিষের ছবি দিয়ে কেন্দ্রের মোদী সরকারকে তীব্র আক্রমণ করলো কংগ্রেস। রাজনৈতিক মহলে জল্পনাবিজেপি বিরোধী ঐক্যকে সামনে রেখে তৃণমূল ও কংগ্রেস কাছাকাছি আসার প্রক্রিয়া শুরু করে দিয়েছে। এর আগেও কংগ্রেস নেতারা পেগাসাস কেলেঙ্কারি নিয়ে মুখ খুলেছেন। এমনকী অভিষেকের হয়েও বলেছিলেন। কিন্তু দলীয় টুইটার হ্যান্ডেলে প্রতিবাদ এই প্রথম। কংগ্রেসের তরফে অনেক ভেবেচিন্তেই করা হয়েছে এই টুইট। ২০২৪ সালের লক্ষ্যে কংগ্রেস যে তৃণমূলের পাশে আসবে তা অনেক আগে থেকেই ইঙ্গিত মিলেছিল। বাংলায় একুশের নির্বাচনে ভোট প্রচারে মমতার বিরুদ্ধে কংগ্রেসের হাইকম্যান্ডের কারোরই দেখা মেলেনি। বাংলায় ভোট পরবর্তী থেকে প্রদেশ কংগ্রেস নেতা অধীর চৌধুরী যেভাবে তৃণমূলের প্রতি নমনীয় আচরণ করে চলেছিলেন তাতে জোটের ইঙ্গিত মিলেছিল। তবে একুশের মঞ্চ থেকে মমতা বন্দ্যোপাধ্যায় কংগ্রেসকে জোটের হাল ধরার আহ্বান জানাতেই বিলম্ব করেনি কংগ্রেস। ২০২১ সালের বিধানসভা ভোটের আগে মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাইপো অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ফোনে আড়ি পাতা হয়েছিল। যা বুঝিয়ে দিচ্ছে বিজেপি সরকার সীমাহীন নিরাপত্তাহীনতা ভুগছে। কংগ্রেসের টুইটটি শেয়ার করেছেন তৃণমূল সাংসদ ডেরেক ও ব্রায়েন। তৃণমূল আর কংগ্রেস যে কাছাকাছি আসছে তার স্পষ্ট ইঙ্গিত ইলতে শুরু করেছে। ২১ জুলাই মমতা বন্দ্যোপাধ্যায় ভার্চুয়াল মাধ্যমে যে বক্তব্য রাখেন দিল্লিতে বসে সেই বক্তব্য শুনেছিলেন কংগ্রেস নেতা তথা প্রাক্তনে কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি চিদম্বরম। প্রশা ন্ত কিশোর নিজে শরদ পাওয়ার ও গান্ধী পরিবারের সঙ্গে ইতিমধ্যেই দেখা করে জোটের সলতে পাকানোর কাজও শুরু করে দিয়েছেন। মমতা বিরোধী প্রদেশ কংগ্রেস নেতা অধীর চৌধুরী তৃণমূল সম্পর্কে নমনীয় মনোভাব দেখাতে শুরু করেছেন। আসন্ন উপনির্বাচনে ভবানীপুর কেন্দ্রে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে কংগ্রেসের তরফে প্রার্থী না দেওয়ার পক্ষে সওয়াল করেছেন। তৃণমূলের সঙ্গে জোট প্রসঙ্গের বিষয়টি হাইকম্যান্ডের উপরেই ছেড়ে দিয়েছেন। ফলে চিন্তায় পড়েছে সিপিএম। কংগ্রেস যদি তৃণমূলের সঙ্গে জোটের দিকে ঝোঁকে, তবে বাংলায় কী হবে বাম ও কংগ্রেসের জোটের আগামী ভবিষ্যত। নাকি সিপিএম রাজনীতির ময়দানে কংগ্রেস ও তৃণমূলের জোট বন্ধন মেনে নিতে পারবে? উত্তর দিয়েছেন বীরভূম জেলার তৃণমূল সভাপতি অনুব্রত মন্ডল। বিজেপিকে কাঠগড়ায় দাঁড় করাতে গিয়ে তিনি বামেদের প্রশংসা করলেন। বললেন, বাংলার মাটিতে ৩৪ বছর একটা দল শাসন করেছে। কিন্তু তারা এত মিথ্যা কথা বলত না। মানুষকে ঠকাত না। তুলনায় রাজ্যের বিরোধী দল যেভাবে মানুষকে ঠকায় আর প্রতারণা করে, তা নিয়ে কিছু বলার নেই। যাঁরা এই বিজেপি ছেড়েছেন, তাঁরা ভাল করেছেন বলে মন্তব্য করেন তিনি। রাজনৈতিক মহলের মতে, বাম বিরোধিতা থেকে যে তৃণমূল ধীরে ধীরে সরছে তারই ইঙ্গিত কী দিয়ে দিলেন অনুব্রত? লালমাটি বীরভূমের মাটিতে একটা সময়ে বামেদের তটস্থ করে রেখেছিলেন অনুব্রত। এর আগে কখনও বাম স্তুতি শোনা যায়নি। এখন সেই অনুব্রতর মুখেই বামেদের প্রশংসা রাজ্য রাজনীতিতে নয়া জল্পনা তৈরি করে দিল।

## আজকের দিন

### জন্মদিন



যুগল হংসরাজ

১৯১০ ভারতীয় চিত্রগ্রাহক বি আর পান্থুলুর জন্মদিন।
১৯২২ কবি, পণ্ডিত এবং জৈন ধর্মের প্রাক্তন সন্ন্যাসী চিত্রভানুর জন্মদিন।
১৯৩৪ অর্থনীতিবিদ জগদীশ ভগবতীর জন্মদিন।
১৯৭২ ভারতীয় অভিনেতা যুগল হংসরাজের জন্মদিন।

# বাড়ছে সাইবার ক্রাইম, ব্যাঙ্কে কতটা সুরক্ষিত আপনার টাকা?

**শান্তিরঞ্জন বন্দ্যোপাধ্যায়**




নিরন্তর বাড়ছে অনলাইনে জালিয়াতির সংখ্যা। প্রতিদিনই কেউ না কেউ শিকার হচ্ছেন এই ধরনের ঘটনার। ফোন থেকে চুরি হয়ে যাচ্ছে ব্যক্তিগত তথ্য। খালি হয়ে যাচ্ছে ব্যাঙ্ক অ্যাকাউন্ট। সাধারণ মানুষ ব্যাঙ্কে টাকা রাখে নিরাপত্তার কারণে। সেই নিরাপত্তাই যদি না থাকে তো ব্যাঙ্কে টাকা না রাখাই ভাল, মনে করছেন অর্থনৈতিক বিশেষজ্ঞদের একাংশ। কিভাবে ঘটে আর্থিক প্রতারণার ঘটনাগুলো।

ধাপে ধাপে বনগাঁর বাসিন্দা এক যুবকের অ্যাকাউন্ট থেকে উধাও হয়ে গিয়েছে ১০ হাজারেরও বেশি টাকা। বনগাঁ রেলবাজার সাহাপাড়ার বাসিন্দা রাজা মুখোপাধ্যায় নামে ওই যুবক। আর্থিক লেনদেনের জন্য আর পাঁচজনের মতোই দীর্ঘদিন ধরে ফোন পেঅ্যাপটি ব্যবহার করতেন তিনি। চলতি মাসের ৮ তারিখ ওই যুবকের কাছে একটি ফোন যায়। বলা হয়, তাঁর ফোন পেতে তিন হাজারের কিছু বেশি টাকা ক্যাশব্যাক জমে রয়েছে। তা যেন অবিলম্বে নিজের অ্যাকাউন্টে ট্রান্সফার করে নেন। একথা শোনার পর ফোনের ওপারে থাকা ব্যক্তির কাছে ওই ক্যাশব্যাকের অর্থ অ্যাকাউন্টে ট্রান্সফারের নিয়ম জানতে চান তিনি। রাজাকে গোটা পদ্ধতি বুঝিয়েও দেন ওই ব্যক্তি। অভিযোগ, সেই পদ্ধতিতে ক্যাশব্যাক ট্রান্সফার করতে গেলেই ধাপে ধাপে রাজার অ্যাকাউন্ট থেকে কেটে নেওয়া হয় দশ হাজার তিনশো দশ টাকা।

অনলাইনে কেনাকাটা করতে গিয়ে প্রতারিত হলেন আসানসোলের গোপালপুরের এক তরুণী। তাঁকে ভুল বুঝিয়ে অ্যাকাউন্টের পাসওয়ার্ড হাতিয়ে টাকা নিয়ে নেওয়া হয়েছে বলে অভিযোগ। গোপালপুরের বাসিন্দা অভিশ্রুতি মাজি পেশায় এক জন মেকআপ আর্টিস্ট। দিন কয়েক আগে মেকআপের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র অনলাইনে অর্ডার করেন তিনি। সম্প্রতি তাঁকে ফোন করে বলা হয়, মোবাইলে একটি অ্যাপ ডাউনলোড করতে। অভিশ্রুতি ওই অ্যাপ ডাউনলোড করতে প্রথমে রাজি ছিলেন না। কিন্তু তাঁকে ফোনে ভয় দেখায় প্রতারকরা। এর পর ওই অ্যাপ ডাউনলোড করতেই অভিশ্রুতির অ্যাকাউন্ট থেকে দ্রুত টাকা সরিয়ে ফেলে ওই গ্যাং। বিষয়টি নিয়ে লিখিত অভিযোগ দায়ের করেছেন অভিশ্রুতি। তাঁর বক্তব্য, ‘‘পাসওয়ার্ড পেয়েই ১০ মিনিটের মধ্যে ১০ বার টাকা লেনদেন করে প্রতারকরা। প্রতি বার তারা ৬ হাজার ৫০০ টাকা করে মোট ৬৫ হাজার টাকা তুলে নেয়। ওরা আমাকে ফোনে ব্যস্ত রেখেছিল। তার মধ্যেই টাকা লোপাট করে দেয়। পরে ওই নম্বর থেকে আবার ফোন করে বলা হয়, আপনি টাকা ফেরত চান না? আমি ওই নম্বরটা ব্লক করে দিয়েছি।’’

আর্থিক প্রতারণার ঘটনা মালদহ জেলার এক শিক্ষকের সঙ্গে। রিচার্জ না করালে সিমকার্ড বন্ধ হয়ে যাবে এ কথা বলে ওই শিক্ষককে ফাঁদে জড়িয়েছিলেন প্রতারকরা। তার পর ওই শিক্ষকের অ্যাকাউন্ট থেকে গায়েব করা হয়েছে ৩ লক্ষাধিক টাকা। পুলিশ জানিয়েছে, ওই স্কুল শিক্ষকের নাম শুভময় চৌধুরী। মালদহ টাউন স্কুলে ইংরেজির শিক্ষক তিনি। শিক্ষকের অভিযোগ, রাতে টেলিকম সংস্থার কর্মীর পরিচয় দিয়ে ফোন আসে তাঁর কাছে। ফোন করে তাঁকে বলা হয়, এখনই ১০ টাকার রিচার্জ করাতে হবে। না হলে সিমকার্ডের পরিষেবা বন্ধ করে দেওয়া হবে। রিচার্জ করার জন্য একটি লিঙ্কও পাঠানো হয় তাঁর মোবাইলে। লিঙ্কের মাধ্যমে শিক্ষক সঙ্গে সঙ্গে ১০ টাকার রিচার্জ করেন। তার পরই দেখেন গুগল পে থেকে ২৫ হাজার টাকা কেটে নেওয়া হয়েছে। তখন টেলিকম সংস্থার কর্মী হিসাবে ভুয়ো পরিচয় দেওয়া ওই ব্যক্তি জানান, গুগল পেতে গিয়ে টাকা ফেরত পাওয়ার উপায়। ওই শিক্ষক গুগল পেতে ঢুকলে সেখানে দেখায়, ২৫ হাজার টাকা ফেরত পেতে খেলতে হবে একটি গেম। টাকা ফেরতের আশায় ওই গেমও খেলেন তিনি। এর পরই তাঁর অ্যাকাউন্ট থেকে ধাপে ধাপে ৩ লক্ষ টাকা গায়েব হয়ে যাওয়ার অভিযোগ করেছেন ওই শিক্ষক।

আপডেট ইয়োর কেওয়াইসি। দেশের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক স্টেট ব্যাঙ্কের নাম করে আসা এমন মেসেজ মোবাইলে এলে সতর্ক থাকুন। এই ভুয়ো মেসেজে ক্লিক করলে মুহূর্তে উধাও হয়ে যেতে পারে ব্যাঙ্কে রাখা সব টাকাকড়ি। এই গোটা প্রতারণা চক্রের কলকাঠি নাড়া হচ্ছে চিন থেকে, এমনটাই জানাচ্ছে দিল্লির সাইবার সংস্থা ‘সাইবারপিস ফাউন্ডেশন’ এবং ‘অটোবট ইনফোসেক’। আধার কিংবা প্যানের তথ্য নথিভুক্তিসহ গ্রাহকের নানা তথ্য (কেওয়াইসি) সংক্রান্ত বিষয়ে অনেক সময়েই মোবাইলে মেসেজ আসে। জরুরি বিষয় ভেবে আমরাও অজান্তে তাতে ক্লিক করেই ফেলি। এই প্রবণতাকে কাজে লাগিয়েই প্রতারণা ফাঁদ পেতেছে চিনা সাইবার অপরাধীরা। দুই সাইবার সংস্থা জানাচ্ছে ভুয়ো লিঙ্কে ক্লিক করে আধার এবং ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত গোপন তথ্য ধাপে ধাপে দিতে থাকলেই সেই সব তথ্য পৌঁছে যাবে সাইবার অপরাধীদের কাছে। এই হ্যাকিং পদ্ধতিকে ‘ফিসিং’বলে। শুধু তাই নয়, গ্রাহকরা যাতে লিঙ্ক খুলতে বাধ্য হন, তার জন্য ৫০ লক্ষ টাকা পুরস্কারের টোপও দেওয়া হচ্ছে। যদিও এ বিষয়ে এসবিআইয়ের তরফে এখনও কিছুই জানানো হয়নি। তবে ব্যাঙ্ক সংস্থার সরকারি ওয়েবসাইটে গেলেই জানা যাবে, এমন পুরস্কারের কথা কোথাও ঘোষণা করা হয়নি। শুধু এসবিআই নয়, সাইবার বিশেষজ্ঞরা বলছেন, এই ‘ফিসিং’ পদ্ধতিতে আইডিএফসি, পিএনবি, ইন্ডাসিন্ড এবং কোটাক ব্যাঙ্কের গ্রাহকদেরও নিশানা করা হয়েছে।

মোবাইলে ‘কিউআর কোড’ স্ক্যান করতেই আবসরপ্রাপ্ত এক পুলিশ অফিসারের পেনশন অ্যাকাউন্ট থেকে গায়েব হয়ে গেল টাকা। পুলিশের কাছে অভিযোগে অবসরপ্রাপ্ত ওই পুলিশ অফিসার জানিয়েছেন, তাঁর ছেলে এবং পুত্রবধূ একটি ব্যবসার বিজ্ঞাপন দেন ফেসবুকসহ একাধিক নেটমাধ্যমে। সেখানে দেওয়া মোবাইল নম্বরে এর পর ফোন করেন এক ব্যক্তি। তিনি নিজেকে সেনাবাহিনীর মেজর বলে পরিচয় দিয়ে দমদমের ক্যান্টিনের জন্য ব্যাগের বরাত দেন। এটাই ছিল টোপ। যাতে সন্দেহ না হয়, তার জন্য সেনার পোশাক পরে ভিডিয়ো কলে কথাবার্তা বলতে থাকেন বলে দাবি ওই পরিবারের। তার পর একটি ‘কিউআর কোড’ পাঠানো হয় ওই মোবাইল নম্বরে। তা স্ক্যান করতেই ব্যাঙ্ক পেনশন অ্যাকাউন্ট থেকে উধাও হয়ে যায় টাকা! এই ঘটনার পর রীতিমতো অবাক হয়ে যান প্রাক্তন পুলিশ অফিসারের পরিবারের সদস্যরা। তাঁদের বক্তব্য, সেনাবাহিনীর পোশাক পরে যে ভাবে কথা বলা হয়েছিল, তাতে এতটুকু সন্দেহ হয়নি। অভিযোগ জানানো হয়েছে থানায়। প্রতারকদের ফাঁদে পড়ে লক্ষাধিক টাকা খুইয়েছেন ওই পরিবার। ওটিপিএর মাধ্যমে সাইবার প্রতারণার বিষয়গুলি সামনে এলেও, কিউআর কোডএর স্ক্যানের টোপ দিয়ে প্রতারণার ঘটনা খুব একটা সামনে আসেনি কলকাতায়। তবে হায়দরাবাদ, পুণে, মুম্বইসহ বিভিন্ন শহরে এমন প্রতারণার ফাঁদে পা দিয়ে টাকা খুইয়েছেন অনেকে। ইতিমধ্যে পর্ণশ্রী থানায় অভিযোগ জানিয়েছেন তাঁরা। একই সঙ্গে অভিযোগ জানানো হয়েছে সাইবার থানাতেও।



মাবাইলে ‘কিউআর কোড’ স্ক্যান করতেই আবসরপ্রাপ্ত এক পুলিশ অফিসারের পেনশন অ্যাকাউন্ট থেকে গায়েব হয়ে গেল টাকা। পুলিশের কাছে অভিযোগে অবসরপ্রাপ্ত ওই পুলিশ অফিসার জানিয়েছেন, তাঁর ছেলে এবং পুত্রবধূ একটি ব্যবসার বিজ্ঞাপন দেন ফেসবুকসহ একাধিক নেটমাধ্যমে। সেখানে দেওয়া মোবাইল নম্বরে এর পর ফোন করেন এক ব্যক্তি। তিনি নিজেকে সেনাবাহিনীর মেজর বলে পরিচয় দিয়ে দমদমের ক্যান্টিনের জন্য ব্যাগের বরাত দেন। এটাই ছিল টোপ। যাতে সন্দেহ না হয়, তার জন্য সেনার পোশাক পরে ভিডিয়ো কলে কথাবার্তা বলতে থাকেন বলে দাবি ওই পরিবারের। তার পর একটি ‘কিউআর কোড’ পাঠানো হয় ওই মোবাইল নম্বরে। তা স্ক্যান করতেই ব্যাঙ্ক পেনশন অ্যাকাউন্ট থেকে উধাও হয়ে যায় টাকা! এই ঘটনার পর রীতিমতো অবাক হয়ে যান প্রাক্তন পুলিশ অফিসারের পরিবারের সদস্যরা। তাঁদের বক্তব্য, সেনাবাহিনীর পোশাক পরে যে ভাবে কথা বলা হয়েছিল, তাতে এতটুকু সন্দেহ হয়নি। অভিযোগ জানানো হয়েছে থানায়। প্রতারকদের ফাঁদে পড়ে লক্ষাধিক টাকা খুইয়েছেন ওই পরিবার। ওটিপিএর মাধ্যমে সাইবার প্রতারণার বিষয়গুলি সামনে এলেও, কিউআর কোডএর স্ক্যানের টোপ দিয়ে প্রতারণার ঘটনা খুব একটা সামনে আসেনি কলকাতায়। তবে হায়দরাবাদ, পুণে, মুম্বইসহ বিভিন্ন শহরে এমন প্রতারণার ফাঁদে পা দিয়ে টাকা খুইয়েছেন অনেকে। ইতিমধ্যে পর্ণশ্রী থানায় অভিযোগ জানিয়েছেন তাঁরা। একই সঙ্গে অভিযোগ জানানো হয়েছে সাইবার থানাতেও।

দেশে করোনার টিকা নিয়ে যখন জোর কদমে প্রস্তুতি চলছে, এই সুযোগকে কাজে লাগিয়ে সক্রিয় হচ্ছে সাইবার প্রতারকরা। টিকার জন্য নাম নথিভুক্তকরণের প্রলোভন দেখিয়ে বহু মানুষের আধার এবং ব্যাঙ্কের নথি হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠল উত্তরপ্রদেশে। সম্প্রতি এমনই প্রতারণার ঘটনা নজরে পড়েছে রাজ্য প্রশাসনের। রাজ্য প্রশাসন সূত্রে খবর, গোরক্ষপুর, দেওরিয়া, বস্তি, মৌ, গাজিপুর এবং প্রতাপগড় থেকে এমন ভুরি ভুরি অভিযোগ উঠে এসেছে। টিকার জন্য আগ্রহ তুঙ্গে দেশবাসীর মধ্যে। নাম নথিভুক্তকরণের প্রাথমিক কাজ শুরু হয়েছে। আর এই সুযোগ কাজে লাগিয়ে সক্রিয় হচ্ছে সাইবার অপরাধীরা। গ্রাহকদের ফোন করে ব্যক্তিগত তথ্য যেমন আধার, ব্যাঙ্ক এমনকি বিমা সংক্রান্ত তথ্যও হাতিয়ে নিচ্ছে ওই প্রতারকরা। পরিস্থিতি সামাল দিতে দ্রুত পদক্ষেপ করেছে রাজ্য প্রশাসন। পুলিশ এবং রাজ্য স্বাস্থ্য দফতর থেকে রাজ্যবাসীকে এ বিষয়ে আরও সতর্ক হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। কোনও ভাবেই যেন কোনও ব্যক্তিগত তথ্য কারও হাতে তুলে না দেন সে বিষয়েও সচেতনতা প্রচার চালানো হচ্ছে। রাজ্যের স্বাস্থ্য দফতরের এক শীর্ষ আধিকারিকের কথায়, টিকার নাম নথিভুক্তকরণের জন্য অনেকেই প্রতারণার ফাঁদে পা দিচ্ছেন। এমন অনেক ঘটনা সম্প্রতি আমাদের নজরে এসেছে। তদন্ত চালানো হচ্ছে। অন্য দিকে, রাজ্য পুলিশের ডিজি দাওয়া শেরপা জানান, টিকার জন্য নাম নথিভুক্তকরণের প্রলোভন দেখিয়ে সাইবার অপরাধীরা মানুষের গুরুত্বপূর্ণ তথ্য চুরি করে নিচ্ছে। এর পরই তিনি বলেন, রাজ্যবাসীর কাছে আমার আবেদন আপনারা এ বিষয়ে সতর্ক থাকুন। এটা স্পষ্ট করে দিতে চাই যে কোনও সংস্থা বা সরকারি আধিকারিক টিকা কর্মসূচি বা বিতরণের কথা বলেনি। যখন এই কাজ শুরু হবে রাজ্যবাসীকে জানিয়ে দেওয়া হবে।

অনলাইনে টাকা লেনদেনের মোবাইল অ্যাপ ব্যবহার করতে গিয়ে প্রতারকদের খপ্পরে পড়ায় ৪৫ হাজার টাকা খুইয়েছেন বলে অভিযোগ করেছেন এক মহিলা। বাগুইআটির বাসিন্দা ওই মহিলা স্থানীয় থানায় অভিযোগ দায়ের করেছেন।তিস্তা ঘোষাল নামে ওই মহিলার বক্তব্য, একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের বাগুইআটি শাখায় তাঁর অ্যাকাউন্ট রয়েছে। ওই অ্যাকাউন্টের সঙ্গে তাঁর যে মোবাইল নম্বর সংযুক্ত ছিল, সম্প্রতি সেটি পাল্টেছিলেন তিস্তা। নতুন নম্বর ওই অ্যাকাউন্টের সঙ্গে লিঙ্ক করিয়েছিলেন তিনি। এর পরে একটি আন্তর্জাতিক মোবাইল ওয়ালেটের সঙ্গে নিজের অ্যাকাউন্ট লিঙ্ক করানোর চেষ্টা করেন তিস্তা। কিন্তু কোনও ভাবেই তাঁর কাছে ওটিপি (ওয়ান টাইম পাসওয়ার্ড) আসছিল না। ওই অ্যাপে সুবিধা না হওয়ায় তিস্তা সমগোত্রীয় অন্য একটি অ্যাপ ডাউনলোড করেন। কিন্তু সেখানেও একই অসুবিধা দেখা দেয়। অ্যাকাউন্ট লিঙ্ক করানোর পরেও তাঁর কাছে কোনও ওটিপি আসছিল না। এর পরে তিনি ওই অ্যাপের ক্রেতা পরিষেবা দফতরে ফোন করেন। তিস্তার অভিযোগ, ওই অ্যাপ কর্তৃপক্ষকে বিষয়টি জানানোর পরেই অন্য একটি নম্বর থেকে তাঁর কাছে ফোন আসে। এক ব্যক্তি তাঁকে জানায়, ‘কিউ এস’ এবং ‘এনি ডেস্ক’ ডাউনলোড করতে হবে এবং সেখানে নিজের মোবাইল নম্বর, এটিএম পিন ও ব্যাঙ্ক অ্যাকাউন্টের নম্বর বসাতে হবে। তিস্তা অনলাইনে সেই তথ্য দেওয়ার পরেই তাঁর অ্যাকাউন্ট থেকে ৪৫ হাজার টাকা সরানো হয়। অভিযোগকারিণীর দাবি, ফোনের ব্যক্তি তাঁকে বলেছিল, ওই তথ্য তিনি যেন আর কাউকে না দেন। এ কথা শোনার পরে তাঁর ধারণা হয় যে, তিনি ঠকবেন না। কিন্তু তা যে প্রতারকদের এক ধরনের কৌশল, তা তিনি বুঝতে পারেননি।

কী ভাবে অনলাইন জালিয়াতি থেকে নিজের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সুরক্ষিত রাখবেন? হালে এসবিআইএর তরফে নেটমাধ্যমে সে বিষয়ে সতর্ক করা হয়েছে। কী বলা হয়েছে সেখানে। নেটমাধ্যমে নিজের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত কোনও তথ্য কখনও প্রকাশ করবেন না। ভাল করে না চিনে কাউকে অনলাইনে টাকা পাঠাবেন না। কোনও লিংক সম্পর্কে ভাল করে না জেনে, সেই লিংকএ ক্লিক করবেন না। ডেবিট বা ক্রেডিট কার্ডের তথ্য কাউকে বলবেন না। ভুল তথ্য দেওয়া মেসেজ সম্পর্কে সাবধান থাকুন। এসবিআইএর তরফে ফোন ব্যবহার নিয়ে সতর্ক করা হয়েছে। এর বাইরেও সাইবার অপরাধ বিশেষজ্ঞেরা সাবধান করছেন আরও কয়েকটি বিষয়ে। বলছেন, ফোনে কিছু তথ্য না রাখতে। সেগুলি থাকলেও ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে লোপাট হয়ে যেতে পারে টাকা। ডেবিট বা ক্রেডিট কার্ডের ছবি তুলে ফোনে রাখবেন না। ফোন কারও হাতে গেলে আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট আর নিরাপদ থাকবে না। ফোনের বা কম্পিউটারের ব্রাউজারে ব্যাঙ্কের পাসওয়ার্ড সেভ করবেন না। ফোনের ভিতরে কোথাও ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত কোনও তথ্য লিখে রাখবেন না। এটিএম কার্ডের পিন নম্বরটি ফোনের কোথাও লিখে রাখবেন না। মনে রাখুন শুধু। কোনও অচেনা অ্যাপ ফোনে ডাউনলোড করবেন না। অসাধু ব্যক্তিরা অনেক সময়ে ব্যাঙ্ককর্মী সেজে ফোন করে ফোনে বিভিন্ন অ্যাপ ডাউনলোড করতে বলে। এটি কখনও করবেন না। কারণ প্রকৃত ব্যাঙ্ককর্মীরা এই ধরনের কোনও কাজ করতে বলেন না। ব্যাঙ্ক সংক্রান্ত কোনও তথ্য ফোনে কাউকে দেবেন না। ব্যাঙ্ক কর্মীদের কিছু জানাতে হলে শাখায় গিয়ে জানান।

প্রযুক্তি উন্নত হচ্ছে। কমছে মানুষের দৈহিক পরিশ্রম। টেকনোলজির কারণে আজ ব্যাঙ্কে না গিয়েও লেনদেন সম্ভব হচ্ছে। কিন্তু উল্টোদিকে কমছে নিরাপত্তাও। অ্যাকাউন্ট থেকে নিমেষে উধাও হয়ে যাচ্ছে লক্ষ লক্ষ টাকা। অ্যাকাউন্ট হোল্ডার যখন টের পাচ্ছেন তখন অনেক দেরি হয়ে গেছে। তিনি নিঃস্ব হয়ে গেছেন। এই ধরণের ঘটনা প্রতিদিন ঘটছে আমাদের দেশে, তথা বিশ্বে। তাই আজ প্রশ্ন করার সময় এসেছে, সর্বসাধরণের জন্যই কি প্রযুক্তির উন্নতি সাধন করা হয়েছে? নাকি বিশেষ এক সম্প্রদায়, যারা অন্যের টাকা চুরি করে নিজেদের সম্পদের পাহাড় গড়ে তাদের স্বার্থেই এই প্রযুক্তির উন্নতিবিধান? ইতিহাস বলছে অন্যকথা।

বিশ্বে তথা ভারতে কোটি কোটি সম্পদের মালিক যারা, তাদের এই সম্পত্তি কোথা থেকে এসেছে? এসেছে লক্ষ কোটি মানুষের সম্বল কেড়ে নিয়ে। তাই বলা হয়, সম্পদ সর্বদাই রক্তস্নাত। ইতিহাসের এই চাবিকাঠি থেকে যদি বর্তমানে অনলাইনে ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে টাকা চুরি মেলানো যায়, তবে মনে হয় কোথায় যেন একটা যোগসূত্র পাওয়া যাবে। প্রযুক্তি উন্নত হয়েছে ঠিক কথা। কিন্তু প্রযুক্তি এমনভাবে গড়ে তোলা হয়নি তো, যাতে অন্যদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে হানা দিয়ে টাকা গায়েব করা যায়। বর্তমানে ঘটনাবলি কিন্তু সেদিকের সত্যতাকেই নির্দেশ করছে।

বেড়ে চলা সাইবার ক্রাইম বা অনলাইন ব্যাঙ্ক জালিয়ারি রুখতে রাজ্যে গঠিত হতে চলেছে নতুন ২৫ টি সাইবার পুলিশ থানা। চব্বিশটি জেলা পিছু একটি করে এবং ক্রিমিন্যাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের (সিআইডি)তে একটি। কোন জেলার অপরাধ কোন আদালতের বিচারভুক্ত হবে, তা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে বিজ্ঞপ্তিতে। এ যাবৎ রাজ্যে একটিই সাইবার পুলিস স্টেশন ছিল। সেটি কলকাতা পুলিশের লালবাজারে। কিন্তু সাম্প্রতিক কালে রাজ্যজুড়ে যে হারে বাড়বাড়ন্ত হয়েছে সাইবারঅপরাধের, জেলায় জেলায় নির্দিষ্ট সাইবার থানা গড়ার প্রয়োজনীয়তা বেশ কিছুদিন ধরেই অনুভব করছিল সরকার। শুধু মহানগরীর একটি থানা রাজ্যের সার্বিক সাইবার অপরাধচিত্রের নিরিখে অপ্রতুল বলেই মনে করছিলেন স্বরাষ্ট্র দপ্তরের কর্তারা। স্বরাষ্ট্র দপ্তর সূত্রের খবর, ব্যাঙ্ক জালিয়াতি থেকে শুরু করে সোশ্যাল মিডিয়ায় উস্কানিমূলক ‘ফেক নিউজ’ ছড়ানোর ক্রমবর্ধমান প্রবণতায় রাশ টানতেই জেলায় জেলায় সাইবার থানা চালু করতে উদ্যোগী হয়েছে সরকার। সেই উদ্যোগই পরিণতি পেয়েছে সরকারি বিজ্ঞপ্তিতে। যাতে জানানো হয়েছে, রাজ্যের ২৪ টি জেলার প্রত্যেকটিতে গড়ে তোলা হবে সাইবার থানা। একটি থানা চালু হবে পশ্চিমবঙ্গ পুলিশের সিআইডিতেও। যার আওতায় থাকবে রাজ্যের যে কোনও জায়গায় ঘটে যাওয়া সাইবার ক্রাইম। প্রতিটি নতুন থানার জন্য একজন ইন্সপেক্টর এবং একজন সাবইন্সপেক্টরের নিয়োগেও ছাড়পত্র দেওয়া হয়েছে এই বিজ্ঞপ্তিতে।

# শিশু পাচার-কাণ্ডের তদন্তে বাঁকুড়া সংশোধনাগারে হাজির সিআইডি

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** শিশু পাচারকারীদের সঙ্গে যোগাযোগ গড়ে উঠেছিল কী ভাবে? কীভাবে হত লেনদেন? এমনই নানা প্রশ্নের উত্তর পেতে রবিবার বাঁকুড়া সংশোধনাগারে গিয়ে শিশুদের মা এবং অন্যান্য অভিযুক্তদের জিজ্ঞাসাবাদ করলেন সিআইডি আধিকারিকরা। পাশাপাশি জওহর নবোদয় বিদ্যালয়ের অধ্যক্ষ কমলকুমার রাজোরিয়া-সহ মূল তিন অভিযুক্তকে জেরা করে যে সব তথ্য মিলেছে তা কতটা সত্য তাও পরখ করে নেওয়া হয়।

তদন্তের স্বার্থে জেল হেফাজতে থাকা ছ'জনকে জিজ্ঞাসাবাদের অনুমতি চেয়ে শনিবার বাঁকুড়া জেলা আদালতে আবেদন জানিয়েছিল সিআইডি। আদালত সেই আবেদন মঞ্জুর করে। রবিবার সিআইডি-র পাঁচ সদস্যের একটি দল বাঁকুড়া সংশোধনাগারে হাজির হয়। সংশোধনাগার সূত্রে জানা গিয়েছে, প্রায় এক ঘণ্টা ধরে জিজ্ঞাসাবাদ করা হয় উদ্ধার হওয়া পাঁচ




শিশুর মা রিয়া বাদ্যকরকে। রিয়ার সঙ্গে রাজোরিয়ার যোগাযোগ কীভাবে গড়ে উঠল তা জানতে চাওয়া হয়। এর পাশাপাশি, শিশু বিক্রি নিয়ে দু'পক্ষের মধ্যে টাকাপয়সা সংক্রান্ত লেনদেনের বিষয়টিও খতিয়ে দেখা হয়। ঘটনার দিন মোট পাঁচটি শিশু উদ্ধার করা হয়েছিল। তার মধ্যে দু'টি শিশু ছিল রিয়ার কাছে। সেই দু'টিও বিক্রির ছক কষা হয়েছিল কি না তাও রিয়ার কাছে জানতে চান সিআইডি আধিকারিকরা।

জওহর নবোদয় বিদ্যালয়ের অধ্যক্ষ ছাড়াও, সেখানকার শিক্ষিকা সুষমা শর্মার স্বামী সতীশ ঠাকুর এবং চায়ের দোকানদার স্বপন দত্তকে জেরা করে একাধিক তথ্য পেয়েছেন তদন্তকারীরা। তা কতটা ঠিক তা এ দিন রিয়াকে জেরা করে যাচাই করে নেওয়া হয়। রিয়া ছাড়া আরও পাঁচ অভিযুক্তকে জেরা করেন গোয়েন্দারা। শিশু পাচারচক্রের জাল অন্যত্র ছড়িয়ে রয়েছে কি না সে বিষয়ে নিশ্চিত হতে মূল তিন অভিযুক্তের মোবাইলের কল রেকর্ডস খতিয়ে দেখা হচ্ছে। পাশাপাশি অভিযুক্তদের ব্যাংক আকাউন্টও গোয়েন্দারা খতিয়ে দেখতে পারেন।

# নির্দিষ্ট সময়ের পরও খোলা থাকছে বার, গ্রেপ্তার ১০

**নিজস্ব প্রতিবেদন, শিলিগুড়ি:** ফের কোভিড বিধি নির্দিষ্ট সময়ের পরেও খোলা থাকল বার। নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে নির্দিষ্ট সময়ের পরও চলছিল মদ্যপানের আসর। খবর পেয়ে অভিযান চালায় শিলিগুড়ি পুলিশ। অভিযান চালিয়ে শনিবার রাতে ফের শিলিগুড়ি থেকে ১০ জনকে গ্রেপ্তার করল পুলিশ।

রাজ্যজুড়ে শিথিল হলেও এখনও কার্যকর কোভিডবিধি। বার, রেস্তোরাঁ খুললেও তা চলছে নিয়ম মেনে। রাত ৮ টার মধ্যে ঝাঁপ বন্ধ করতে হচ্ছে বার, রেস্তোরাঁর। কিন্তু বেশ কিছু এলাকায় সেই নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে চলছে পার্টি। রাত ৮টার পরও মদ্যপান, খাওয়া দাওয়া হচ্ছে। বারবার সামনে আসছে এ ধরনের অভিযোগ। এবার ফের একবার একই অভিযোগ উঠল শিলিগুড়ির এক বারের বিরুদ্ধে।

শনিবার নির্দিষ্ট সময়ের পরও

## শিলিগুড়ি

চলছিল পার্টি। এমন খবর পেয়ে রাত সাড়ে নটা নাগাদ প্রধাননগর থানার পুলিশ ৩১ নম্বর জাতীয় সড়কের ধারে একটি বারে অভিযান চালায়। দেখা যায়, সেখানে তখনও মদ্যপান, খাওয়া দাওয়া চলছে। কোভিড বিধি ভাঙায় বারের এক কর্মী-সহ মোট ১০ জনকে গ্রেপ্তার করা হয়। মহামারি আইনে বারের মালিক ও ধৃতদের বিরুদ্ধে মামলা রুজু করেছে পুলিশ। অভিযুক্তদের রবিবার আদালতে তোলা হবে। রাজ্যে এখনও করোনা বিধি জারি রয়েছে। বিশেষজ্ঞদের মতে, করোনার তৃতীয় ঢেউ ধেয়ে



আসছে। সামান্য অসাবধানতার জন্য বড় খেসারত দিতে হতে পারে আমাদের। তা সত্ত্বেও কিছু মানুষের এমন বেপরোয়া গতিবিধিই ভাবাচ্ছে সকলকে। এমন পরিস্থিতিতে চলতি মাসের শুরুর দিকেই পার্কস্ট্রিটের অভিজাত হোটেলে পার্টির আয়োজন হয়। পুলিশ হানা দিলে আয়োজকদের সঙ্গে বচসা এবং ধস্তাধস্তিও হয়। তারপর ঘটনাস্থল থেকে ৩৭ জনকে গ্রেপ্তার করা হয়। আরও একটি হোটেলে পার্টির আয়োজন করা হয়েছিল বলে অভিযোগ। এর পরই এই ঘটনার পুনরাবৃত্তি ঘটে শিলিগুড়িতে। করোনাবিধি লঙ্ঘন করে ফের হোটেলে পার্টির আয়োজন করা হয়। পুলিশ গোপন অভিযান চালিয়ে পুরুষ ও মহিলা মিলিয়ে মোট ৪১ জনকে গ্রেপ্তার করে। তার পরেও যে মানুশের হুঁশ ফেরেনি তা প্রমাণ করে দিল শনিবার রাতের ঘটনা।

**পূর্ব রেলওয়ে**

**ই-টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ওপি/এসডিএএইচ/ওটি/২১-০০১, তারিখ ঃ ২২.০৭.২০২১।** সিনিয়র ডিভিসনাল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার/ওপি/এসডিএএইচ, ২য় তল, কন্ট্রোল বিল্ডিং, শিয়ালদহ, পূর্ব রেলওয়ে, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন ঃ **টেন্ডার নম্বর ঃ ওপি/এসডিএএইচ/ওটি/২১-০০১। কাজের নাম ঃ** দুই বছর অর্থাৎ ৭৩০ দিনের জন্য ঝাড়পোছ/পরিচ্ছন্নতা ও ভর্তুকিযুক্ত খাবার (লাঞ্চ/ডিনার/টিফিন) (আমিশ/নিরামিশ) সরবরাহ সমতে এলকেপিআর ও এনএমকেএ-তে রানিং রুমসমূহের রক্ষণাবেক্ষণ এবং রানিং স্টাফদের পরিবেশন। **টেন্ডার মূল্যমান ঃ** ৩৪,১৮,৪৯৮.০০ টাকা। **বায়নামূল্য ঃ** শূন্য। **বন্ধের তারিখ ঃ** ২০.০৮.২০২১ তারিখে দুপুর ৩টা। টেন্ডার বিজ্ঞপ্তির বিশদ বিবরণ এবং সময়ে সময়ে ইস্যু করা সংশোধনী ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে।

(SDAH-56/2021-22)

টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

# বেআইনিভাবে জলাশয় ভরাটের বিরুদ্ধে পথে নামল পানাগড় নাগরিক মঞ্চ



**নিজস্ব প্রতিবেদন, পানাগড়:** কাঁকসা এবং পানাগড়ে বেআইনিভাবে জলাশয় ভরাটের বিরুদ্ধে এবার পথে নামল পানাগড় নাগরিক মঞ্চের সদস্যরা।

পূর্বে যে সমস্ত জলাশয় বেআইনিভাবে ভরাট হয়েছিল তার বিরুদ্ধে আন্দোলন শুরু করেছিলেন পানাগড় নাগরিক মঞ্চের সদস্যরা। কাঁকসার বিডিওর কাছে জলাশয় ভরাটের বিরুদ্ধে একাধিক বার অভিযোগ জানানোর পাশাপাশি লিখিতভাবে ডেপুটেশনও দিয়েছিলেন তারা। এবার কাঁকসা ব্লকের বিডিও সুদীপ্ত ভট্টাচার্যের কাছে অনুমতি নিয়ে কাঁকসা এবং পানাগড়ে যে সমস্ত জলাশয় ভরাট করা হয়েছে বা জলাশয় ভরাট করার চেষ্টা করা হয়েছিল, সেই সমস্ত জলাশয়ের সামনে নির্দেশনামা দিয়ে বোর্ড লাগানো শুরু করল পানাগড় নাগরিক মঞ্চের সদস্যরা। পানাগড় নাগরিক মঞ্চের সদস্য প্রকাশ দাস জানিয়েছেন, প্রশাসনের অনুমতি নিয়ে তারা রবিবার থেকে কাঁকসার সমস্ত জলাশয় বাঁচানোর লক্ষ্য নিয়ে আন্দোলন শুরু করেছেন। কিছু জমি মাফিয়া এলাকায় জলাশয় ভরাট করে সেই জলাশয় চড়া দামে বিক্রি করার চক্রান্ত করছে। এদিন বোর্ড লাগিয়ে তাদের সতর্ক করার কাজ শুরু হল। এরপরেও যদি কাজ না হয় তবে আগামী দিনে তারা বৃহত্তর আন্দোলন শুরু করবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন।

# রাস্তায় ধান গাছ পুঁতে বিক্ষোভ দেখাল গ্রামবাসীরা



**নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া:** রাস্তার মধ্যে জমে থাকা জল ও কাদার ওপরে ধান গাছ রোপন করে ও মাছ ছেড়ে বিক্ষোভ প্রদর্শনী দেখাল গ্রামবাসীরা। এই ঘটনাটি রবিবার পুরুলিয়া জেলার বাঘমুন্ডি ব্লকের মাঠা অঞ্চলের ধনুড়ি গ্রামে। জানা যায়, প্রায় তিন বছর ধরে ধনুড়ি গ্রামের প্রায় ১ কিমি কাঁচা রাস্তা বেহাল অবস্থায় পড়ে রয়েছে। বর্ষাকাল এলেই এই রাস্তার অবস্থা সত্যিই আরও নাজেহাল হয়ে পড়ে। এই সময়ে এই কাঁচা রাস্তাতে জল ও কাদায় পরিপূর্ণ। যার ফলে ভোগান্তিতে পড়েছে এলাকার মানুষ সহ ঝাড়খণ্ড লাগোয়া গ্রামগুলো থেকে দৈনন্দিন যাতায়াতকারী মানুষজন। ধনুড়ি গ্রামের বাসিন্দাদের অভিযোগ, বহুদিন ধরে মাঠা গ্রাম পঞ্চায়েতে আবেদন জানালেও আজ পর্যন্ত সেটার কোনো সুরাহা হয়নি। স্থানীয় নেতা থেকে শুরু করে পঞ্চায়েতে দ্বারস্থ হয়েও কোনও লাভ হয়নি। গ্রামটি অ্যাম্বুল্যান্স পরিষেবা থেকেও বঞ্চিত, কারণ এই বেহাল রাস্তাতে অ্যাম্বুল্যান্স যাতায়াত করলেই গাড়ির চাকা

## পুরুলিয়া

ফেঁসে গিয়ে বিপত্তি ঘটে। তাই আজকে সেই রাস্তার মধ্যে ধান গাছ রোপন করে ও রাস্তার জলের ওপর মাছ ছেড়ে বিক্ষোভ প্রদর্শনী করা হল। গ্রামবাসীদের দাবি বেহাল রাস্তার শীঘ্রই মেরামত করতে হবে তা নাহলে বাসিন্দারা পরবর্তী দিনে এর থেকেও বড় বিক্ষোভে নামবেন। এদিনের ঘটনার খবর পেয়ে বাঘমুন্ডি ব্লকের বিডিও দেবরাজ ঘোষ খুব শীঘ্রই সেই রাস্তার মেরামতির ব্যবস্থা করার আশ্বাস দেন।

# খড়গপুরে যুবককে পিটিয়ে খুনের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, খড়গপুর:** জনবহুল এলাকায় বেপরোয়া গতিতে বাইক চালানোর প্রতিবাদ করায় যুবককে পিটিয়ে খুনের অভিযোগ। শনিবার রাতে এই ঘটনার জেরে চাঞ্চল্য ছড়িয়েছে খড়গপুর শহরে। তদন্ত শুরু করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, শনিবার রাতে খড়গপুর টাউন থানার নিমপুরা এলাকার ক্ষুদিরাম পল্লিতে ওই ঘটনা ঘটেছে। নিহতের পরিবারের অভিযোগ, শনিবার রাতে বিশ্বদেব শর্মা ওরফে মনু নামে এক স্থানীয় যুবক বেপরোয়াভাবে মোটর সাইকেল চালাচ্ছিলেন। তার প্রতিবাদ করেন বাপি মাহাতো (২৬) নামে আর এক যুবক। নিহতের পরিবারের অভিযোগ, এ নিয়ে দু'জনের মধ্যে বচসা হয়। অভিযোগ, দু'জনের বচসা চলাকালীন আচমকাই বাপিকে মাথায় এবং বুকে আঘাত করেন মনু। বাপি মাটিতে লুটিয়ে পড়েন। স্থানীয় বাসিন্দারা বাপিকে খড়গপুর মহকুমা হাসপাতালে নিয়ে যান। কিন্তু চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। ওই কাণ্ডে খড়গপুর টাউন থানায় অভিযোগ দায়ের হয়েছে। ঘটনার পর থেকে অভিযুক্ত মনুর খোঁজ মিলছে না।

# লকডাউনে হারিয়ে যাওয়া ছেলেকে পরিবারের হাতে তুলে দিল পুলিশ

**নিজস্ব প্রতিবেদন, বারাসত:** ২০২০ সালে লকডাউনের সময় বিহার থেকে হারিয়ে যায় বছর ২৬ এর যুবকক নারায়ণ কুমার সিং। হন্যে হয়ে খুঁজেও মানসিক ভারসাম্যহীন ছেলের খোঁজ পাচ্ছিল না পরিবার। অবশেষে বসিরহাট থানার পুলিশের উদ্যোগে হারানো ছেলেকে ফিরে পেল বাবা মা। বিহার থেকে গাড়ি করে এসে তার বাবা বিপিন সিং ও কাকা হরপিত সিং বসিরহাট থানায় আসে। রবিবারই উপযুক্ত নথিপত্র দেখিয়ে ছেলেকে নিয়ে বাড়ি উদ্দেশ্যে রওনা দেন তারা। ছেলেকে ফিরে পাওয়ার আশা ছেড়ে দিয়ে আকস্মিক পুলিশের উদ্যোগে ছেলেকে ফিরে আনন্দে আত্মহারা পরিবার। সঙ্গে বাড়ির পরিচিতদের সান্নিধ্যে এসে মানসিক ভারসাম্যহীন যুবকও স্বস্তি পেল। ফিরে যেতে যেতে রাজ্য পুলিশের এই মানবিক মুখের প্রশংসা করতে ভোলেননি যুবকে বাবা বিপিন সিং। তিনি বলেন, মানসিক ভারসাম্যহীন ছেলেকে ফিরে পাব ভাবিনি। ওর সামর্থ্য ছিল না রাস্তা চিনে বাড়িতে ফিরে যাওয়ার। বসিরহাট থানার পুলিশ যা করল এই ঋণ আমরা কোনওদিন পূরণ করতে পারবে না। পুলিশ সাহেবদের অনেক অনেক ধন্যবাদ জানাই। পুলিশ সূত্রে জানা গিয়েছে, নারায়ণ কুমার সিং বিহারের রামচন্দ্রপুর লদী সরাই থানা এলাকা থেকে নিখোঁজ হয়ে যায়। বাবা বিপিন কুমার সিং স্থানীয় থানায় নিখোঁজের অভিযোগ করলেও, তার আর খোঁজ পাওয়া যায় না। দীর্ঘ এক বছর ধরে পুলিশ, সোশ্যাল মিডিয়া, হোয়াটসঅ্যাপ, ফেসবুকে, ছেলের ছবি দিয়ে পোস্ট করলেও কোন খোঁজ মেলেনি।

দিন কয়েক আগে থেকে, বসিরহাট থানার ১৬, নম্বর ওয়ার্ডের হরিশপুর এলাকায় এক অজ্ঞাতপরিচয় যুবকে অস্বাভাবিক অবস্থায় ঘোরাঘুরি করতে দেখে এলাকাবাসী। স্থানীয় বাসিন্দারা খবর দিলে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে প্রথমে বসিরহাট জেলা হাসপাতালে চিকিৎসা করা হয়। সেখানে তার চিকিৎসা করিয়ে চুলদাড়ি কাটিয়ে খাবারের ব্যবস্থা করা হয়। তাকে দীর্ঘ জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে তার গ্রামের ও থানার নাম। বসিরহাট থানার দায়িত্ব প্রাপ্ত পুলিশ আধিকারিক সুরিন্দর সিং নিজের উদ্যোগে লক্ষ্মী সরাই থানার সঙ্গে যোগাযোগ করে নিখোঁজ যুবকের বাড়ির মোবাইল ফোন নম্বর জোগাড় করেন। সেই নম্বরে যুবকের বাবা বিপিন কুমার সিং এর সঙ্গে ভিডিও কনফারেন্সের করায় ছেলেকে শনাক্ত করেন বাবা। এরপরেই এদিন পুলিশ আধিকারিক ছেলেকে তুলে দেন বাবার হাতে। অতিমারির ব্যস্ততার মধ্যেও পুলিশের এই উদ্যোগকে আরো একবার রাজ্য পুলিশের মানবিক মুখ সামনে উঠে এল।

## বারাসত

# আরামবাগে পালিত হল ওয়ার্ল্ড ড্রাউনিং প্রিভেনশন ডে



**মহেশ্বর চক্রবর্তী ● হুগলি**

সারা দেশ জুড়ে ২৫ জুলাই পালিত হল ওয়ার্ল্ড ড্রাউনিং প্রিভেনশন ডে। সেই মতো হুগলি জেলার আরামবাগেও দিনটি পালন করা হয়। এদিন আরামবাগের দৌলতপুর এলাকার শ্রীপল্লি গ্রামে একটি বিরাট আকৃতির জলাশয়ে কেন্দ্রীয় এনডিআরএফের দল গ্রামের মানুষকে সঙ্গে নিয়ে এই দিনটি পালন করে। জানা গিয়েছে, শিশু থেকে যুবকেরা ও বয়স্ক ব্যক্তিরা কিভাবে জলে ডোবার হাত থেকে বাঁচতে পারে সেই বিষয়ে এই এনডিআরএফের দলটি সচেতন করে। উল্লেখ্য, জাতিসংঘের সাধারণ পরিষদের ঘোষণা মতো এই দিনটি ২৫ জুলাই অনুষ্ঠিত হয়। এই বছরও সারা বিশ্বের পাশাপাশি ভারতেও পালিত হয়। প্রতি বছর আনুমানিক সারা বিশ্বে ২,৩৬,০০০ মানুষ জলে ডুবে মারা যায় এবং ৫ বছর বয়সি শিশু ও যুবকের জলে ডুবে মৃত্যু হয়। মর্মান্তিক ঘটনা থেকে এলাকার মানুষকে

## হুগলি

সুরক্ষিত করতে অবশ্য শিশু ও যুবককে সাঁতার শেখানো, গভীর জল থেকে শিশুদের উদ্ধারের পদ্ধতি, নৌকা চালানো ও ফেরিঘাট পারাপারের পদ্ধতি সম্পর্কে এদিন এনডিআরএফের দলটি এলাকার মানুষকে বার্তা দেন।

# চিকিৎসকের গাফিলতিতে প্রসূতি মৃত্যুর অভিযোগ, বিক্ষোভ

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** চিকিৎসকের গাফিলতিতে প্রসূতির মৃত্যুর অভিযোগ। মৃতদেহ নদিয়ার কৃষ্ণগঞ্জ থানায় মৃতদেহ রেখে বিক্ষোভ দেখাল মৃতের পরিবারের লোকজন ও স্থানীয় বাসিন্দারা। ঘটনার সূত্রপাত সুপ্রিয়া ঘোষ নামে এক গর্ভবতী মহিলা কৃষ্ণনগরের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসক রাজীব বিশ্বাসের তত্ত্বাবধানে সিজার করে একটি পুত্র সন্তান জন্ম দেন। ঘটনার পর সুপ্রিয়া দেবীর অবস্থার অবনতি হলে তাকে কলকাতা এনআরএস হাসপাতালে স্থানান্তরিত করা হয়। শনিবার বিকেলে মৃত্যু হয় সুপ্রিয়া দেবীর। ঘটনার পর কলকাতা এনআরএস হাসপাতাল থেকে মৃতদেহ নিয়ে এসে কৃষ্ণগঞ্জ থানা মৃতদেহ রেখে ময়নাতদন্তের দাবি তুলে বিক্ষোভ শুরু করে পরিবারের লোকজন। মৃত গৃহবধূর পরিবার ও আত্মীয়দের দাবি, সিজার করার সময় চিকিৎসক ভুল অস্ত্রোপচার করেছিলেন আর তাই এই মৃত্যু।

# কংগ্রেস নেতার শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে কেন্দ্রর বিরুদ্ধে সমালোচনা রাজ্যসভা সাংসদ প্রদীপ ভট্টাচার্যের




**নিজস্ব প্রতিবেদন, আসানসোল:** আসানসোলে কংগ্রেসের শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে এসে কেন্দ্রর বিরুদ্ধে সমালোচনার পাশাপাশি বিরোধী দলগুলোকে এক জোট হওয়ার আহ্বান জানালেন কংগ্রেসের রাজ্যসভা সাংসদ প্রদীপ ভট্টাচার্য। রবিবার আসানসোলে কংগ্রেসের বর্ষীয়ান নেতা স্বর্গীয় সিদ্ধার্থ দাশগুপ্তের স্মৃতি উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এদিন আসানসোলের কুমারপুরের এক বেসরকারি হোটেলে এই শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এদিনের শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে উপস্থিত হয়ে ফুলমালা দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন প্রদীপ ভট্টাচার্য। প্রদীপ ভট্টাচার্য ছাড়াও উপস্থিত ছিলেন, আসানসোল পুরনিগমের প্রশাসক বোর্ডের চেয়ারম্যান অমরনাথ চট্টোপাধ্যায়, হারজিত সিং, আকাশ মুখার্জি, বাপি ধর, প্রসেনজিৎ পুইতন্ডি, শাহ আলম সহ কংগ্রেস নেতৃবৃন্দ। এদিন প্রদীপ ভট্টাচার্যকে মুখ্যমন্ত্রীর দিল্লি সফরের বিষয়ে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, বিভিন্ন রাজনৈতিক দল অর্থাৎ বিজেপি বিরোধী যে সকল দলগুলো রয়েছে তাদের সঙ্গে কথা বলবেন। সকল বিরোধী দল চাইছেন বিজেপির বিরুদ্ধে বিকল্প রাজনৈতিক শক্তি তৈরি করা কথা। ভারতবর্ষকে একটা নতুন পরিকাঠামোতে পরিবর্তন করার জন্যে সমস্ত বিজেপি বিরোধীদের আহ্বান জানাতে যাবেন তিনি। চলমান গণতান্ত্রিক প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যেতে সমস্ত বিরোধী রাজনৈতিক শক্তিগুলোকে এক হতে আহ্বান জানান প্রদীপবাবু।

**ডাব্লুপিআইএল লিমিটেড**

CIN L36900WB1952PLC020274

*রেজিস্টার্ড অফিস :* ট্রিনিটি প্লাজা, ৪র্থ তল

৮৪/১এ, তপসিয়া রোড (দক্ষিণ), কলকাতা - ৭০০ ০৪৬

**৬৭তম বার্ষিক সাধারণ সভা এবং বই বন্ধের বিজ্ঞপ্তি**

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, সাতষট্টিতম বার্ষিক সাধারণ সভা বুধবার, ২৫ অগস্ট, ২০২১ সকাল ১১:০০টায় অনুষ্ঠিত হবে ভিডিও কনফারেন্সিং বা আদার্স অডিও ভিজ্যুয়াল মিনস -এর মাধ্যমে কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ -এর প্রযোজ্য বিধানগুলির সঙ্গে সামঞ্জস্য রেখে এবং তৎসহ পঠিত কর্পোরেট বিষয়ক মন্ত্রক কর্তৃক জারি করা জেনারেল সার্কুলার ১৪/২০২০ তারিখ-৮ এপ্রিল, ২০২০, জেনারেল সার্কুলার ১৭/২০২০ তারিখ-১৩ এপ্রিল, ২০২০, জেনারেল সার্কুলার ২০/২০২০ তারিখ-৫ মে, ২০২০ এবং জেনারেল সার্কুলার ০২/২০২১ তারিখ-১৩ জানুয়ারি, ২০২০ অনুযায়ী।

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ -এর ৯১ ধারা অনুসারে, কোম্পানির সদস্যদের রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বইগুলি বৃহস্পতিবার, ১৯ অগস্ট, ২০২১ থেকে বুধবার, ২৫ অগস্ট, ২০২১ (উভয়দিন অন্তর্ভুক্ত) বন্ধ থাকবে।

ফিজিক্যাল আকারে কোম্পানির শেয়ারধারণকারী সদস্যরা বা যারা কোম্পানির সাথে নিজেদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি তারা বার্ষিক সাধারণ সভার নোটিসের সেরিয়াটিমে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে রিমোট ই- ভোটদানের মাধ্যমে বা মিটিংয়ের সময় রিমোট ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে তাদের ভোট দিতে পারেন।

যে সকল সদস্যরা কোম্পানির সাথে তাদের ইমেল ঠিকানা নিবন্ধন করেননি তারা বার্ষিক সাধারণ সভার নোটিসের সেরিয়াটিম ২১ এবং ২২ -তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে কোম্পানির সাথে তা নিবন্ধভুক্ত করতে পারবেন।

বার্ষিক সাধারণ সভার নোটিসের সেরিয়াটিম ১১ -তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে সদস্যরা ইলেক্ট্রনিক ক্লিয়ারিং সার্ভিস (ইসিএস) বা অন্য কোনও মাধ্যমে তাদের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি লভ্যাংশ পাওয়ার জন্য নির্দেশ দিতে পারেন।

বার্ষিক সাধারণ সভার নোটিস কোম্পানির ওয়েবসাইট http:/www.wpil.co.in এবং বিএসই লিমিটেডের ওয়েবসাইট http/www.bseindia.com -এ পাওয়া যাবে ।

বোর্ডের আদেশ অনুসারে
**ডাব্লুপিআইএল লিমিটেড** -এর পক্ষে
স্বাঃ/-
**ইউ. চক্রবর্তী**
জেনারেল ম্যানেজার (ফিনান্স)
এবং কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ২৪.০৭.২০২১

GPT group

**জিপিটি ইনফ্রাপ্রোজেক্টস লিমিটেড**

(CIN- L20103WB1980PLC032872)

রেজি. অফিস: জিপিটি সেন্টার, জেসি-২৫, সেক্টর-৩, সল্টলেক, কলকাতা - ৭০০ ১০৬; পশ্চিমবঙ্গ (ভারত); দূরভাষ: + ৯১-৩৩-৪০৫০-৭০০০, ফ্যাক্স- + ৯১ - ৩৩-৪০৫০-৭৩৯৯

দেখুন: www.gptinfra.in, ই-মেল: gil.cosec@gptgroup.co.in

**৪১তম বার্ষিক সাধারণ সভার নোটিস এবং ই-ভোটিং তথ্য**

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানির সদস্যদের ৪১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) **১৯ অগস্ট, ২০২১ তারিখ, বৃহস্পতিবার** বিকেল ৩টায় অনুষ্ঠিত হবে ভিডিও কনফারেন্সিং ("ভিসি") -এর মাধ্যমে এজিএম সভার বিজ্ঞপ্তিতে বিধৃত কার্যাদি নিষ্পন্নের জন্য।

এজিএম -এর নোটিস ও ২০২০-২১ আর্থিক বর্ষের বার্ষিক প্রতিবেদন সেইসব সদস্যদের কাছে ২৪ জুলাই, ২০২১ তারিখে পাঠানো হয়েছে বৈদ্যুতিন পদ্ধতিতে, যাঁদের ই-মেল আইডি কোম্পানি বা ডিপজিটরি পার্টিসিপ্যান্টদের কাছে রেজিস্টার্ড আছে।

বার্ষিক প্রতিবেদন ও এজিএম -এর নোটিস এছাড়াও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.gptinfra.in, স্টক এক্সচেঞ্জসমূহর ওয়েবসাইট এবং আরটিএ -এর ওয়েবসাইট https://instavote.linkintime.co.in -তে। এজিএম-তে নিষ্পন্ন হবে এমন কার্যাদির দফা সম্পর্কিত কাগজপত্র বৈদ্যুতিনভাবে পরিদর্শন করা যাবে এজিএম-এর তারিখ পর্যন্ত।

**এজিএম চলাকালীন রিমোট ই-ভোটিং ও ই-ভোটিংয়ের জন্য নির্দেশাবলি**

কোম্পানি এজিএম-এর বিজ্ঞপ্তিতে দেওয়া সমস্ত প্রস্তাবের ওপর তার সমস্ত সদস্যদের তাঁদের ভোট দেওয়ার জন্য রিমোট ই-ভোটিং -এর সুবিধার ব্যবস্থা করেছে। এ-ছাড়াও কোম্পানি এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোটদানের সুবিধারও ব্যবস্থা করছে। রিমোট ই-ভোটিং / ই-ভোটিং -এর বিস্তারিত পদ্ধতি এজিএম -এর নোটিসে দেওয়া আছে, একইসঙ্গে তা আরটিএ-এর সদস্যদের কাছে পাঠানো ই-মেল -ও আছে।

রিমোট ই-ভোটিং সময়কাল শুরু হচ্ছে ১৬ অগস্ট, ২০২১ তারিখ সোমবার সকাল ৯.০০টায় এবং তা শেষ হবে ১৮ অগস্ট, ২০২১ তারিখ বুধবার বিকেল ৫টায়। এরপরে রিমোট ই-ভোটিং -এর মডিউল অকার্যকর করে দেওয়া হবে।

যে-ব্যক্তিদের নাম ১২ অগস্ট, ২০২১ তারিখ বৃহস্পতিবার (কাট-অফ তারিখ) মতো সদস্যদের রেজিস্টার বা ডিপজিটরির রাখা সুবিধাভোগী মালিকের রেজিস্টারে নথিভুক্ত থাকবে কেবল তাঁরাই তাঁদের ভোট ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে https://instavote.linkintime.co.in -তে দিতে পারবেন বা এজিএম -এ অংশগ্রহণ ও ভোটদান করতে পারবেন।

সমস্ত সদস্যকে এতদ্দ্বারা জানানো হচ্ছে যে, ৪১তম এজিএম -এর নোটিসে প্রদত্ত সাধারণ এবং বিশেষ কার্যাদি শুধু ইলেকট্রনিক পদ্ধতিতে ভোটদানের মাধ্যমেই নিষ্পন্ন হবে।

যে-সব সদস্য এই নোটিস ও বার্ষিক প্রতিবেদন প্রেরণের পরে কোম্পানির শেয়ার অর্জন করেছেন এবং কাট-অফ তারিখ পর্যন্ত শেয়ার ধরে রেখেছেন তাঁরা এজিএম -এর নোটিসে ব্যবস্থিতমতো পদ্ধতিতে লগইন আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন বা enotices@linkintime.co.in বা gil.cosec@gptgroup.co.in -কে একটি অনুরোধ পাঠিয়ে।

যে-সব সদস্য এজিএম -এ অংশ নিয়েছেন অথচ রিমোট ই-ভোটিং -এর মাধ্যমে তাঁদের ভোট প্রদান করেননি, তাঁরা এজিএম চলাকালীন তাঁদের ভোট দেওয়ার যোগ্য হবেন। রিমোট ই-ভোটিং -এ তাঁদের ভোট দিয়েছেন এমন সদস্যরা এজিএম -এ যোগদানের যোগ্য হবেন কিন্তু আবার তাঁদের ভোট প্রদানের জন্য উপযুক্ত হবেন না।

যদি শেয়ারহোল্ডারদের লগ ইন/ই-ভোটিং সম্পর্কে কোনও প্রশ্ন থাকে তবে তাঁরা তা enotices@linkintime.co.in ই-মেল করতে পারেন বা যোগাযোগ করতে পারেন টেলিফোনে : ০২২-৪৯১৮৬০০০ নম্বরে। বিকল্পে, সদস্যরা, কোম্পানি সেক্রেটারিকে ই-মেইল আইডি gil.cosec@gptgroup.co.in -তেও লিখতে পারেন বা টেলি. ০৩৩ ৪০৫০ ৭০০০ নম্বরে যোগাযোগ করতে পারেন।

**জিপিটি ইনফ্রাপ্রোজেক্টস লিমিটেড-এর পক্ষে**
স্বা/-
এ.বি. চক্রবর্তী
(কোম্পানি সেক্রেটারি)
সদস্য পদ নং. এফ-৭১৮৪

স্থান: কলকাতা
তারিখ: ২৪.০৭.২০২১

# উত্তেজিত জনতার হাত থেকে যুবককে বাঁচাতে গিয়ে আক্রান্ত পুলিশ

## আগুন লাগানো হল পুলিশের গাড়িতে, গ্রেপ্তার ৯ গ্রামবাসী

**নিজস্ব প্রতিবেদন, রায়গঞ্জ:** চোর সন্দেহে ধৃত এক যুবককে উত্তেজিত স্থানীয় বাসিন্দাদের হাত থেকে উদ্ধার করতে গিয়ে আক্রান্ত পুলিশ, উত্তেজিত জনতা ভাঙচুর চালিয়ে আগুন ধরিয়ে দেয় পুলিশের গাড়িতে। আগুন ধরিয়ে দেওয়া হয় চোর সন্দেহে অভিযুক্ত যুবকের মোটরবাইকেও। শনিবার রাতে এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে রায়গঞ্জ থানার ভাটোল এলাকার আমতলা মোড়ে। দ্রুত ঘটনাস্থলে ছুটে যায় রায়গঞ্জ থানার আইসি সুরজ থাপার নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী। গুরুতর জখম পুলিশ অফিসারকে রায়গঞ্জ গভর্মেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশের ওপর হামলা, সরকারি সম্পত্তি নষ্ট ও পুলিশের কাজে বাধা দেওয়ার অভিযোগে ৯ জনকে ঘটনাস্থল থেকে গ্রেপ্তার করে রায়গঞ্জ থানার পুলিশ। রবিবার ধৃতদের রায়গঞ্জ আদালতে পেশ করা হয়েছে। এলাকায় চলছে পুলিশের টহলদারি। পুলিশ সূত্রে জানা গিয়েছে, পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে।



পুলিশ সূত্রে জানা গিয়েছে, শনিবার রাতে রায়গঞ্জ থানার ভাতুন গ্রামপঞ্চায়েতের ভাটোল গ্রামের আমতলা মোড় এলাকায় মুস্তাকিম নামে যুবককে মোবাইল চুরির অপরাধে গ্রামবাসীরা আটক করে গণপিটুনি দেওয়া শুরু করে। খবর পেয়েই দ্রুত ঘটনাস্থলে ছুটে যান ভাটোল পুলিশ ফাঁড়ির কর্তব্যরত পুলিশ আধিকারিক-সহ পুলিশ কর্মীরা। উত্তেজিত স্থানীয় বাসিন্দাদের হাত থেকে অভিযুক্ত যুবককে উদ্ধার করে পুলিশ। এরপরই স্থানীয় বাসিন্দারা অভিযুক্ত যুবক মুস্তাকিমকে তাদের হাতে তুলে দেওয়ার জন্য দাবি করে। এ নিয়ে ভাটোল পুলিশ ফাঁড়ির পুলিশ কর্মীদের সঙ্গে বচসা বাধায় আচমকাই উত্তেজিত বাসিন্দারা পুলিশের ওপর হামলা চালায় বলে অভিযোগ। হামলায় এক পুলিশ অফিসার গুরুতর জখম হন। তারা পুলিশের গাড়ি ভাঙচুর করে তাতে আগুন ধরিয়ে দেওয়ার পাশাপাশি মোবাইল চোর সন্দেহে যুবক মুস্তাকিমের মোটরবাইকেও আগুন ধরিয়ে দেয়। এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ার খবর পেয়েই রায়গঞ্জ থানার আইসি সুরজ থাপার নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী পৌঁছে যায় ভাটোল গ্রামে। আহত পুলিশ অফিসারকে রায়গঞ্জ গভর্মেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাস্থল থেকেই পুলিশের উপর হামলা সরকারি সম্পত্তি নষ্ট ও পুলিশের কাজে বাধা দেওয়ার অভিযোগে ৯ জন গ্রামবাসীকে গ্রেপ্তার করে রায়গঞ্জ থানার পুলিশ। ধৃতদের বিরুদ্ধে পুলিশের উপর হামলা, সরকারি সম্পত্তি নষ্ট সহ একাধিক মামলা দায়ের করে পুলিশ।

ধৃতদের মধ্যে দু'জনকে পাঁচদিনের পুলিশ রিমান্ড চেয়ে রবিবার ৯ জনকেই রায়গঞ্জ আদালতে পেশ করে পুলিশ। ঘটনার পর ভাটোল এলাকায় পুলিশ পিকেট বসানো হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে এলাকার পরিস্থিতি এখন অনেকটাই স্বাভাবিক। ঘটনার তদন্ত শুরু করেছে রায়গঞ্জ থানার পুলিশ।

# স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তুলতে আরামবাগে শুরু সাফাই অভিযান

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তুলতে অভিনব উদ্যোগ হুগলি জেলার আরামবাগ ব্লক প্রশাসনের। ক্লিন আরামবাগ, সেফ আরামবাগ কর্মসূচি হল আরামবাগ ব্লক জুড়ে। এই কর্মসূচিতে আরামবাগ ব্লকে প্রায় দশ হাজার মানুষ একযোগে ১৫টি অঞ্চল ও পঞ্চায়েত সমিতিতে অংশগ্রহণ করে। ঝাড়ু হাতে আরামবাগের বিডিও ও জয়েন্ট থেকে শুরু করে পঞ্চায়েত সমিতির সভাপতি গুনোধর খাঁড়া ও কর্মাধ্যক্ষ সুনলি সামন্ত-সহ অন্যান্যরা অংশ নেন। ডেঙ্গু রোগ প্রতিরোধ ও করোনা পরিস্থিতিতে পরিবেশ সুস্থ ও স্বাভাবিক রাখতে এই সাফাই অভিযান চলে। প্রতি মাসে দু'বার করে সারা ব্লক জুড়ে এই কর্মসূচি চলছে। আরামবাগ ব্লক প্রশাসন সূত্রে জানা গিয়েছে, আরামবাগ ব্লককে ডেঙ্গু মুক্ত করতে এই কর্মসূচি নেওয়া হয়। সারা ব্লকে হেলথকর্মী রয়েছে প্রায় ২৫,০০০ হাজার। এরা নিজ উদ্যোগে এই কর্মসূচির মাধ্যমে নিজের বাড়ির চারপাশ মাসে দু'বার করে পরিষ্কার করছেন। এই বিষয়ে আরামবাগের বিডিও কৌশিক বন্দ্যোপাধ্যায় জানান, এলাকার মানুষকে পরিবেশকে সুস্থ রাখতে সচেতনতা করার পাশাপাশি ক্লিন আরামবাগ সেফ আরামবাগ কর্মসূচি নেওয়া হয়েছে। আরামবাগের হেলথ কর্মীরাও এই কর্মসূচিতে নিজ উদ্যোগে সামিল হয়েছে। প্রায় ২৫,০০০ হাজার সদস্যের মধ্যে প্রতি কর্মসূচিতে প্রায় দশ হাজার মানুষ সামিল হচ্ছেন। পাশাপাশি জয়েন্ট বিডিও সব্যসাচী দাস বলেন, আরামবাগকে ডেঙ্গু মুক্ত করতে এই কর্মসূচি নেওয়া হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে করোনা পরিস্থিতিতে মানুষ অনেকটাই সুস্থ পরিবেশ গড়ে তুলতে পারবে।



অন্যদিকে আরামবাগ পঞ্চায়েত সমিতির সভাপতি গুনোধর খাঁড়া জানান, এদিন আমরা পঞ্চায়েত সমিতি ও বিডিও অফিসের চারপাশ সাফাই অভিযান করেছি। প্রতিটি পঞ্চায়েত এলাকাতেও এই কর্মসূচি হচ্ছে। সবমিলিয়ে আরামবাগকে ডেঙ্গু মুক্ত করতে ও পরিবেশকে সুস্থ ও স্বাভাবিক রাখতে ব্লক প্রশাসনের এই উদ্যোগকে সাধুবাদ জানায় এলাকার মানুষ।

# টোটোকে অ্যাম্বুল্যান্সে বদলে দিলেন কাটোয়ার যুবক



**নিজস্ব প্রতিবেদন, কাটোয়া:** করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউয়ে অক্সিজেনের তীব্র সংকটের মুখে পড়েছে দেশ। এবার আসন্ন তৃতীয় ঢেউ। তার মোকাবিলায় এখন থেকেই প্রশাসনিক মহলে শুরু হয়েছে তৎপরতা। তবে সরকারের পাশাপাশি এই যুদ্ধে আগে থেকেই শামিল হয়েছেন পূর্ব বর্ধমান জেলার কাটোয়ার বাসিন্দা আনজাম হোসেন ওরফে ডেভিড মিঞা। অক্সিজেন সংকট এবার যাতে কারও প্রাণহানির কারণ না হয়ে দাঁড়ায়, তার জন্য আস্ত টোটো অ্যাম্বুল্যান্সের রূপ পেয়েছে। প্রায় লাখ টাকা খরচ করে সেই টোটোরূপী অ্যাম্বুল্যান্স শনিবার তিনি তুলে দিলেন কাটোয়া পুরসভার হাতে।

আনজাম হোসেনের এহেন অভিনব উদ্যোগের তারিফ করেছেন কাটোয়া পুরসভার প্রশাসকমণ্ডলীর চেয়ারম্যান রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়। তিনি বলেন, 'আনজাম হোসেন নামে ওই ব্যক্তি পুরসভার কাছে এই প্রস্তাব দিয়েছিলেন। আমরা তা গ্রহণ করেছি। টোটোটি মূলত রোগীদের অ্যাম্বুল্যান্স পরিষেবার মতো কাজে লাগানো হবে। বিশেষ করে কোভিড পরিস্থিতিতে কাজে আসবে।'

# প্রেমিকার বাড়ির সামনে আত্মহত্যার চেষ্টা প্রেমিকের

**নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর:** প্রেমিক বিবাহিত জানতে পেরেই সম্পর্কের ইতি টানতে চেয়েছিল প্রেমিকা। পরিণতি হল ভয়ংকর। প্রেমিকার বাড়িতে গিয়ে গায়ে আগুন ধরিয়ে আত্মহত্যার চেষ্টা করলেন প্রেমিক। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে, পশ্চিম মেদিনীপুরের পাটনা বাজার এলাকায়। ইতিমধ্যেই তরুণীর পরিবারের তরফে পুলিশে অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

জানা গিয়েছে, ওই যুবকের নাম আসিফ সাহা। পেশায় জওয়ান। ছত্তিশগড়ে কর্মরত ছিলেন তিনি। আদতে মেদিনীপুরের শরৎপল্লি এলাকার বাসিন্দা তিনি। বেশ কিছুদিন আগে পাটনাবাজার এলাকার এক তরুণীর সঙ্গে পরিচয় হয় তাঁর। ধীরে ধীরে ঘনিষ্ঠতা বাড়ে। প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়েন তাঁরা। পরবর্তীতে ওই তরুণী জানতে পারেন তার প্রেমিক বিবাহিত। তবে স্ত্রীর সঙ্গে সম্পর্ক নেই। পরিবারে একাধিক সমস্যাও রয়েছে। এরপরই আসিফের সঙ্গে দূরত্ব বাড়াতে থাকে তরুণী। এক পর্যায়ে যোগাযোগ সম্পূর্ণ বন্ধ করে দেয়।

প্রেমিকার এই আচরণ কোনওভাবেই মেনে নিতে পারছিলেন না আসিফ। জানা গিয়েছে, শনিবার সন্ধেয় জওয়ানের পোশাকেই প্রেমিকার বাড়িতে চড়াও হয় আসিফ। বাড়ির সামনে দাঁড়িয়ে গায়ে পেট্রোল ঢালতে শুরু করে। সঙ্গে সঙ্গে তরুণীর পরিবারের সদস্যরা বাড়ির বাইরে এসে যুবককে আটকানোর চেষ্টা করে। তখনই আসিফ তাঁদের আক্রমণ করে। এরপর নিজের আগে আগুন ধরিয়ে দেয়। কোনও ক্রমে স্থানীয়রা এসে

**মেদিনীপুর**

তাঁকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। যদিও আসিফের দাবি, প্রেমিকা ও তাঁর বাবা নানা অছিলায় টাকা নিয়েছে। রীতিমতো হুমকি দিয়ে টাকা নিয়েছে বলে অভিযোগ। এরপর অন্য যুবকের সঙ্গে জড়িয়ে পড়েছে তার প্রেমিকা। সেই কারণেই সম্পর্ক থেকে বেরিয়ে যায়। সমস্যা সমাধান করতে শনিবার প্রেমিকার বাড়িতে যায় আসিফ। অভিযোগ, প্রেমিকার বাবা-দাদাই পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয় আসিফের গায়ে।

# নাবালিকাকে অপহরণের অভিযোগে ধৃত যুবক



**নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া:** নাবালিকাকে নিয়ে ভিন্ন রাজ্যে পালিয়ে গিয়েছিল এক যুবক। দীর্ঘদিন পর রবিবার পুরুলিয়ার রঘুনাথপুর থানা এলাকার কলাগাড়া গ্রামে বাড়ি ফিরছিল তারা। সূত্র মারফত রঘুনাথপুর থানার পুলিশ খবর পেয়েই বাড়ি পৌঁছনোর আগেই রাস্তায় গোবরান্দা মোড়ের অদূরে তাদের আটক করে থানায় নিয়ে আসে। এরপরই পুলিশ নাবালিকাকে অপহরণের অভিযোগে আটক শেখ কাদিরকে গ্রেপ্তার করে এদিনই তাকে রঘুনাথপুর মহকুমা আদালতে তোলে রঘুনাথপুর থানার পুলিশ। অন্যদিকে নাবালিকাটিকেও পুলিশ আদালতে তোলে।

ধৃত শেখ কাদিরের দাদা শেখ আনিস জানান, রঘুনাথপুর থানার অন্তর্গত কলাগাড়া গ্রামের এক মেয়ের সঙ্গে তার ভাই শেখ কাদিরের ভালোবাসা হয়। যার জেরে তার ভাই ওই মেয়েটিকে নিয়ে আড়াই বছর আগে বাড়ি থেকে ভিনরাজ্য মহারাষ্ট্রে পালিয়ে যায়। সেখানে গিয়ে তাকে বিয়ে করে ও একটি সন্তানের জন্ম দেয়। ওই সময় মেয়েটির পরিবার রঘুনাথপুর থানার পুলিশের কাছে তাদের নাবালিকা মেয়েকে অপহরণ করার অভিযোগ জানায় গ্রামের যুবক শেখ কাদিরের বিরুদ্ধে। পুলিশ সেই সময় অভিযোগের ভিত্তিতে

**পুরুলিয়া**

মামলা রুজু করে তাদের খোঁজে তল্লাশি অভিযান চালালেও তাদের উদ্ধার করতে পারেনি। রবিবার সূত্র মারফত রঘুনাথপুর থানার পুলিশ জানাতে পারে ওই নাবালিকাকে নিয়ে অভিযুক্ত শেখ কাদির বাড়ি ফিরছে। এরপরই পুলিশ বাড়ি পৌঁছনোর আগেই রঘুনাথপুর থানার অন্তর্গত গোবরান্দা মোড় এলাকা থেকে তাদের আটক করে রঘুনাথপুর থানায় নিয়ে আসে পরে অভিযুক্তকে গ্রেপ্তার করে।

# বিক্ষোভের একদিনের মধ্যেই স্কুল সভাপতির হস্তক্ষেপে ছাত্রীদের নম্বর বাড়ল



**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** উচ্চমাধ্যমিকের নম্বরে গরমিলের অভিযোগ তুলে হুগলির আরামবাগ গার্লস হাইস্কুলে ব্যাপক বিক্ষোভ দেখানোর পর সংশোধিত নম্বর দিয়ে মার্কশিট দিল শিক্ষা দপ্তর। বিক্ষোভের একদিনের মধ্যেই আরামবাগ গার্লর্স হাইস্কুলের উচ্চ মাধ্যমিকের ছাত্রীদের নম্বর বাড়ল। উল্লেখ্য, ছাত্রী ও অভিভাবকরা ফলাফল পুনর্মূল্যায়নের দাবি তোলেন এবং স্কুলে ব্যাপক বিক্ষোভ দেখায়। তার জেরে এদিন সংশোধিত মার্কশিট দেওয়া হয় ছাত্রীদের হাতে। যে নিয়মে সংসদ মূল্যায়ন করে উচ্চ মাধ্যমিকে নম্বর মার্কশিটে বসিয়েছে সেই অনুযায়ী এদিন প্রতিটি ছাত্রীর হাতে মার্কশিট দেওয়া হয়। এই বিষয়ে মণিমালা মণ্ডল নামে একজন অভিভাবক জানান, উচ্চ মাধ্যমিকে নম্বর গড়মিলের দ্রুত সমাধান করায় আমরা খুব খুশি। এই জন্য স্কুলের সভাপতি স্বপন নন্দীকে আন্তরিকভাবে ধন্যবাদ। অন্যদিকে সুমনা মণ্ডল নামে এক ছাত্রী বলেন, আগে আমার ১৮ নম্বর কম এসেছিল। এখন ক্যালকুলেশন অনুযায়ী ঠিক নম্বর এসেছে। এত তাড়াতাড়ি সমস্যার সমাধান হওয়ায় স্কুলের সভাপতি স্বপন নন্দীর কাছে কৃতজ্ঞ। উনি তৎপরতার সঙ্গে এই সমস্যার সমাধান করেন। অপরদিকে আরামবাগ গার্লস হাই স্কুলের প্রধান শিক্ষিকা রাজশ্রী দে জানান, ছাত্রীদের স্বার্থে স্কুলের সভাপতি স্বপন নন্দীর হস্তেক্ষেপে দ্রুত সংশোধিত নম্বর আশায় আমরা সভাপতিকে আন্তরিক ভাবে চির কৃতজ্ঞ। আমাদের স্কুলের কোনও ভুল ছিল না। ক্যালকুলেশনে ভুল ছিল এখন ঠিক হয়ে গিয়েছে। সভাপতি অসুস্থ হয়েও ছাত্রীদের জন্য কাজ করেছেন। সবমিলিয়ে এদিন ছাত্রীরা তাদের প্রাপ্য নম্বর পাওয়ায় খুশি সকলে।

# সম্পন্ন হল 'আন্তরিক' মহিলা দুর্গাপুজো কমিটির খুঁটি পুজো



**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** আট বছরে পদার্পণ করল কাঁকসা হাটতলার মহিলাদের দ্বারা পরিচালিত 'আন্তরিক' মহিলা দুর্গাপুজো কমিটির পুজো। প্রতি বছরের মতো এবছরও জাঁক জমক ভাবে খুঁটি পুজোর আয়োজন করা হয় রবিবার। উদ্যোক্তা পুজো কমিটির সম্পাদিকা বৈশাখী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, করোনার বিধি নিষেধ মেনেই এবছর পুজোর আয়োজন করা হবে। প্রতি বছর পুজোতে নতুনত্ব কিছু থাকেই। যেমন বাংলা চলচ্চিত্রের অভিনেত্রীদের দিয়ে পুজোর উদ্বোধন থেকে শুরু করে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। তবে এবছরও করোনার বিধি নিষেধ মেনেই প্রশাসন যে ভাবে পুজোর অনুমতি দেবে সেই ভাবেই পুজোর আয়োজন করা হবে বলে জানান সম্পাদিকা। পাশাপাশি পুজো মণ্ডপ থেকে সাধারণ মানুষকে করোনার

**কাঁকসা**

সচেতনতার প্রচার ও সাধারণ মানুষদের মধ্যে মাস্ক ও স্যানিটাইজার বিতরণ করা হবে। পুজো মণ্ডপের পাশাপাশি দেবী মূর্তিতেও এবারে চমক রাখা হবে বলে জানিয়েছেন উদ্যোক্তারা।

# বিবাহ-বহির্ভূত সম্পর্কের জেরে আত্মঘাতী প্রেমিক-প্রেমিকা

**নিজস্ব প্রতিবেদন, জলপাইগুড়ি:** বিবাহ বহির্ভূত সম্পর্কে টানাপোড়েনের জের। গলায় দড়ি দিয়ে আত্মঘাতী প্রেমিক যুগল। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে, জলপাইগুড়ির বারোপেটিয়া এলাকায়।জানা গিয়েছে, রবিবার সকালে জলপাইগুড়ির কোতোয়ালি থানার ঝাঁকুড়া পাড়া এলাকায় একটি চা বাগানে এক পুরুষ ও মহিলার ঝুলন্ত দেহ দেখতে পান স্থানীয়রা। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় থানায়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে দেহ দুটি উদ্ধার করে পাঠায় ময়নাতদন্তের জন্য। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত যুবকের নাম ক্ষীরমন রায়। বারোপেটিয়া এলাকারই বাসিন্দা তিনি। মৃতা মহিলা পাশের গ্রাম পাতিলাভাসার বাসিন্দা। স্থানীয়রা জানিয়েছেন, বিবাহ বহির্ভূত সম্পর্কে জড়িয়ে পড়েছিলেন ওই যুগল। যা জানাজানি হয়ে গিয়েছিল। এই সম্পর্ক নিয়ে তুমুল অশান্তিও হয়েছিল। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, এই টানাপোড়েনের কারণেই আত্মহত্যার সিদ্ধান্ত নিয়েছে ওই যুগল। পুলিশ দেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

# বিএসএফের হাতে ধৃত ২ বাংলাদেশি যুবতী

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশ করার অপরাধে ২ যুবতীকে গ্রেপ্তার করল সীমান্তরক্ষী বাহিনীর ৪২ নম্বর ব্যাটেলিয়ন। ঘটনাটি ঘটেছে, নদিয়ার ভীমপুর থানার রাঙিয়ারপোতা ভারত বাংলাদেশ সীমান্তবর্তী গ্রামে। এই রাঙিয়াপোতা গ্রামে দীর্ঘ চার কিলোমিটার কোনও ফেন্সিং বা তারকাটা নেই। এখান দিয়েই মূলত মানুষ, ও গোরু-সহ অনেক পণ্য অবাধে চোরাচালান হয়ে থাকে।

শনিবার দুপুরে বাংলাদেশ থেকে দুই যুবতী বাংলাদেশি দালালের সহায়তায় সীমান্ত পাড় হয়ে ভারতে প্রবেশ করার

**নদিয়া**

চেষ্টা করলে সীমান্তরক্ষীদের নজরে পড়ে। বিএসএফের ৪২ নম্বর ব্যাটেলিয়নের জওয়ানরা মেয়ে দুটিকে ধরে ফেলে। ওই সময় দালালটি বিএসএফের চোখে ধুলো দিয়ে পালিয়ে যায়। দুই যুবতীর পরিচয় জানা যায়, মিঠু ডাকুয়া তার বাড়ি বাংলাদেশের বরিশাল জেলায়। অপর জনের নাম মিষ্টি খাতুন, তার বাড়ি বাংলাদেশের ওয়াজিদপুরে। মেয়ে দুটিকে শনিবার সন্ধ্যায় বিএসএফ ভীমপুর থানায় হস্তান্তর করে। ধৃত দুই বাংলাদেশি যুবতী কি উদ্দেশ্যে ভারতে এসেছিল বৈধ কাগজপত্র ছাড়া তার তদন্ত শুরু করেছে ভীমপুর থানার পুলিশ। ধৃত দুই বাংলাদেশীকে কৃষ্ণনগর অতিরিক্ত আদালতে তোলা হল।

# অবৈধ অ্যাসিডের বোতল বাজেয়াপ্ত করল পুলিশ

**নিজস্ব প্রতিবেদন, শান্তিপুর:** গোপন সূত্রে খবর পেয়ে, অভিযান চালিয়ে প্রচুর পরিমাণে অবৈধ অ্যাসিডের বোতল বাজেয়াপ্ত করল শান্তিপুর থানা পুলিশ। রবিবার শান্তিপুরের বিভিন্ন এলাকায় অভিযান চালায় শান্তিপুর থানার পুলিশ। অভিযান চালিয়ে শান্তিপুরের বিভিন্ন এলাকার বিভিন্ন হার্ডওয়ারের দোকান থেকে অবৈধভাবে বিক্রির জন্য বেআইনিভাবে

**শান্তিপুর**

মজুত করে রাখা প্রচুর পরিমাণে অ্যাসিডের বোতল উদ্ধার করা হয়। এছাড়াও জিজ্ঞাসাবাদের জন্য ৩ জনকে আটক করে শান্তিপুর থানা পুলিশ। পুলিশ সূত্রে জানা যায়, এই অ্যাসিডের বোতলগুলি বেআইনিভাবে মজুত করে রাখা হয়েছিল বিভিন্ন হার্ডওয়ারের দোকানে। সেখানে অভিযান চালিয়ে উদ্ধার করা হয় প্রায় ১০ পেটি বেআইনি অ্যাসিডের বোতল।

# চুরি যাওয়া মোবাইল ও ল্যাপটপ ফেরত দিল পুলিশ

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** পুখুরিয়া থানার পুলিশের উদ্যোগে চুরি এবং হারিয়ে যাওয়া ১১টি মোবাইল ফোন ও ১টি ল্যাপটপ প্রকৃত মালিকের হাতে ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করা হল। রবিবার পুখুরিয়া থানা চত্বরে একটি অনুষ্ঠানের মাধ্যমে এই কর্মসূচি গ্রহণ করা হয়। উপস্থিত ছিলেন পুখুরিয়া থানার ওসি গৌতম চৌধুরী সহ অন্যান্য পুলিশ কর্তারা। গত দুই মাসে পুখুরিয়া থানা এলাকার বিভিন্ন প্রান্তে চুরি এবং হারিয়ে যাওয়া মোবাইল ফোন ও ল্যাপটপ উদ্ধার করে প্রকৃত মালিকের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গত প্রায় দুই মাস ধরে পুখুরিয়া থানা এলাকার বিভিন্ন প্রান্তের মানুষের মোবাইল ফোন চুরি ঘটনার অভিযোগ সামনে আসে। সেই অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে মোবাইল ফোনগুলি উদ্ধার হয়। ফলে সে উদ্ধার হওয়া মোবাইল ফোনের প্রকৃত মালিকের হাতে তুলে দিতেই এই কর্মসূচি। পুখুরিয়া থানার ওসি গৌতম চৌধুরী বলেন, ১১টা অত্যাধুনিক মোবাইল ও একটি ল্যাপটপ প্রকৃত মালিকের হাতে তুলে দেওয়া হয়েছে। এদিকে চুরি ও হারিয়ে যাওয়া মোবাইল ফোন ও ল্যাপটপ পেয়ে পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে সাধারণ মানুষ।

# বাড়ির ছাদে সবজি চাষ করে নজির গড়লেন দেবাশিস জানা

**সুজিত ভট্টাচার্য ● কাঁকসা**

দেশে ক্রমশই বাড়ছে পেট্রোল, ডিজেলের দাম। ফলে বাড়ছে নিত্য প্রয়োজনীয় জিনিসেরও দাম দিনের পর দিন। এর সঙ্গে সঙ্গে করোনা কালে বহু মানুষ আর্থিক অনটনে পড়েছেন। এসবের থেকে কিছুটা হলেও রেহাই পাওয়ার পথ দেখিয়েছেন কাঁকসার শেরপুরের বাসিন্দা দেবাশিস জানা। রীতিমতো বাড়ির ছাদে তৈরি করে ফেলেছেন আস্ত একটা সবজি বাগান।

বাজার থেকে যে সমস্ত সবজি নিত্যদিন প্রায় কিনতে হয়। সেই সবজি চাষ করে সংসার খরচ বাঁচানোর রাস্তা দেখিয়েছেন দেবাশিস। তিনি জানিয়েছেন, বাড়িতে জায়গা না থাকলেও বাড়ির ছাদ ব্যবহার করে অনায়াসেই সবজি চাষ করা যেতে পারে। এর ফলে একদিকে যেমন সংসার খরচে সাশ্রয় হবে। তার সঙ্গে গরমের হাত থেকে কিছুটা হলেও রেহাই পাওয়া যাবে। কারণ, গ্রীষ্মকালে যে পরিমানে পাকা বাড়ির ছাদ গরম হয়ে যায়। বাড়ির ছাদে সবজি বাগান তৈরি করলে পাকা বাড়িও ঠান্ডা থাকবে। বাড়ির ছাদেই তিনি ফলিয়েছেন বেগুন, লঙ্কা, টমেটো, করোলা, লাউ, কুমড়ো, শসা প্রভৃতি বিভিন্ন সবজি। দেবাশিসবাবুর ছাদে তৈরি সবজি বাগান দেখতে অনেকেই তার বাড়িতে ভিড় জমাচ্ছেন।



# অসমে ১৫ জন রোহিঙ্গাকে গ্রেপ্তার করল রেল পুলিশ

**গুয়াহাটি, ২৫ জুলাই:** অসমে গ্রেপ্তার ৬ শিশু-সহ ১৫ জন রোহিঙ্গা। কাজের সন্ধানে হন্যে হয়ে ঘুরছিলেন। বিপদ হল ট্রেনে চাপতে গিয়ে। ১৫ জন রোহিঙ্গাকে গ্রেপ্তার করেছে রেল পুলিশ। বাংলাদেশ থেকে সীমান্ত পার হয়ে সকলে ভারতে ঢুকেছিলেন তদন্তে জানা গিয়েছে।

শনিবার বাংলাদেশ সীমানা লাগোয়া অসমের করিমপুর জেলার বদরপুর স্টেশন থেকে গ্রেপ্তার করা হয় ওই ১৫ জনকে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, কোনও বৈধ কাগজপত্র দেখাতে পারেননি ধৃতরা। বেআইনি অনুপ্রবেশ ধারায় তাঁদের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে। বিষয়টি তদন্ত করে দেখছে পুলিশ।

রেল পুলিশের এক আধিকারিক জানিয়েছেন, ধৃতরা বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করেন। উত্তরপ্রদেশের আলিগড়ে বেশ কিছুদিন ছিলেন। সেখানে চাকরির সন্ধানও করেন। কিছু না পেয়ে সম্প্রতি বাংলাদেশ ফিরে যাচ্ছিলেন সকলে। সেই মতো ট্রেনে চেপে ত্রিপুরা যাচ্ছিলেন। তখনই তাঁদের গ্রেপ্তার করা হয়। মায়ানমার থেকে প্রাণ হাতে করে পালিয়ে আসা রোহিঙ্গাদের একটি বড় অংশ বাংলাদেশে রয়েছেন। প্রাণ বাঁচাতে ভারতেও আশ্রয় চেয়েছিলেন বহু রোহিঙ্গা। কিন্তু কেন্দ্রীয় সরকারের অনুমোদন মেলেনি।



রাষ্ট্রসঙ্ঘের শরণার্থী পুনর্বাসন সভার সদস্য নয় ভারত। তাই রোহিঙ্গাদের ফেরত পাঠানোর জন্য কোনও কড়া পদক্ষেপ করা যাবে না ভারতের বিরুদ্ধে। চলতি সপ্তাহের শুরুতে এ নিয়ে সংসদে বিবৃতি দেয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। তাতে সাফ জানিয়ে দেওয়া হয়, রোহিঙ্গা হোন বা অন্য কেউ, বেআইনিভাবে এ দেশে পা রাখা জাতীয় নিরাপত্তার পরিপন্থী।

# মহারাষ্ট্রের বন্যা দুর্গত এলাকা পরিদর্শন উদ্ধবের

## দিলেন সবরকম সাহায্যের আশ্বাস

**মুম্বই, ২৫ জুলাই:** লাগাতার বৃষ্টিতে বিপর্যস্ত মহারাষ্ট্র। এখনও পর্যন্ত কমপক্ষে ১৩৮ জনের মৃত্যু হয়েছে, আহতও ৫০ জনের বেশি। এ দিন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে বন্যা দুর্গত এলাকাগুলি পরিদর্শনে যান এবং সবরকম সাহায্যের আশ্বাস দেন।

গত এক সপ্তাহ ধরেই একটানা বৃষ্টি হচ্ছে মহারাষ্ট্রে। মুম্বই ও সংলগ্ন এলাকাগুলি জলে প্লাবিত হয়েছে। বাড়ি ভেঙে মৃত্যু হয়েছে অনেকের। সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে রায়গড়, রত্নগিরি ও সাতারা জেলা। সেখানে ভূমিধসে মৃতের সংখ্যা ৫০ পার করেছে। ইতিমধ্যেই উদ্ধারকার্যে নেমেছে নৌসেনা, এনডিআরএফ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী।

এ দিন চিপলুনে বন্যাদুর্গত এলাকা পরিদর্শন করে মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে রাজ্যবাসীর উদ্দেশ্যে বলেন, 'আমরা আপনাদের পাশেই রয়েছি। নিজের পায়ে ফের একবার উঠে দাঁড়াতে আমরা সবরকমভাবে সাহায্য করব।' মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন বিধায়ক ভাস্কর যাদব, কারিগরি শিক্ষামন্ত্রী উদয় সামন্ত ও শিবসেনার সাংসদ বিনায়ক রাউত। স্থানীয় আধিকারিকদের সঙ্গে বৈঠক করে ক্ষয়ক্ষতির হিসাব নেন মুখ্যমন্ত্রী।

বৈঠক শেষে সাংবাদিক বৈঠকে তিনি জানান, নাম কেনার জন্য তিনি ত্রাণ ঘোষণা করতে চান না। এখনই রাজ্যের তরফে কোনও বন্যা ত্রাণ ঘোষণা করা হচ্ছে না। গোটা পরিস্থিতির পর্যালোচনার পরই ত্রাণ ঘোষণা করা হবে। তবে স্থানীয় প্রশাসন ও জেলাশাসকদের শুকনো খাবার, জল, ওষুধ, জামাকাপড়, ত্রিপল-সহ প্রয়োজনীয় সামগ্রীর ব্যবস্থা করতে বলেছেন বলেও জানান।

বিগত কয়েকদিন ধরে একটানা বৃষ্টি চললেও এ দিন আবহাওয়া দপ্তর সূত্রে জানানো হয়েছে, রবিবার বিকেল থেকেই বৃষ্টিপাতের পরিমাণ হ্রাস পাবে। তবে পুণে, নাসিক, নন্দুবার, ধুলেতে আগামী ১২ ঘণ্টায় অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

রবিবার এনডিআরএফের তরফে জানানো



হয়, ভূমিধসের জেরে বহু মানুষের মৃত্যু হয়েছে। এখনও অবধি ৭৩টি দেহ উদ্ধার হয়েছে, নিখোঁজ ৪৭ জন। অন্যদিকে, কৃষ্ণা নদীর জলস্তরও বৃদ্ধি পেয়ে আশেপাশের গ্রাম প্লাবিত করেছে। এখনও অবধি ৭০০ থেকে ৮০০ জনকে উদ্ধার করা হয়েছে। জারি রয়েছে উদ্ধারকার্য।

# ১৫ অগস্ট কৃষকদের ট্র্যাক্টর মিছিলের ডাক

**চণ্ডীগড়, ২৫ জুলাই:** সংসদে বাদল অধিবেশন শুরু হওয়ার পর থেকেই ফের শুরু হয়েছে কৃষকদের বিক্ষোভ। স্বাধীনতা দিবসে এ বার ফের ট্র্যাক্টর মিছিলের ঘোষণা করলেন হরিয়ানার কৃষকরা। হরিয়ানার জিন্দ জেলায় হবে এই মিছিল। কৃষকদের দাবি, স্বাধীনতা দিবসে কোনও মন্ত্রীকে জাতীয় পতাকা উত্তোলন করতে দেবেন না তাঁরা।

কৃষকদের তরফে জানানো হয়েছে, ট্র্যাক্টর, ট্রলি ও অন্যান্য কৃষি সংক্রান্ত উপকরণ নিয়ে মিছিল করবেন তাঁরা। জিন্দের খাটকর টোল প্লাজা থেকে শুরু হয়ে শহরের দিকে এগোবে মিছিল। কৃষকরা জানিয়েছেন, একটি নির্দিষ্ট পথে এগোবে তাঁদের মিছিল। তবে প্রয়োজন পড়লে পথ বদল করতে পারেন তাঁরা। সেই সঙ্গে তাঁরা হুঁশিয়ারি দিয়েছেন, কোনও মন্ত্রীকে জাতীয় পতাকা উত্তোলন করতে দেবেন না।

কেন্দ্রের নতুন কৃষি আইনের বিরুদ্ধে গত বছর থেকে আন্দোলন শুরু করেছেন কৃষকরা। প্রথমে দিল্লি সীমান্তে অবস্থান বিক্ষোভ শুরু



করেন পঞ্জাব, হরিয়ানা-সহ কয়েকটি রাজ্যের কৃষকরা। কৃষকদের সমর্থন করেন বিরোধী দলগুলি। কেন্দ্র বার বার জানায়, কৃষক সংগঠনগুলির সঙ্গে আলোচনা করতে তারা প্রস্তুত। কিন্তু নতুন কৃষি আইন বাতিলের দাবিতে অনড় থাকেন কৃষকরা। ফলে আলোচনা হলেও কোনও সমাধান মেলেনি। এর মধ্যেই চলতি বছর প্রজাতন্ত্র দিবসের দিন দিল্লিতে একটি ট্র্যাক্টর মিছিল করেছিলেন কৃষকরা। সেই মিছিল উপলক্ষে রাজধানীর রাজপথ রক্তাক্ত হয়েছিল। এ বার স্বাধীনতা দিবসে ফের ট্র্যাক্টর মিছিলের ঘোষণা করলেন তাঁরা।

# ৭০০ কোটির করফাঁকি দিয়েছে দৈনিক ভাস্কর: আয়কর বিভাগ

**নয়াদিল্লি, ২৫ জুলাই:** শুধু রাজনৈতিক অভিসন্ধি থেকে নয়। উপযুক্ত অভিযোগ পেয়েই হানা দেওয়া হয়েছিল দৈনিক ভাস্কর নামের হিন্দি সংবাদপত্রের অফিসে। অন্তত তেমনটাই দাবি করেছে আয়কর বিভাগ। তাঁদের দাবি, গত ছ'বছরে ৭০০ কোটি টাকা রোজগারের কর ফাঁকি দিয়েছে দৈনিক ভাস্কর কর্তৃপক্ষ। শুধু তাই নয়, তাঁদের বিরুদ্ধে আরও বেশ কিছু গরমিলের প্রমাণ পাওয়া গিয়েছে।

প্রসঙ্গত গত বৃহস্পতিবার বহুল প্রচারিত ওই হিন্দি দৈনিক সংবাদপত্রের অফিসে আয়কর হানার ঘটনায় রীতিমতো সরগরম হয়ে ওঠে দিল্লির রাজনীতি। আয়কর ফাঁকি দেওয়ার অভিযোগ তুলে সেদিন দৈনিক ভাস্করের অন্তত ৩০-৩৫টি ঠিকানায় হানা দিয়েছিলেন আয়কর দপ্তরের আধিকারিকরা। দিল্লির পাশাপাশি মধ্যপ্রদেশ, গুজরাত, রাজস্থান এবং মহারাষ্ট্রেও ভাস্করের বিভিন্ন অফিসে তল্লাশি চালানো হয়। বিরোধীদের অভিযোগ ছিল, এর পিছনে রাজনৈতিক অভিসন্ধি আছে। করোনার দ্বিতীয় ঢেউয়ের সময় বিজেপি সরকারের সমালোচনায় সরব হওয়ার জেরেই সরকারের রোষানলে পড়তে হয়েছে ভাস্করকে।

শনিবার আয়কর বিভাগ দাবি করে, রাজনৈতিক অভিসন্ধিতে আয়কর হানার যে অভিযোগ তোলা হয়েছিল তা ভুল। গত ছ'বছরে প্রায় ৭০০ কোটি টাকা রোজগারের কর বিভিন্ন




উপায়ে ফাঁকি দিয়ে এসেছে দৈনিক ভাস্কর। শুধু তাই নয়, স্টক মার্কেটের নিয়মে কারচুপি, অন্য সংস্থার মাধ্যমে লাভের অঙ্ক সরিয়ে ফেলার মতো তথ্যও প্রকাশ্যে এসেছে। আয়কর বিভাগের দাবি, দৈনিক ভাস্করের বেশ কিছু কর্মী আছেন, যাদের নামে ভুয়ো সংস্থা খুলে, সেই সংস্থাগুলির মাধ্যমে লাভের টাকা সরিয়ে ফেলা হত। অথচ, সেইসব কর্মীরা নিজেরাই স্বীকার করেছেন, এই ধরনের সংস্থার কথা তাঁরা জানেন না। আপাতত আন্দাজ করা হচ্ছে সব মিলিয়ে ৭০০ কোটির কর ফাঁকি দিয়েছে তাঁরা। তবে, সেই টাকার অঙ্ক আরও বাড়তে পারে।

**'বিয়েতে পণ নেবো না'**

# কেরলের সরকারি কর্মীদের মুচলেকা জমার নির্দেশ

**তিরুঅনন্তপুরম, ২৫ জুলাই:** কেরলে সরকারি কর্মীদের বিয়েতে পণ না নেওয়ার মুচলেকা দিতে নির্দেশ দিল সে রাজ্যের সরকার। বিয়ের এক মাসের মধ্যে সেই মুচলেকা জমা দিতে হবে নির্দিষ্ট দপ্তরে। মুচলেকায় সই করাতে হবে স্ত্রী, শ্বশুর ও বাবাকে। কেরল সরকারের নারী ও শিশু কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এই নতুন নির্দেশিকা জারি করা হয়েছে। দপ্তরের মন্ত্রী অনুপমা টিভি-র স্বাক্ষর করা নির্দেশিকায় বিভিন্ন দপ্তরের প্রধানদের নির্দেশ দেওয়া হয়েছে, অবিলম্বে যেন এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়।

সরকারের নির্দেশে বলা হয়েছে এপ্রিল ও অক্টোবর, বছরের এই দুই অর্ধে এই বিষয়ে রাজ্য সরকারের কাছে রিপোর্ট জমা করতে হবে নির্দিষ্ট দপ্তরগুলিকে। রিপোর্ট জমা দিতে হবে 'জেলার পণ-রোধী অধিকারিক'-এর দপ্তরে। নির্দেশিকায় আরও লেখা হয়েছে, 'পণ দেওয়া ও নেওয়া শাস্তিযোগ্য অপরাধ। যার শাস্তির সময়সীমা সর্বনিম্ন পাঁচ বছর, জরিমানা সবচেয়ে কম ১৫ হাজার টাকা বা পণের সমপরিমাণ। পাশাপাশি, কেউ পণ চাইলেই তা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে ধরা হবে। কেরলে সম্প্রতি পণপ্রথা রুখতে বিশেষ আইন এনেছে সে রাজ্যের সরকার। পণের ঘটনাকে কেন্দ্র করে একের পর এক নারী মৃত্যুর খবর আসার পরেই এই সিদ্ধান্ত নেয় কেরল সরকার। কয়েকদিন আগেই ঘোষণা করা হয়, পণপ্রথা বিরোধী দিবস হিসাবে ২৬ নভেম্বর দিনটিকে পালন করবে কেরল সরকার। বিভিন্ন স্কুল, কলেজে এই বিষয়ে সরকারি অনুষ্ঠানের মাধ্যমে সচেতন করা হবে পড়ুয়াদেরও।



# চিনের পূর্ব উপকূলে আছড়ে পড়ল ঘূর্ণিঝড় ইনফা

## বাতিল বহু উড়ান, বন্ধ ট্রেন চলাচল

**বেজিং, ২৫ জুলাই:** আশঙ্কা ছিলই। অবশেষে রবিবার চিনের পূর্ব উপকূলে আছড়ে পড়ল ঘূর্ণিঝড় ইনফা। গত কয়েকদিনের নজিরবিহীন প্রবল বৃষ্টিতে এমনিতেই চিনে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বিশেষত ঝেংঝাউ শহরের অবস্থায় শোচনীয়। এই পরিস্থিতিতে ঘূর্ণিঝড়ের প্রভাবে অতি ভারী বৃষ্টিপাতের আশঙ্কা করছেন আবহাওয়াবিদরা। চিনের সংবাদমাধ্যম সূত্রে জানা যাচ্ছে, ঝেঝিয়াং প্রদেশের ঝোউশান শহরে আছড়ে পড়েছে ঘূর্ণিঝড়টি। যদিও ঝড়ের শক্তি অনেকটাই ক্ষয় হয়ে গিয়েছে। তবুও শহরবাসীকে বাড়িতেই থাকতে আর্জি জানিয়েছে প্রশাসন। ঘূর্ণিঝড়টির প্রভাবে ২৫০-৩০০ মিলিমিটার বৃষ্টিপাত হবে বলে জানিয়েছে হাওয়া অফিস। তাইওয়ানে ইন-ফা ঘূর্ণিঝড়ের গতিবেগ ছিল ঘণ্টায় ১৫৫ কিমি। তবে ঝড়ের প্রকোপে কোনও হতাহতের কথা জানা যায়নি। এদিকে ঘূর্ণিঝনের আশঙ্কায় সাংহাইয়ের বিভিন্ন বিমানবন্দরে বহু



উড়ান বাতিল করে দেওয়া হয়েছে আগেই। সোমবারের বহু উড়ানও বাতিল হতে চলেছে বলে জানা গিয়েছে। বন্ধ ট্রেন চলাচলও। গত কয়েকদিন ধরেই ভয়াবহ বৃষ্টিতে বিপর্যস্ত চিন। সেদেশের হেনান প্রদেশ প্রায় পুরোপুরি জলমগ্ন হয়ে গিয়েছে। যার মধ্যে অন্যতম ওই প্রদেশের রাজধানী ঝেংঝাউ। চিনের ওই অঞ্চলে যে পরিমাণ বৃষ্টি হয়েছে, সেপ্রসঙ্গে আবহাওয়াবিদদের দাবি ১ হাজার বছরের মধ্যে এখানে এমন বৃষ্টি দেখা যায়নি। ফলে রাতারাতি সৃষ্টি হয়েছে বন্যা পরিস্থিতি। এর মধ্যে ঝেংঝাই শহরের অবস্থা সবচেয়ে শোচনীয়। কেবল এখানেই বৃষ্টি হয়েছে ৬১৭.১ মিলিমিটার। যেখানে বছরে ৬৪০.৮ মিলিমিটার বৃষ্টি হয়। স্বাভাবিক ভাবেই রাতারাতি এমন বিপর্যয়ে নাজেহাল সাধারণ মানুষ। সেখানে মৃতের সংখ্যা বেড়ে ৫৮ হয়ে গিয়েছে। ঘরছাড়া বহু মানুষ। বৃষ্টির প্রকোপের যে ভিডিও পাওয়া যাচ্ছে তা দেকে শিউরে উঠছে নেট দুনিয়া। প্রসঙ্গত, সম্প্রতি ইউরোপ থেকে শুরু করে ভারতের মহারাষ্ট্র- বিশ্বের সর্বত্রই এই ধরনের প্রবল বৃষ্টিপাতের ঘটনা ঘটছে। প্রাথমিক ভাবে জলবায়ুর পরিবর্তনকেই এর কারণ হিসেবে ধরছেন পরিবেশবিদরা।

# আফগান বায়ুসেনার এয়ারস্ট্রাইকে ৩৩ জন তালিবান জঙ্গির মৃত্যু

**কাবুল, ২৫ জুলাই:** তালিবানিদের পাল্টা জবাব দিল আফগান সেনাও। শনিবার আফগানিস্তান প্রতিরক্ষামন্ত্রকের তরফে জানানো হয়, আফগান বায়ুসেনার এয়ারস্ট্রাইকে ৩৩ জন তালিবান জঙ্গিকে নিকেশ করা হয়েছে। আহত হয়েছেন আরও ১৭ জন জঙ্গি। প্রতিরক্ষামন্ত্রকের তরফে জানানো হয়, জ্যজিয়ান অঞ্চলের শিবারঘানের বাইরে মুরঘাব ও হাসান তাবিন গ্রামে লুকিয়ে ছিল তালিবানিরা। আফগান বায়ুসেনা সেখানে শুক্রবার এয়ারস্ট্রাইক চালায়। ঘটনায় ১৯ জন তালিবান সন্ত্রাসবাদী মারা যায় এবং আহত হয় ১৫ জন। অন্যদিকে, হেলমন্দ প্রদেশে লস্কর গাহ-র বহির্ভাগেও বায়ুসেনার হামলায় ১৪ জন তালিবান জঙ্গি মারা যায়। আহত হয় দুইজন। তালিবানিদের তিনটি গাড়ি, ছ'টি বাইক, দুটি বাঙ্কার ও বহু অস্ত্রশস্ত্র ধ্বংস করে দেওয়া হয়েছে। অন্য দিকে, দেশে হিংসা ও তালিবানদের গতিবিধি নিয়ন্ত্রণ করতে জারি করা হয়েছে নৈশ কার্ফু। দেশের ৩১টি প্রদেশে রাত ১০টা থেকে ভোর ৪টে অবধি নৈশ কার্ফু জারি করা হয়েছে। বাদ দেওয়া হয়েছে কাবুল, পাঞ্জসির ও ননগরহরকে। মার্কিন সেনাবাহিনী প্রত্যাহারের পরই আফগানিস্তানে তালিবানদের সন্ত্রাসবাদী কার্যকলাপ বৃদ্ধি পেয়েছে। দেশের ৮৫



শতাংশ অংশই আপাতত তালিবানদের দখলে রয়েছে। ইদ আল-আধা উপলক্ষে বিগত কয়েকদিন ধরে সন্ত্রাসবাদী কার্যকলাপ কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও তালিবানদের হাত থেকে দেশকে মুক্ত করার চেষ্টা করছে আফগানিস্তান। আফগানিস্তানের সেনাবাহিনীর তরফে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টাতেই কমপক্ষে ২৬০ জন তালিবান জঙ্গিকে নিকেশ করা হয়েছে।

# ভারতীয় নাবিকদের প্রবেশ বন্ধ চিনে, কঠোর বিধি জারি জিনপিং সরকারের

**বেজিং, ২৫ জুলাই:** বেজিংয়ের কমার্শিয়াল জাহাজে কাজ করা নাবিক ও জাহাজকর্মীদের প্রবেশাধিকার বন্ধ করল চিন। এর ফলে ভয়ঙ্কর সংকটের মুখে পড়তে চলেছেন কয়েক হাজার কর্মী। চিনের তরফে 'বেসরকারি'ভাবে বলা হয়েছে ভারতীয় জাহাজের পাশাপাশি চিনা জাহাজে যদি কোনও ভারতীয় কর্মী থাকে তবে বন্দরেই প্রবেশ করতে পারবেন না তাঁরা। এমনই কঠোর বিধি জারি করল শি জিনপিং সরকার। এদিকে এই ঘটনা নিয়ে সরব হয়েছে অল ইন্ডিয়া সিফেরার ওয়াকার্স ইউনিয়ন। তাদের তরফে বন্দর, শিপিং এবং জল পরিবহন মন্ত্রী সর্বানন্দ সোনোওয়ালকে চিঠি দেওয়া হয়। যেখানে বলা হয়েছে এই বিষয়ে বিদেশ মন্ত্রকের হস্তক্ষেপ দাবি করছে তারা। চিনের এই আনঅফিসিয়াল 'নিষেধাজ্ঞায়' প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রায় ২১ হাজার কর্মীরা চাকরি খোয়াতে বসেছেন।

ইউনিয়নের প্রেসিডেন্ট অভিজিৎ সাংলে এক সংবাদমাধ্যমকে বলেন, এটি চিনের নয়া চাল আমাদের নাবিকদের ছেঁটে ফেলে নিজেদের আধিপত্য কায়েম করার। আমরা কেন্দ্রীয় মন্ত্রী এবং বিদেশ মন্ত্রককে চিঠি দিয়ে জানিয়েছি গোটা বিষয়টি। অবিলম্বে একটি ব্যবস্থা গ্রহণের জন্য বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে চিঠি দিয়ে হস্তক্ষেপের আবেদন করেছি। এও জানান হয় যে চলতি বছরের শুরুতেও একই সমস্যার সম্মুখীন হয়েছিল নাবিকেরা। ভারতীয় কর্মী থাকা দুটি বিদেশি জাহাজকে বন্দরে ভিড়তে বারণ করেছিল চিন। ফলে প্রায় ৪০ জন নাবিক আটকে পড়েছিলেন। যদিও চিনের তরফে সরকারিভাবে এই নিষেধাজ্ঞা নিয়ে কিছু জানান হয়নি। এদিকে বিদেশ মন্ত্রকে যোগাযোগ করা হলে ডিজি (শিপিং) অমিতাভ কুমার বলেন যে আমরা কোনও সরকারের তরফে অফিসিয়াল কোনও বিবৃতি পাইনি। অন্যদিকে মন্ত্রক জানায় তারা এমন কোনও চিঠি পায়নি।

ময়দান

Vol. 15, Issue No. 46, Kolkata, Monday, 26 July 2021

কলকাতা ২৬ জুলাই ২০২১

## টোকিও অলিম্পিক ২০২০

| | দেশ | সোনা | রুপো | ব্রোঞ্জ |
|---|---|---|---|---|
| ১ | চিন | ৬ | ১ | ৪ |
| ২ | জাপান | ৫ | ১ | ০ |
| ৩ | আমেরিকা | ৪ | ২ | ৪ |
| ৪ | দঃ কোরিয়া | ২ | ০ | ৩ |
| ২৪ | ভারত | ০ | ১ | ০ |

# ২৮ মিনিটেই দ্বিতীয় রাউন্ডে সিন্ধু



**টোকিও, ২৫ জুলাই:** গতবারের রুপোজয়ী যে এবারও কামাল দেখাবেন, তা যেন আশাই করেছিলেন ভারতীয় ক্রীড়াপ্রেমীরা। রবিবাসরীয় ভারতীয় সময় সাত সকালে সিন্ধুর দাপট দেখে ফের একবার পদকের স্বপ্ন দেখছে ব্যাডমিন্টন। প্রথম রাউন্ডে ইজরায়েলের পলিকারপোভাকে উড়িয়ে দিয়ে দ্বিতীয় রাউন্ডে প্রবেশ করলেন সিন্ধু। প্রতিপক্ষকে এদিন দাঁড়াতেই দেননি সিন্ধু।

এদিন শুরু থেকেই আক্রমণাত্মক মেজাজে ছিলেন সিন্ধু। প্রথম সেটে ২১-৭ ফলে প্রতিপক্ষকে উড়িয়ে দেন সিন্ধু। মাত্র ১৩ মিনিটেই পলিকারপোভাকে উড়িয়ে দেন সিন্ধু। দিনের শুরু দেখে বোঝা যায় দিনটা কেমন যাবে। সিন্ধুর মেজাজ দেখেই বোঝা গিয়েছিল, স্ট্রেট সেটেই ম্যাচ শেষ করতে মরিয়া হায়দরাবাদী শাটলার।

দ্বিতীয় সেটে কিছুটা লড়াই করেন ইজরায়েলের পলিকারপোভা। দ্বিতীয় সেট ২১-১০ ফলে জিতে নেন সিন্ধু। দ্বিতীয় সেটের লড়াই মাত্র ১৬ মিনিটেই শেষ করে ম্যাচ জিতে নেন সিন্ধু। আধঘন্টারও কম সময়ে ম্যাচ জিতে পরের রাউন্ডে সিন্ধু।

দ্বিতীয় রাউন্ডে সিন্ধুর প্রতিপক্ষ হংকংয়ের ইয়া ন্যান চিউইং। ব্যাডমিন্টন বিশেষজ্ঞদের আশা, দ্বিতীয় রাউন্ডের বাধা টপকাতেও বেশি ঘাম ঝরাতে হবে না হায়দরাবাদী শাটলারকে। এবার অলিম্পিকে নেই ক্যারোলিনা মারিন। চোটের জন্য বিশ্বের ১ নম্বর শাটলার ছিটকে যাওয়ায় পিভি সিন্ধু ফের অলিম্পিক পদক পেতে পারেন, মনে করছে ব্যাডমিন্টন মহল।

# ফিস ফ্রাইয়ে মজেছিলেন সলমন খানের ভক্ত চানু

**কলকাতা, ২৫ জুলাই:** তখনও করোনা শুরু হয়নি। ভারোত্তলনের বড় আসর কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে বসেছিল। যার সব লাইমলাইটটাই শুষে নিয়েছিলেন টোকিও অলিম্পিকে রুপোর পদকজয়ী মীরাবাঈ চানু। শুধু অনুশীলন, ম্যাচ বা হোটেলে বিশ্রাম নেওয়াই নয়, গত বছর কলকাতায় এসে কল্লোলিনী তিলোত্তমাকে নিজের মত করে চিনতে চেয়েছিলেন মীরাবাঈ।

২০২০ সালে ফেব্রুয়ারি মাস। শীত তখন যাই যাই করছে। কলকাতায় বসেছে ভারোত্তলনের জাতীয় আসর। হাজির মীরাবাঈ চানু। ততদিনে রিও অলিম্পিকের ব্যর্থতা ভুলে সাফল্যের উড়োজাহাজে চেপে এদেশ থেকে ওদেশে গিয়েছেন। জিতছেন একের পর এক পদক। কলকাতায় যখন গত বছর ফেব্রুয়ারিতে এসেছিলেন, তখন তিনি ভারতীয় ভারত্তোলনে সুপারস্টার। তবুও তার যে একেবারেই সেই তারকাসুলভ ব্যাপারই চিল না। বাংলার চারদিক। বিকেলের রোয়িং ক্লাবে তার জন্য ব্যবস্থা ছিল, ফিসফ্রাই আর ফ্রেস লাইম সোডা। ভেটকি মাছের ফিসফ্রাই। লোভ সামলানো যে বড় কঠিন। কঠোর ট্রেনিংয়ে থাকলেও সেদিন অবশ্য চানু চেখেই দেখে ফেললেন সেই ফিসফ্রাই।

তিনি বলিউড ফিল্মের পোকা। সলমন খানের অন্ধভক্ত। ভারোত্তলনের প্রতিযোগিতা বা অনুশীলন না থাকলেই, সলমনে ফিল্মে ডুবে যান মীরাবাঈ। জানিয়েছিলেন সে কথা।

সেদিনের কথা উঠতেই চন্দন রায়চৌধুরি ওল্টাচ্ছিলেন স্মৃতির পাতা। ওঁর সঙ্গে সেদিন কথা বলেই বুঝেছিলাম ও খুব সৎ ও সরল। আর ওর জীবনদর্শন তুলনাহীন। ও বলেছিল মেয়ে আর ছেলেদের মধ্যে পার্থক্য নেই। পুরুষদের থকেও তো বেশি কর্মঠ মহিলা। তাঁরা সন্তানের জন্ম দেন। সেটা কম লড়াই! এক নিঃশ্বাসে চন্দনবাবু বলছিলেন সেদিনের কথা। বঙ্গের পরিচিত এই ক্রীড়া কর্তা বলছিলেন, সেদিন ওর কথা শুনে আর খেলা নিয়ে ওর



চানুর সঙ্গে ক্রীড়া কর্তা চন্দন রায়চৌধুরি ও তাঁর মেয়ে চান্দ্রেয়ী

ভারোত্তলনের যিনি সভাপতি সেই চন্দন রায়চৌধুরি আবার বঙ্গ রোয়িংয়েরও কর্তা। তার সঙ্গে ফেব্রুয়ারির এক বিকেলে সটান হাজির ক্যালকাটা রোয়িং ক্লাবে। চোখের সামনে রবীন্দ্র সরোবর। চারদিকে সবুজ। চানু তো অবাক! কলকাতায় এমন প্রাকৃতিক মনোরম দৃশ্য আছে। ক্রীড়াকর্তা চন্দন রায়চৌধুরি চানুকে শুধালেন, করবে নাকি একবার রোয়িং? এক কথায় রাজি অলিম্পিকে রুপোজয়ী। ছবিও তুললেন রোয়িং করার সময়। মীরাবাঈ চানু তখন যেন একেবারে শিশুর মত। আনন্দে দেখছেন ফোকাস দেখেই মনে হয়েছিল, চানু অলিম্পিকে পদক পাবেই। আমি যথেষ্ট আত্মবিশ্বাসী ছিলাম।

শুধু চন্দনবাবুই নন, তাঁর মেয়ের সঙ্গেও চুটিয়ে গল্প করেছিলেন অলিম্পিকে রুপোজয়ী। চন্দনবাবুর মেয়ে চান্দ্রেয়ীকে তো জিজ্ঞাসাই করে ফেললেন চানু, তুমিও তো খেলাধূলায় থাকতে পারো?

চানুকে অলিম্পিক পদক পড়তে দেখে আবেগে ভাসছিলেন চন্দন রায়চৌধুরি। বললেন, আবার কলকাতায় আসুক চানু। ও যা খেতে চায়, খাওয়াবো। যেখানে যেতে চাইবে, নিয়ে যাব।

# শুধু পদকে নয়, দুলেও চমক দেখাচ্ছেন চানু


**টোকিও, ২৫ জুলাই:** অলিম্পিকে পদক জিতে সারা ভারতের মন কেড়ে নিয়েছেন। আর এবার দুলেও নজর কাড়ছেন অলিম্পিকে রুপোজয়ী ভারোত্তলক মীরাবাঈ চানু। শনিবার পোডিয়ামে পদক হাতে দাঁড়িয়ে থাকার সময় সবার নজরে আসে চানুর কানের দুলটি। ওংবি তোম্বি লেইমার মেয়ে মীরাবাঈ চানুকে উপহার। দুলটাও যে নজরকাড়া। অলিম্পিকের পাঁচ রিং য়ের আদলে বানানো হয় এই দুল। সেই অলিম্পিকে অবশ্য চানু ব্যর্থ হয়েছিলেন। তবে মায়ের দুল কখনই কান থেকে খুলে রাখেননি। মাঝের ৫ বছরে দীর্ঘ লড়াই।



অলিম্পিকের পাঁচটি রিংয়ের আদলে কানে সোনার দুল চানুর। আর এই দুলের পেছনে রয়েছে এক মামেয়ের আবেগের কাহিনী।

২০১৬ রিও অলিম্পিকের আগে নিজের গহনা বিক্রি করে ও সঞ্চিত টাকা খরচ করে মেয়ের জন্য বানিয়ে দেন কানের দুল। মেয়ে মীরাবাঈ প্রথমবার অলিম্পিকে যাচ্ছেন। যোগ্যতা অর্জনের পর সেটাই ছিল মা সাইকম অবশেষে অলিম্পিকে রুপো জয়ের পর উচ্ছ্বাসের মাঝেই সবার নজর কাড়ে মীরাবাঈয়ের এই দুল। আর অলিম্পিকের রিংয়ের আদলের এই দুলের গল্পের পেছনে যে এক অন্য আবেগের কাহিনী রয়েছে, তা প্রকাশিত হল এবার। মেয়ের সাফল্য দেখে আবেগ চেপে রাখতে পারেননি মা। সাইকম তোম্বি লেইমা জানান, এই মুহূর্ত বলে বোঝানো সত্যিই সম্ভব নয়।

## চানুর সাফল্যে অবদান মার্কিন ফিজিওর



**টোকিও, ২৫ জুলাই:** সবার কৃতিত্বের পিছনেই কারও না কারও অবদান থাকে। এই যেমন মীরাবাঈ চানু। তাঁর সাফল্যের পিছনে যেমন অবদান কোচ বিজয় শর্মার। তেমনই অবদান রয়েছে এক বিদেশিরও। তিনি স্ট্রেন্থ ও কন্ডিশনিং কোচ ডঃ অ্যারন হর্সচিগ।

চানুর এই সাফল্যে উচ্ছ্বসিত মার্কিন মুলুকের এই মানুষটিও। গতবছর কোভিডের কারণে বন্ধ ছিল খেলাধূলা। দীর্ঘদিন ধরে লকডাউন চলায় পর্যাপ্ত অনুশীলনও করতে পারেননি চানু। ঘরে অনুশীলন করলেও সেখানে ঠিকঠাক সরঞ্জাম ছিল না। লকডাউনের পর যার ফলে সমস্যাতেও পড়েন তিনি। সেই অর্থে প্র্যাকটিসের সুযোগই পাচ্ছিলেন না। কোমরের চোটেও ভুগছিলেন তিনি। সঙ্গে কাঁধের পেশিতেও চোট ছিল চানুর। এরপরই গত নভেম্বরে মীরাবাঈ ও তাঁর কোচ বিজয় শর্মা দ্বারস্থ হন ডঃ হর্সচিগের।

হর্সচিগও একসময় ভারোত্তোলক ছিলেন। পরে ফিজিওথেরাপিস্ট হয়ে যান। অনেক খেলোয়াড়দের সুস্থ করে তোলার পিছনে তাঁর অবদান অনস্বীকার্য। আমেরিকার ফুটবল লিগ, বেসবল লিগে খেলা অনেক খেলোয়াড়দেরই ট্রেনিং করিয়েছেন হর্সচিগ। চানুকেও সুস্থ করে তোলেন দক্ষতার সঙ্গে। হর্সচিগ বলেন, 'চানুর ডান দিকে কাঁধের পেশিতে মারাত্মক চোট ছিল। স্ন্যাচিংয়ে সমস্যা হচ্ছিল। কোমরেও বেশ গুরুতর চোট ছিল চানুর। ঠিক মতো অনুশীলনই করতে পারছিল না।' অল্প সময়ের ব্যবধানে চানুর চোট সারিয়ে তোলেন ডঃ অ্যারন হর্সচিগ। অলিম্পিকে খেলতে আসার আগেও অনুশীলনের জন্য বেশি সময় পাননি মীরাবাঈ। তবে টোকিও পৌঁছানোর পর বিশেষ অনুশীলনেই মেলে সাফল্য।

## দুরন্ত প্রত্যাবর্তনে মনিকা ম্যাজিক

**টোকিও, ২৫ জুলাই:** সাত সকালে পিভি সিন্ধুর মাত্র ২৯ মিনিটে দাপুটে জয়। আর রবিবার ভারতীয় সময় ভরদুপুরে টোকিওতে ২ বার পিছিয়ে পড়ে কামব্যাক করে নজর কাড়লেন মনিকা বাত্রা। মহিলাদের টেবল টেনিসের দ্বিতীয় রাউন্ডে ইউক্রেনের পেসোৎস্কাকে দুরন্ত লড়াইয়ে হারিয়ে তৃতীয় রাউন্ডে পৌঁছলেন ভারতীয় প্যাডলার। প্রথম ভারতীয় মহিলা হিসেবে অলিম্পিকের তৃতীয় রাউন্ডে পৌঁছলেন মনিকা।

প্রথম দুটি রাউন্ডে প্রতিপক্ষ পেসোৎস্কার বিরুদ্ধে মাথা তুলে দাঁড়াতে পারেননি ভারতের প্যাডলার। প্রথম দুই রাউন্ডে ৪-১১, ৪-১১ ফলে পিছিয়ে পড়েন মনিকা। এরপর পরপর দুটো সেটে জিতে দুরন্ত কামব্যাক করেন মনিকা। তৃতীয় সেটে ১১-৭ ফলে জয়। আর চতুর্থ সেটে সেয়ানে সেয়ানে লড়াই করে ১২-১০ ফলে জয়।

পঞ্চম সেটে আবার হার। ৮-১১ ফলে হার মনিকার। ৩-২ ফলে আবার পিছিয়ে পড়ে ভারতীয় প্যাডলার। ষষ্ঠ ও সপ্তম সেটে দুরন্ত কামব্যাক করেন মনিকা বাত্রা। ১১-৫, ১১-৭ ফলে পরপর দুটো সেট জিতে তৃতীয় রাউন্ডে পৌঁছলেন মনিকা বাত্রা।

ভারতীয় টেবল টেনিসে তিনিই এখন ১ নম্বর প্যাডলার মনিকা। দেশে হোক বা বিদেশে বারবার নজর কেড়েছেন মনিকা। পৌলমীমৌমাদের পর ভারতীয় টেবল টেনিসকে এগিয়ে নিয়ে যাচ্ছেন এই



মনিকাই। আর প্রথম ভারতীয় মহিলা হিসেবে তৃতীয় রাউন্ডে পৌঁছানোর পর এবার পদক কি হবে? সামনে আরও দুটি রাউন্ড রয়েছে। তৃতীয় রাউন্ড ও কোয়ার্টার ফাইনাল। দুটো বাধা টপকানোই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ মনিকার। তৃতীয় রাউন্ডে মনিকার প্রতিপক্ষ সাফিয়া পলক্যানোভা।

## রবিবাসরীয় টোকিওতে নারীশক্তির জয়

**টোকিও, ২৫ জুলাই:** টোকিওতে ভারতীয় নারী শক্তির দিকে নজর ছিল। কারণ এদিন লড়াইয়ে পিভি সিন্ধু, সানিয়া ও মেরি কমের মত তারকারা নেমেছিলেন অলিম্পিকের লড়াইয়ে। নজর ছিল বাংলার মেয়ে প্রণতি নায়েকের দিকেও। তবে জিমন্যাস্টিক্সে ফাইনাল রাউন্ডে উঠতে ব্যর্থ হলেন প্রণতি। সাঁতারে হতাশ করেছেন শ্রীহরি নটরাজ ও মানা প্যাটেল। ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টের ফাইনালে উঠতে ব্যর্থ হয়েছেন মনু ভাকের ও যশস্বিনী সিং দেশওয়াল। টেনিসের প্রথম ম্যাচে সকলকে অবাক করে হেরে গেলেন সানিয়া অঙ্কিতা জুটি। রোয়িংয়ের লাইটওয়েট ডাবলস স্কালস রেপেচাজে অর্জুন লাল ও অরবিন্দ সিং সেমিফাইনালে জায়গা করে নিয়েছেন।

মানা প্যাটেলের পর ছেলেদের ১০০ মিটার ব্যাকস্ট্রোকের সেমিফাইনালের যোগ্যতা অর্জনে ব্যর্থ ভারতীয় সাঁতারু শ্রীহরি নটরাজ। ২৭ নম্বরে শেষ করলেন তিনি। যদিও হিট৩ এ তিনি ৫৪.৩১ সেকেন্ড সময় নিয়ে পঞ্চম স্থান অর্জন করেছিলেন। কিন্তু সেমিফাইনালে যোগ্যতা অর্জন করতে পারলেন না তিনি। রবিবার টোকিও অলিম্পিকের দ্বিতীয় পুল এ ম্যাচে ভারতীয় পুরুষ হকি দলের হার। হকির এক নম্বর দল অস্ট্রেলিয়া ১-৭ গোলে মনপ্রীতদের উড়িয়ে দিয়েছে। অস্ট্রেলিয়া শুরু থেকেই প্রভাবশালী ছিল। অজিদের হয়ে গোল করেছেন ড্যানিয়েল বিলে (১০ মিনিট), জেরেমি হ্যাওয়ার্ড (২১ মিনিট), অ্যান্ড্রু ফ্লিন ওগিলভি (২৩মিনিটে), জোশুয়া বেল্টজ (২৬মিনিটে), ব্লাক গভার্স (৪০ মিনিট, ৪২ মিনিট) এবং টিম ব্রান্ড (৫১ মিনিট)। ৩৪ মিনিটে দিলপ্রীত সিংয় ভারতের হয়ে এক মাত্র গোলটি করেন।

# ধোনি-রোহিতের যুদ্ধ দিয়েই শুরু আইপিএল!

**মুম্বই, ২৫ জুলাই:** আইপিএলের শুরুতেই ধোনি বনাম রোহিত! সিএসকে বনাম মুম্বই ইন্ডিয়ান্সের মেগা লড়াই দিয়েই আইপিএলের দ্বিতীয় পর্বের শুভ সূচনা ঘটবে। ১৯ সেপ্টেম্বর থেকে আইপিএল শুরু দুবাইয়ে, সেটাও জানিয়ে দেওয়া হয়। তবে বাকি টুর্নামেন্টের সূচি এখনো সরকারিভাবে ঘোষণা করেনি বোর্ড।

বোর্ডের সূত্র জানিয়ে দিয়েছে সিএসকে বনাম মুম্বই হেভিওয়েট ম্যাচ দিয়েই আইপিএলের বাকি পর্বের আসর বসবে। বাকি রয়েছে ৩১টি ম্যাচ। বাকি ম্যাচ খেলা হবে তিনটে ভেন্যু দুবাই, আবু ধাবি এবং শারজায়। অক্টোবরের ১৫ তারিখে ফাইনাল হবে দুবাইয়েই। এছাড়াও ১০ অক্টোবর প্রথম কোয়ালিফায়ারের ম্যাচও হবে দুবাইয়ে। দ্বিতীয় কোয়ালিফায়ার এবং এলিমিনেটরের ম্যাচ হবে শারজায় যথাক্রমে অক্টোবরের ১১ এবং ১৩ তারিখে। টুর্নামেন্টের প্রথম পর্বে মুম্বই ইন্ডিয়ান্স এবং সিএসকে মুখোমুখি হয়েছিল ১ মে। সেই ম্যাচে কায়রণ পোলার্ডের ৩৪ বলে ৮৭ রানের ইনিংসে ভর করে মুম্বই ২১৯ রানের টার্গেট তুলে দিয়েছিল। ৮ ম্যাচে ৬ জয় সমেত আইপিএলের পয়েন্ট টেবিলের শীর্ষে এখন দিল্লি ক্যাপিটালস। তারপরে রয়েছে যথাক্রমে সিএসকে, আরসিবি, মুম্বই ইন্ডিয়ান্স, রাজস্থান রয়্যালস, পাঞ্জাব কিংস, কেকেআর এবং সানরাইজার্স হায়দরাবাদ। ইংল্যান্ডে ভারতের টেস্ট সিরিজ সমাপ্ত হচ্ছে ১৪ সেপ্টেম্বর। সেখান থেকেই আমিরশাহির উড়ানে চাপবেন ক্রিকেটাররা। আন্তর্জাতিক সূচির জন্য একাধিক তারকা ক্রিকেটারকে দ্বিতীয় পর্বে পাওয়া যাবে না। ইসিবি আগেই জানিয়ে দিয়েছে, অন্তর্জাতিক সূচিকে উপেক্ষা করে ক্রিকেটারদের কোনোভাবেই আইপিএলে খেলতে দেওয়ার অনুমতি দেওয়া হবে না। কেকেআরের তারকা পেসার প্যাট কামিন্সও জানিয়ে দিয়েছেন তিনি খেলবেন না।

টুর্নামেন্ট মাঝপথে বন্ধ করে দেওয়ায় সম্প্রচার এবং স্পনসর বাবদ মোট ২০০০ কোটি টাকা ক্ষতি হয়েছে বোর্ডের। আমিরশাহিতে সেই ক্ষতির ধাক্কা সামলাতে পারবে বোর্ড, সেটাই দেখার।

# ভুবনেশ্বরকে নেওয়া হবে না টেস্টে!

**মুম্বই, ২৫ জুলাই:** ২০১৮ সাল থেকেই জাতীয় দলের হয়ে টেস্ট খেলতে দেখা যায়নি ভুবনেশ্বর কুমারকে। জানুয়ারির ১৮য় শেষবার যখন ভুবনেশ্বর কুমার টেস্টে খেলেছিলেন দক্ষিণ আফ্রিকার বিপক্ষে, সেই টেস্টে ম্যাচ সেরা হয়েছিলেন তিনিই। তবে তারপর থেকেই ভুবনেশ্বর কুমার আর টেস্টে নামেননি।

ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপ এবং ইংল্যান্ডের বিপক্ষে পাঁচ টেস্টের সিরিজের জন্য যখন ভারতীয় স্কোয়াড ঘোষণা করা হয়, তখন ক্রিকেট মহল কিছুটা অবাকই হয়ে যায়, সাউদাম্পটনের পেস সহায়ক পরিবেশে কীভাবে ভুবনেশ্বরকে বাইরে রাখা হল। ক্রিকেট মহলের একাংশের ব্যাখ্যা হল, ভুবনেশ্বর কুমার চোটপ্রবণ। তাছাড়া তিনি নাকি টেস্টে খেলতেও উৎসাহী নন।

এমন আবহেই ফের একবার ভুবনেশ্বর কুমারকে জাতীয় টেস্ট



দলে নেওয়ার সম্ভাবনা তীব্র হয়েছিল ইংল্যান্ড সফররত ভারতীয় দলে আবেশ খান চোট পেয়ে ছিটকে যাওয়ায়। তবে বোর্ডের এক কর্তা জানিয়ে দিলেন, টেস্টে এখনই তাড়াহুড়ো করে ভুবনেশ্বরকে ঢোকানো হবে না। অন্ততপক্ষে, টি২০ বিশ্বকাপ পর্যন্ত তো নয়ই! বোর্ডের এক কর্তা জানিয়েছেন, বোর্ডের সঙ্গে ভুবনেশ্বরের কথা হয়েছে। এটা ঠিক হয়েছে, টি২০ বিশ্বকাপ পর্যন্ত ওঁকে টেস্টে খেলা নিয়ে জোরাজুরি করা হবে না। ওঁকে আগে তিন চারটে প্রথম শ্রেণির ম্যাচ খেলতে হবে। লাল বলের ক্রিকেটে ও তিন বছর খেলেনি। হঠাৎ করে টেস্টে নেমে পড়লে সমস্যা হতে পারে।

বর্তমানে জাতীয় দলের সঙ্গে শ্রীলঙ্কায় সীমিত ওভারের সিরিজ খেলতে ব্যস্ত তিনি। শিখর ধাওয়ান ক্যাপ্টেন হওয়ায় তাঁকে ভাইস ক্যাপ্টেন করা হয়েছে। প্রথম দুই ম্যাচে তিনি খেলেন। শেষ ম্যাচে ভুবনেশ্বরকে বিশ্রামে রাখা হয়। দুই ম্যাচে ভুবনেশ্বর ৩টে উইকেট নিয়েছেন। তাছাড়া দ্বিতীয় ওয়ানডেতে ২৭২ রান তাড়া করে দীপক চাহারের দুরন্ত চেজের সময় যোগ্য সহায়তা করেন তিনি। ৮৪ রানের পার্টনারশিপে তিনি অপরাজিত থাকেন ১৯ রানে।

# কোচের সঙ্গে কি অলিম্পিকে ছবি তুলতে গিয়েছেন প্রণতি!

**টোকিও, ২৫ জুলাই:** অলিম্পিকে যাওয়ার আগে বিমানবন্দরেই ফটো সেশন চালু হয়েছিল। সমবয়সী কোচ এবং জিমন্যাস্ট মাস্কের আড়ালে হাসি হাসি মুখ করে দাঁড়িয়েছিলেন। আর টোকিওতে পৌঁছনোর পর তো ঘন্টায় ঘন্টায় সোশ্যাল মিডিয়ায় ছবি আপলোডের হিড়িক চলছিল। এই ফটো সেশন, আদ্যোপান্ত সিরিয়াস না হতে পারাই কি অলিম্পিকের হাইওয়েতে পৌঁছনোর পর সপাটে ছিটকে দিল বাংলার প্রণতি নায়েককে। রবিবার ভারতীয় জিমন্যাস্ট মহলের সমবেত প্রশ্ন এখন কার্যত এটাই।

অলিম্পিকে যোগ্যতা অর্জন করার পর থেকেই নাটক শুরু হয়েছিল। প্রণতিকে ১৭ বছর ধরে যিনি নিজের হাতে গড়ে তুললেন, সেই মিনারা বেগমকে অলিম্পিকের আগে বিনা শব্দে জানিয়ে দেওয়া হল, আপনি অলিম্পিকে স্বাগত নন! সেখানেই বোধহয় প্রণতির অলিম্পিক ব্যর্থতা লিখে দেওয়া হয়ে যায়! পিংলার মেয়ের সঙ্গে জুড়ে দেওয়া হয় সাইয়ের ২৭ বছরের অনভিজ্ঞ কোচ লখন মনোহর শর্মাকে। কানা ঘুষোয় শোনা গিয়েছিল, লখন নাকি জেলা স্তরের জিমন্যাস্টও ছিলেন না! প্রভাব খাটিয়ে লখন সাইয়ের কোচ হওয়ার পরই সরিয়ে দেওয়া হয় অভিজ্ঞ মিনারাকে।


যে রাজনীতির শিকার ভারতীয় জিমন্যাস্ট তারই বার্তা দিয়ে গেল যেন টোকিওর রোববারের সকাল। অল রাউন্ড আর্টিস্টিক জিমন্যাস্ট কম্পিটিশনে মূলপর্বেই উঠতে ব্যর্থ হলেন বাংলার প্রণতি। এরিয়াকে জিমন্যাস্টিক সেন্টারে ফ্লোর এক্সারসাইজ, ভল্ট, আনইভেন বারস, ব্যালান্স বিম বিভাগে টোটাল স্কোর করলেন ৪২.৫৬৫। সেরা আট তো বটেই প্রণতি ফিনিশ করলেন ২৯ নম্বরে।

তারপরেই জিমন্যাস্ট মহলে কানাঘুষো শুরু হয়ে যায়, সঠিক প্রস্তুতি তো বটেই মানসিকভাবে গাইডেন্স না পেয়েই কি অলিম্পিকে পদকের রাস্তা হারিয়ে ফেললেন তিনি!

সেদিকেই ইঙ্গিত দিয়ে জাতীয় স্তরের প্রাক্তন আন্তর্জাতিক এক জিমন্যাস্ট জানিয়েছেন, প্রণতির ব্যর্থতা প্রত্যাশিতই ছিল। ওঁকে দেখে কখনোই মনে হয়নি ও অলিম্পিকে পদক আনার লক্ষ্য নিয়ে গিয়েছে। কোচের সঙ্গে হাসি মুখে ছবি তুলছে। টোকিওয় গেমস ভিলেজের ছবি পোস্ট করছে। খেলার প্রতি নূন্যতম সিরিয়াসনেসও ছিল না ওঁর।

অলিম্পিকের উড়ানের আগেই প্রণতি স্বীকার করে নিয়েছিলেন পর্যাপ্ত অনুশীলনের সময় পাননি তিনি। হারার আগেই কি হার মেনে নিয়েছিলেন পিংলার জিমন্যাস্ট? প্রিয় ছাত্রী হারতেই টিভির সামনে কান্নায় ভেঙে পড়েছিলেন ব্রাত্য হয়ে যাওয়া কোচ মিনারা বেগম। শেষ মিনারা জানিয়েছেন, গত দুমাসে আমি চলে আসার পরে ওর যে প্রস্তুতি কিছুই হয়নি। তা একদম পরিষ্কার এদিনের পর। আমার কোচিংয়ে ও যথেষ্ট সিরিয়াস হয়েই ম্যাটে নামত। তবে অলিম্পিকের মত মঞ্চে ভুল টার্ন নেওয়ার পরেও হাসছে। আমি অবাক হয়ে গিয়েছি। ও কী তাহলে অলিম্পিকের জন্য যথেষ্ট সিরিয়াস ছিল না।

এত ছবি তোলার বহরের প্রসঙ্গ আসতেই সাইয়ের দীর্ঘদিনের কোচ



দিকে যতই দূরে সরিয়ে দেওয়া হোক, ছাত্রী তো তাঁরই। কান্না ভেজা গলাতেই অভিমানের বাষ্প চেপে মিনারা বলছিলেন, একজন অ্যাথলিটকে মোটিভেট করাও কোচের কাজ। অনেক সময় বড় প্রতিদ্বন্দ্বিতায় নামার আগে বহু এথলিট আত্মবিশ্বাসের অভাবে ভোগে। সেই সময়ে একজন কোচই তাঁকে মানসিকভাবে শক্তি জোগাতে পারেন। জানি না প্রণতিকে লখন কতটা মোটিভেট করেছে।

অবাক হয়ে গিয়েছেন, দুটো ভল্টও সম্পন্ন না করায়। বিস্মিত হয়ে মিনারা দীপা কর্মকারকে টেনে এনে বলছেন, দীপার কোচ বিশ্বেশ্বর নন্দী আমার মতই। শৃঙ্খলার সঙ্গে আপস করেন না। টুর্নামেন্টে গিয়ে দীপা কোনওদিন ফোন ব্যবহার করেছে আমরা আজ পর্যন্ত দেখিনি। এই শৃঙ্খলাই পছন্দ হচ্ছিল না প্রণতির। নাহলে এতটা ক্যাজুয়াল অলিম্পিকে মঞ্চে কীভাবে হতে পারে ও!

২৭ বছরের কোচ লখন আর ২৬ বছরের ছাত্রী প্রণতি। অনভিজ্ঞতা, রাজনীতি র গোলকধাঁধাতেই হয়ত হারিয়ে গেল ভারতের এক সম্ভাব্য পদক।

Printed and published for **Narsingha Broadcasting Pvt. Ltd.** by **Krishnanand Singh** from 16A, Brabourne Road, 4th floor, Kolkata 700 001 and Printed at LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১৬এ, ব্র্যাবোর্ন রোড, ৪র্থ তল, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩,

ইমেল dailyekdin@gmail.com

**Editor: Santosh Kumar Singh**

**সম্পাদক- সন্তোষ কুমার সিং**